# সংবিধান সংস্কার কমিশনের প্রতিবেদন

**১৫ জানুয়ারি, ২০২৫**

## দ্বিতীয় খণ্ড

## সংবিধান সংস্কার কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ৭ অক্টোবর, ২০২৪ তারিখে গঠিত
প্রজ্ঞাপন এস.আর.ও. নম্বর ৩৩৪-আইন/২০২৪, তারিখ: ২১ আশ্বিন, ১৪৩১/০৬ অক্টোবর, ২০২৪।

## সংবিধান সংস্কার কমিশন

ব্লক ১, এমপি হোস্টেল,
জাতীয় সংসদ ভবন এলাকা, শেরে-বাংলা নগর, ঢাকা।

সাচিবিক সহযোগিতায়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

প্রচ্ছদে ব্যবহৃত আলোকচিত্র: নাঈমুর রহমান, দ্য ডেইলি স্টারের সৌজন্যে

## সংবিধান সংস্কার কমিশন

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| অধ্যাপক আলী রীয়াজ | কমিশন প্রধান | |
| অধ্যাপক সুমাইয়া খায়ের | সদস্য | |
| জনাব ইমরান সিদ্দিক, বার-এট-ল | সদস্য | |
| অধ্যাপক মুহাম্মদ ইকরামুল হক | সদস্য | |
| ড. শরীফ ভূঁইয়া, সিনিয়র এডভোকেট | সদস্য | |
| জনাব এম মঈন আলম ফিরোজী, বার-এট-ল | সদস্য | |
| জনাব ফিরোজ আহমেদ | সদস্য | |
| জনাব মোঃ মুসতাইন বিল্লাহ | সদস্য | |
| জনাব মোঃ মাহফুজ আলম - শিক্ষার্থী প্রতিনিধি | সদস্য | (৭ অক্টোবর, ২০২৪ - ১০ নভেম্বর, ২০২৪) |
| জনাব ছালেহ উদ্দিন সিফাত - শিক্ষার্থী প্রতিনিধি | সদস্য | (৯ ডিসেম্বর, ২০২৪ - )। |

# সূচিপত্র


| | |
|---|---|
| **দ্বিতীয় খণ্ড (পৃথকভাবে সংকলিত)** | |
| ভূমিকা ও পর্যবেক্ষণ | ১ |
| পরিশিষ্ট | |
| পরিশিষ্ট ১৩ - ১২১ দেশের সংবিধানের পর্যালোচনার ফল | ৫ |
| পরিশিষ্ট ১৪ - ওয়েবসাইটে প্রাপ্ত মতামত | ১৪ |
| অনলাইন পিডিএফ থেকে প্রাপ্ত জনগণের মতামত | ৫৬ |
| পরিশিষ্ট ১৫ - জরিপের ফলাফল | ৭১ |

# ভূমিকা ও পর্যবেক্ষণ

ষোলো বছরের বেশি সময় ধরে চেপে বসা ফ্যাসিবাদী শাসনের জাঁতাকলে পিষ্ট বাংলাদেশের জনগণ ২০২৪ সালের জুলাই মাসে এক অভাবনীয় ও অভূতপূর্ব গণঅভ্যুত্থানের সূচনা করেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে সারা দেশের মানুষ পথে নেমে আসেন এবং সব ধরনের নিপীড়ন-নির্যাতনকে উপেক্ষা করে ও সরকারি আইনশৃঙ্খলা বাহিনী এবং ক্ষমতাসীন আওয়ামী লীগের পেটোয়া বাহিনীকে প্রতিরোধ করে আন্দোলন অব্যাহত রাখেন। জুলাইয়ের মাঝামাঝি আন্দোলন গণঅভ্যুত্থানে রূপ নেয় এবং অভ্যুত্থানের চূড়ান্ত পর্যায়ে ৩ আগস্ট জাতীয় শহীদ মিনারে আন্দোলনের নেতারা শেখ হাসিনার পদত্যাগ ও বিচার দাবি করেন, অসহযোগ আন্দোলনের সূচনার ঘোষণা দেন, অন্তর্বর্তী জাতীয় সরকার প্রতিষ্ঠার আহ্বান জানান এবং নতুন রাজনৈতিক বন্দোবস্ত প্রতিষ্ঠার লক্ষ্য ঘোষণা করেন। এই সব দাবির প্রতি অকুণ্ঠ সমর্থন জানিয়ে সারা দেশের মানুষ 'মার্চ টু ঢাকা'য় শামিল হন। জনগণের সম্মিলিত প্রতিরোধের মুখে ৩৬ জুলাই (৫ আগস্ট) শেখ হাসিনা পালিয়ে ভারতে আশ্রয় নেন, তাঁর স্বৈরশাসনের অবসান ঘটে। ৮ আগস্ট নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠন করা হয়।

৩৬ দিনের এই আন্দোলনে শহীদ হন প্রায় এক হাজার মানুষ এবং আহত হন কমপক্ষে পনেরো হাজার মানুষ। এই গণঅভ্যুত্থানে দল-মতনির্বিশেষে মানুষের অংশগ্রহণের পটভূমি ছিল হাসিনা সরকারের নির্বিচার হত্যা, গুম, খুন ও লুটপাটের বিরুদ্ধে এক দশকেরও বেশি সময়ে বিভিন্ন সময়ে গড়ে ওঠা আন্দোলন-সংগ্রাম। ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে সাজানো নির্বাচনের মাধ্যমে দেশের মানুষের ভোটাধিকার লুণ্ঠন করা হয়, রাষ্ট্রকে ব্যক্তির অনুগত পারিবারিক সম্পদের মতো ব্যবহার করা হয়, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহকে ধ্বংস করে দেওয়া হয়, উন্নয়নের মিথ্যাচার করে একধরনের ক্লেপ্টোক্রেসি বা চোরতন্ত্র প্রতিষ্ঠা করা হয়, দেশকে ঋণভারে জর্জরিত করা হয় এবং দেশের মানুষের অর্থ বিদেশে পাচার করে দেওয়া হয়। সর্বোপরি জবাবদিহিহীন এককেন্দ্রীকৃত ব্যক্তিতান্ত্রিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করা হয়।

এই প্রেক্ষাপটে ১১ সেপ্টেম্বর ২০২৪, প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস জাতির উদ্দেশে দেওয়া এক ভাষণে সংবিধান সংস্কার কমিশনসহ মোট ছয়টি সংস্কার কমিশন গঠনের কথা ঘোষণা করেন। জনপ্রতিনিধিত্বশীল ও কার্যকর গণতন্ত্র প্রতিষ্ঠা ও জনগণের ক্ষমতায়নের উদ্দেশ্যে দেশের বিদ্যমান সংবিধান পর্যালোচনা ও মূল্যায়ন করে সংবিধান সংস্কারের লক্ষ্যে ৭ অক্টোবর ২০২৪ এক প্রজ্ঞাপনের মাধ্যমে সংবিধান সংস্কার কমিশন গঠন করা হয়। ৭ অক্টোবরের প্রজ্ঞাপনে কমিশনের অন্য সদস্যদের নাম ঘোষণা করা হয়। কমিশনের সদস্যরা হচ্ছেন—রাষ্ট্রবিজ্ঞানী ও যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির রাজনীতি ও সরকার বিভাগের ডিস্টিংগুইশড অধ্যাপক আলী রীয়াজ (কমিশনপ্রধান), ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক অধ্যাপক সুমাইয়া খায়ের, ব্যারিস্টার ইমরান সিদ্দিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক অধ্যাপক মুহাম্মদ ইকরামুল হক, সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট ড. শরীফ ভূঁইয়া, ব্যারিস্টার এম মঈন আলম ফিরোজী, লেখক ফিরোজ আহমেদ, লেখক ও মানবাধিকারকর্মী মো. মুসতাইন বিল্লাহ এবং শিক্ষার্থী প্রতিনিধি মো. মাহফুজ আলম। মো. মাহফুজ আলম ১০ নভেম্বর ২০২৪ উপদেষ্টা হিসেবে নিযুক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে ৯ ডিসেম্বর থেকে তাঁর স্থলাভিষিক্ত হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী ছালেহ উদ্দিন সিফাত।

কমিশন ১৩ অক্টোবর ২০২৪ একটি ভার্চুয়াল সভার মাধ্যমে তার কাজ শুরু করে এবং ১৪ জানুয়ারি ২০২৫ পর্যন্ত দায়িত্ব পালনের মাধ্যমে এই প্রতিবেদন প্রস্তুত করেছে। এই প্রতিবেদন পাঁচ খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডে মূল প্রতিবেদন তিন অধ্যায়ে সন্নিবেশিত হয়েছে; এগুলো হচ্ছে বিদ্যমান সংবিধানের পর্যালোচনা, সুপারিশসমূহ এবং সুপারিশের যৌক্তিকতা। কমিশন সংবিধানের সেই সব বিষয় এবং অনুচ্ছেদের ব্যাপারে তাঁদের সুপারিশ উপস্থাপন করেছে, যেগুলো কমিশনের ওপর অর্পিত দায়িত্ব এবং কমিশনের লক্ষ্যসমূহের সঙ্গে সংশ্লিষ্ট এবং সংস্কার করা প্রয়োজন বলে মনে করেছে। প্রতিবেদনের অন্যান্য চারটি খণ্ডে সংযোজনী হিসেবে কমিশনের সংগৃহীত তথ্যাদি, কমিশনের অনুরোধে দেওয়া রাজনৈতিক দলগুলোর প্রস্তাব এবং তার সারাংশ, অংশীজনদের দেওয়া লিখিত মতামতের সারাংশ এবং কমিশনের আহ্বানে মতবিনিময় সভায় উপস্থিত হয়ে দেওয়া বক্তব্যের রেকর্ডকৃত বক্তব্যের অনুলিখন সংযুক্ত করা হয়েছে।

## সংবিধান সংস্কার সুপারিশের পরিধি এবং লক্ষ্য

৭ অক্টোবরের প্রজ্ঞাপনের আলোকে কমিশন তার ওপরে অর্পিত দায়িত্বকে দুইভাগে ভাগ করে। এর প্রথমটি হচ্ছে বর্তমান সংবিধানের পর্যালোচনা ও মূল্যায়ন করা এবং দ্বিতীয়টি হচ্ছে সংবিধানকে গণতান্ত্রিক করে তুলে দেশ পরিচালনায় জনগণের অংশীদারত্ব প্রতিষ্ঠার

লক্ষ্যে সংবিধানের সংস্কারবিষয়ক সুনির্দিষ্ট সুপারিশ তৈরি করা। এই লক্ষ্যে কমিশন মোট ৬৪টি সভা করে, যার মধ্যে ২৩টি সভায় অংশীজনদের সঙ্গে মতবিনিময় করা হয়।

২৬ অক্টোবর অনুষ্ঠিত কমিশনের ৫ম সভায় আলাপ-আলোচনার ভিত্তিতে ঐকমত্যের মাধ্যমে সংস্কারের পরিধি এবং সংস্কারের উদ্দেশ্য নির্ধারণ করা হয় । গৃহীত প্রস্তাবে বলা হয় যে, "সংস্কার'–এর অন্তর্ভুক্ত হবে বর্তমান সংবিধান পর্যালোচনাসহ জন-আকাঙ্ক্ষার প্রতিফলনের লক্ষ্যে সংবিধানের সামগ্রিক সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পুনর্বিন্যাস এবং পুনর্লিখন।"

সংস্কারের পরিধিতে সম্ভাব্য সকল ধরনের সংস্কারের সুযোগ রাখা হয় এই বিবেচনায় যে ইতিমধ্যে নাগরিকদের ভেতরে বাংলাদেশের জনগণের অভিপ্রায়ের অভিব্যক্তি হিসেবে সংবিধানকে দেখতে এবং ভবিষ্যতে বাংলাদেশে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠার মাধ্যমে ফ্যাসিবাদের উত্থানরোধের উপায় হিসেবে বিভিন্ন ধরনের প্রস্তাব উত্থাপিত হতে শুরু করে। জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের নেতৃত্বদানকারী 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' এবং তাদের সহযোগী সংগঠন জাতীয় নাগরিক কমিটির পক্ষ থেকে সংবিধান পুনর্লিখনের বা নতুন সংবিধান প্রণয়নের আকাঙ্ক্ষা প্রকাশ করা হয়, যার প্রতি সমাজের বিভিন্ন অংশের সমর্থনও প্রতিভাত হয়; গত প্রায় এক দশক ধরে যেসব সামাজিক-রাজনৈতিক শক্তি ও চিন্তাবিদ ফ্যাসিবাদী শক্তির উত্থানের কারণ হিসেবে সাংবিধানিক ব্যবস্থার কথা বলে আসছিলেন, তাঁরাও বড় ধরনের পরিবর্তন ও পরিমার্জনার তাগিদ দেন। অন্যদিকে কিছু রাজনৈতিক ও সামাজিক সংগঠন এবং ব্যক্তি এই মর্মে অবস্থান গ্রহণ করেন যে, বিরাজমান সংবিধানের কতিপয় অনুচ্ছেদের সংশোধনের মাধ্যমেই সংবিধানের অন্তর্নিহিত বৈষম্যমূলক ব্যবস্থা এবং ক্ষমতাকাঠামোয় অগণতান্ত্রিক প্রবণতা অবসান সম্ভব। এ ধরনের ভিন্ন ভিন্ন মতকে গুরুত্ব দেওয়া এবং কমিশনের কোনো ধরনের পূর্বাবস্থান নেই, তা সুস্পষ্ট করার জন্য কমিশন সংস্কারের পরিধিকে ব্যাপক রাখার সিদ্ধান্ত নেয়।

**কমিশন সাংবিধানিক সংস্কারের সাতটি উদ্দেশ্য নির্ধারণ করে। এই উদ্দেশ্যগুলো হচ্ছে:**

১। দীর্ঘ সংগ্রামের ধারাবাহিকতায় ১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধের প্রতিশ্রুত উদ্দেশ্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার এবং ২০২৪ সালের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের আলোকে বৈষম্যহীন জনতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা।

২। ২০২৪ সালের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে প্রকাশিত অংশগ্রহণমূলক গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটানো।

৩। রাজনীতি এবং রাষ্ট্র পরিচালনায় সর্বস্তরে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণের ব্যবস্থা।

৪। ভবিষ্যতে যেকোনো ধরনের ফ্যাসিবাদী শাসনব্যবস্থার উত্থান রোধ।

৫। রাষ্ট্রের তিনটি অঙ্গ—নির্বাহী বিভাগ, আইনসভা এবং বিচার বিভাগের পৃথকীকরণ ও ক্ষমতার ভারসাম্য আনয়ন।

৬। রাষ্ট্রক্ষমতা ও প্রতিষ্ঠানসমূহের বিকেন্দ্রীকরণ ও পর্যাপ্ত ক্ষমতায়ন।

৭। রাষ্ট্রীয়, সাংবিধানিক এবং আইন দ্বারা সৃষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যকর স্বাধীনতা ও স্বায়ত্তশাসন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা।

এই উদ্দেশ্যসমূহ নির্ধারণে কমিশন ১০ এপ্রিল ১৯৭১-এ জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্রে রাজনৈতিক অঙ্গীকার অর্থাৎ সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার এবং ২০২৪ সালের ফ্যাসিবাদবিরোধী গণঅভ্যুত্থানের জন-আকাঙ্ক্ষা অর্থাৎ একটি বৈষম্যহীন গণতান্ত্রিক রাষ্ট্র গঠনকে ভিত্তি হিসেবে বিবেচনা করেছে। একই সময়ে কমিশন ১৯৭১ সালের স্বাধীনতাযুদ্ধকে বাংলাদেশের মানুষের আত্মনিয়ন্ত্রণের অধিকার ও মানবিক মর্যাদা প্রতিষ্ঠা এবং বৈষম্যবিরোধী সংগ্রামের দীর্ঘ ইতিহাসের প্রেক্ষাপটে বিবেচনা করেছে। এই সব আকাঙ্ক্ষা এবং সংগ্রামের মর্মবস্তুকে সাংবিধানিক-প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার লক্ষ্যেই সংবিধানের সংস্কার প্রস্তাব তৈরি করতে কমিশন সচেষ্ট হয়। ৩ নভেম্বর এক সংবাদ সম্মেলনের মাধ্যমে কমিশন সংস্কারের পরিধি এবং উদ্দেশ্যসমূহ নাগরিকদের কাছে তুলে ধরে।

## সংবিধানের পর্যালোচনা

কমিশন বিদ্যমান সংবিধানকে দুটি দিক থেকে পর্যালোচনার সিদ্ধান্ত গ্রহণ করে—রাজনৈতিক এবং আইনগত। কমিশন বিবেচনা করে যে সংবিধানের পর্যালোচনায় বাংলাদেশ নামের ভূখণ্ডের মানুষের রাজনৈতিকভাবে গঠিত হওয়ার প্রক্রিয়া এবং একটি সংঘবদ্ধ জনগোষ্ঠী হিসেবে তাঁর রাজনৈতিক সংকল্প ও সামষ্টিক রূপকল্পের অভিপ্রায় কীভাবে গড়ে উঠেছে, তার প্রেক্ষাপট বিবেচনা করা জরুরি। এটা সুস্পষ্ট যে, ঔপনিবেশিক যুগ থেকে শুরু করে আজ পর্যন্ত এই অঞ্চলে 'জনগণ'-এর উদ্ভব একটি দীর্ঘ রাজনৈতিক সংগ্রামের মধ্য দিয়ে বিকশিত হয়েছে। গাঠনিক কর্তা হওয়ার আকাঙ্ক্ষা এবং রাষ্ট্র গঠনে জনগণের সার্বভৌম অভিপ্রায় প্রকাশের প্রচেষ্টা দীর্ঘদিন ধরে ঔপনিবেশিক প্রশাসনিক রাষ্ট্রের সাথে দ্বন্দ্বের সম্পর্কে জড়িয়ে আছে। এই দ্বন্দ্বের ধারাবাহিকতায় রাষ্ট্রের গণতান্ত্রিক রূপান্তর আজও বাধাগ্রস্ত হচ্ছে। এই ঐতিহাসিক ধারাবাহিকতায় ১৯৭২ সালের সংবিধান প্রণীত হয়েছিল। স্বল্প সময়ের মধ্যে সংবিধান প্রণয়নের সাফল্য নিঃসন্দেহে ইতিবাচক। ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠার পর সংবিধান প্রণয়নে দীর্ঘসূত্রিতা এবং তার বিরূপ প্রতিক্রিয়ার অভিজ্ঞতা এবং বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মধ্য দিয়ে যে আকাঙ্ক্ষা ও এক ধরনের চাপ সৃষ্টি হয়েছিলো

তাই এই সংবিধান প্রণয়নকে ত্বরান্বিত করেছিলো। সংবিধান প্রণয়নের প্রক্রিয়া এবং এই বিষয়ে বিভিন্ন বিশ্লেষকের আলোচনার সারসংকলন করে এই সংবিধানের রাজনৈতিক উদ্দেশ্য এবং কীভাবে তা জনগণের গণতন্ত্রের আকাঙ্ক্ষার সঙ্গে কেবল সংগতিহীনই হয়নি বরং নাগরিকদের অধিকার সংকুচিত করেছে, স্বৈরতান্ত্রিক ক্ষমতাকাঠামো তৈরি করেছে, তা চিহ্নিত করা হয়েছে। এছাড়া ওই সময়েই গণপরিষদের সংবিধান প্রণয়নের এখতিয়ার নিয়ে প্রশ্ন ছিল।

সংবিধানের পর্যালোচনার দ্বিতীয় অংশে সংবিধানের আইনি কাঠামো পর্যালোচনা করা হয়েছে। বিদ্যমান সংবিধান যা ইতিমধ্যেই ১৭ বার সংশোধিত হয়েছে, তাতে এমন ধরনের অন্তর্নিহিত ত্রুটি রয়েছে, যা জবাবদিহিমূলক এবং গণতান্ত্রিক শাসনব্যবস্থার সাথে সাংঘর্ষিক, যেমন অনুচ্ছেদ ৪৮(৩) এবং ৫৫-এর মাধ্যমে প্রধানমন্ত্রীর ক্ষমতা কেন্দ্রীভূত করে রাষ্ট্রপতিকে আলংকারিক ব্যক্তিত্বে পরিণত করা হয়েছে। সংবিধান সংশোধনের প্রক্রিয়া ক্ষমতাসীন দলকে সংবিধানের মূলনীতি ক্ষুণ্ন করে রাজনৈতিক উদ্দেশ্যে সংশোধন করার সুযোগ দিয়েছে। এর ফলে জরুরি অবস্থা এবং নিবর্তনমূলক আটকের মতো কঠোর বিধান সংবিধানে সন্নিবেশিত হয়েছে, যা ব্যক্তিস্বাধীনতা ক্ষুণ্ন করেছে এবং কর্তৃত্ববাদী শাসনব্যবস্থা উৎসাহিত করেছে। সংবিধানের এই ত্রুটিগুলো গণতান্ত্রিক শাসনব্যবস্থার ভারসাম্যহীনতা সৃষ্টি করেছে। তদুপরি সাংবিধানিক বিধিবিধানগুলো গণতন্ত্রের একটি অন্যতম উপাদান নাগরিকের মৌলিক অধিকারকে বিভিন্ন শর্তসাপেক্ষ করে সেগুলোকে অনেকাংশে অকার্যকর করে ফেলেছে। সংবিধানে বিচার বিভাগের স্বাধীনতার প্রতিশ্রুতি থাকলেও তার কার্যকারিতার জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা অনুপস্থিত থেকেছে, যা বিচার বিভাগকে নির্বাহী বিভাগে অধীনস্থ করে রেখেছে। স্থানীয় সরকারব্যবস্থা কার্যত অর্থহীন এবং দলীয় লেজুড়বৃত্তি ও আমলাতান্ত্রিক জটিলতায় আবদ্ধ।

সংবিধানের বিস্তারিত রাজনৈতিক এবং আইনি পর্যালোচনা এই প্রতিবেদনের প্রথম খণ্ডের প্রথম অধ্যায়ে উপস্থাপিত হয়েছে। এর পাশাপাশি কমিশন সকল বিষয়ে বিভিন্ন দেশের সংবিধান পর্যালোচনা করে, যাতে বিদ্যমান সংবিধান অন্যান্য গণতান্ত্রিক দেশের সংবিধানের সঙ্গে কতটা সামঞ্জস্যপূর্ণ, তা বোঝা যায়। কিছু সুনির্দিষ্ট বিষয় যেমন দ্বিকক্ষবিশিষ্ট সংসদ, চিরস্থায়ী বিধান, জাতির জনক, কোনো ব্যক্তির প্রতিকৃতির বাধ্যতামূলক প্রদর্শন, রাষ্ট্রধর্ম, ধর্মনিরপেক্ষতা, সৃষ্টিকর্তায় বিশ্বাস ইত্যাদি বিভিন্ন দেশের সংবিধানে উল্লেখ আছে কি না এবং থাকলে কীভাবে আছে, কমিশন তার বিশ্লেষণ করে।

### অংশীজনদের সঙ্গে মতবিনিময়ের রূপরেখা

কমিশন সমাজের ভেতরে বিভিন্ন ধরনের আকাঙ্ক্ষা বোঝা এবং সমাজের সম্ভাব্য সর্বাধিক অংশীজনদের অংশগ্রহণ এবং তাঁদের প্রস্তাবগুলো শোনা এবং সেগুলোকে কমিশনের সুপারিশে প্রতিফলিত করার জন্য অংশীজনদের সঙ্গে আলোচনা, রাজনৈতিক দলগুলোর কাছ থেকে প্রস্তাব এবং নাগরিকদের মতামত সংগ্রহের সিদ্ধান্ত নেয়।

কমিশন এই মর্মেও সিদ্ধান্ত নেয় যে, যেসব ব্যক্তি, সংগঠন, সংস্থা, প্রতিষ্ঠান বা দল জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সময় সক্রিয়ভাবে হত্যাকাণ্ডে যুক্ত থেকেছে, প্রত্যক্ষ ও পরোক্ষভাবে হত্যাকাণ্ড ও নিপীড়নকে সমর্থন করেছে, ফ্যাসিবাদী কার্যক্রমকে বৈধতা প্রদানে সাহায্য করেছে, কমিশন সেই সব ব্যক্তি, সংগঠন, সংস্থা, প্রতিষ্ঠানকে অংশীজনদের আলোচনায় অন্তর্ভুক্ত করবে না।

### রাজনৈতিক দলসমূহের মতামত

কমিশন বিভিন্ন রাজনৈতিক দলের মতামত এবং সুনির্দিষ্ট প্রস্তাব জানার জন্য ৩০টি রাজনৈতিক দল এবং জোটের কাছে লিখিত মতামত আহ্বান করে চিঠি পাঠায়। এই আবেদনে ব্যাপক সাড়া পাওয়া যায়। এসব দল এবং জোটের মধ্যে মোট ২৫টি রাজনৈতিক দল এবং ৩টি রাজনৈতিক জোট তাদের লিখিত মতামত কমিশনের নিকট প্রেরণ করে। এর বাইরেও মোট ৬টি রাজনৈতিক দল ইমেইলের মাধ্যমে বা কমিশন কার্যালয়ে উপস্থিত হয়ে তাঁদের মতামত জমা দেয়। কমিশনের গবেষকেরা এসব মতামতের সারাংশ সংকলন করেন।

### ওয়েবসাইটের মাধ্যমে মতামত সংগ্রহ

সংস্কারের সুপারিশ তৈরিতে অধিকসংখ্যক নাগরিকের অংশগ্রহণের সুযোগ সৃষ্টির জন্য কমিশনের ওয়েবসাইটে মতামত দেওয়ার ব্যবস্থা করা হয়। এ বিষয়ে জনগণের মধ্যে ব্যাপক আগ্রহ ও স্বতঃস্ফূর্ততা লক্ষ করা যায়। দুই সপ্তাহের বেশি সময় ধরে এ সুযোগ অব্যাহত রাখা হয় এবং ২৫ নভেম্বর ২০২৪ পর্যন্ত ৫০,৫৭৩টি (পঞ্চাশ হাজার পাঁচশত তিহাত্তর) সংক্ষিপ্ত থেকে বিস্তারিত আকারে মতামত পাওয়া যায়।

### অংশীজনদের সঙ্গে মতবিনিময়

অংশীজনদের মতামত নেওয়ার উদ্দেশ্যে সংবিধান সংস্কার কমিশন ১১ নভেম্বর ২০২৪ তারিখ থেকে বিভিন্ন সংবিধান ও মানবাধিকারবিষয়ক সংগঠন, পেশাজীবী সংগঠন, নাগরিক সমাজের প্রতিনিধি, সংবিধান বিশেষজ্ঞসহ সমাজের নানা স্তরের মানুষের

সাথে মতবিনিময় করে। এ জন্য মোট ২১টি অধিবেশন অনুষ্ঠিত হয়। তিন সপ্তাহ ধরে অনুষ্ঠিত এসব অধিবেশনে ৪৩টি সংগঠনের ৯৯ জন প্রতিনিধি উপস্থিত হয়ে তাঁদের সংগঠনের পক্ষে মৌখিক এবং লিখিত প্রস্তাব দেন। এছাড়া ২৯টি সংগঠন তাদের প্রস্তাব লিখিতভাবে জানিয়েছে। নাগরিক সমাজের ৪৪ জন ব্যক্তি কমিশনের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। তাঁদের মধ্যে ২২ জন তাঁদের প্রস্তাবগুলো লিখিতভাবে কমিশনের কাছে পেশ করেছেন। এর বাইরেও ই-মেইলের মাধ্যমে এবং কমিশন কার্যালয়ে উপস্থিত হয়ে ৩৪ জন তাঁদের মতামত লিখিতভাবে জানান। কমিশনের আমন্ত্রণে সাড়া দিয়ে সাতজন সংবিধানবিশেষজ্ঞ এবং সাবেক বিচারপতি কমিশনের মতবিনিময় সভাগুলোয় উপস্থিত হয়েছেন। কমিশনের মতবিনিময় সভায় উপস্থিত ব্যক্তিদের মৌখিক বক্তব্য রেকর্ড এবং প্রতিলিপি (transcript) তৈরি করা হয়েছে।

### দেশব্যাপী জনমত জরিপ

বিভিন্নভাবে অংশীজনদের মতামত সংগ্রহ করলেও গৃহীত ব্যবস্থাগুলো সমাজের সকল স্তরের মানুষের মতামতের প্রতিফলনের নিশ্চয়তা বিধান করে না বলে কমিশনের পক্ষ থেকে সারা দেশে জরিপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাধ্যমে দেশব্যাপী জাতীয় জনমত জরিপ পরিচালনা করা হয়। এই জরিপ ৫ ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত চালানো হয় এবং সারা দেশের ৬৪ জেলা থেকে সরাসরি সাক্ষাৎকার পদ্ধতিতে ৪৫,৯২৫টি খানার (হাউসহোল্ড) ১৮ থেকে ৭৫ বছর বয়সীদের কাছ থেকে জনসংখ্যা অনুপাতে মতামত পাওয়া যায়।

### অন্যান্য কমিশনের সঙ্গে সমন্বয়

কমিশন ওয়াকিবহাল যে, রাষ্ট্র সংস্কারের অনেক বিষয় নিয়ে একাধিক কমিশন নিয়োগ দেওয়া হয়েছে, যা সংবিধান-সংশ্লিষ্ট। সময়স্বল্পতার বিবেচনায় কমিশন সব কমিশনের সঙ্গে কাজের সমন্বয় করতে না পারলেও গুরুত্বপূর্ণ এবং সরাসরি সংশ্লিষ্ট দুটি কমিশন-নির্বাচনব্যবস্থা সংস্কার এবং বিচার বিভাগ সংস্কার কমিশনের সঙ্গে আনুষ্ঠানিকভাবে বৈঠক করে এবং ঘনিষ্ঠভাবে যোগাযোগ রক্ষা করে। এর বাইরে ১৮ নভেম্বর প্রতিষ্ঠিত স্থানীয় সংস্কার কমিশনের প্রধানের সঙ্গে বিস্তারিত আলোচনা করে।

### কমিশনের কতিপয় পর্যবেক্ষণ

বিদ্যমান সংবিধানের পর্যালোচনা, অংশীজনদের মতামত এবং কমিশন সদস্যদের অভিজ্ঞতা ও বিশেষজ্ঞ জ্ঞানের ভিত্তিতে কমিশন সংবিধানের বিভিন্ন দিকের ব্যাপারে সুনির্দিষ্ট সুপারিশ করেছে; এর বাইরে অংশীজনেরা দুটি বিষয়ের দিকে কমিশনের মনোযোগ আকর্ষণ করেছে, যা কমিশন তার পর্যবেক্ষণ হিসেবে উপস্থিত করছে। এগুলো হচ্ছে:

১। সংবিধানের বিভিন্ন অধ্যায়ের ধারাক্রম পরিবর্তন করে প্রস্তাবনা, নাগরিকতন্ত্র, মৌলিক অধিকার ও স্বাধীনতার পর আইনসভা, নির্বাহী বিভাগ এবং বিচার বিভাগকে সন্নিবেশিত করা;

২। সংবিধানের ভাষা সহজ করা;

৩। সংবিধানের আকার ছোট করা।

কমিশন মনে করে যে, অংশীজনদের এসব মতামত গুরুত্বের সঙ্গে বিবেচনা দাবি করে এবং আশা করে ভবিষ্যতে এই বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিরা যথাযথ পদক্ষেপ নেওয়ার কথা বিবেচনা করবেন।

### কৃতজ্ঞতা স্বীকার

যে বীরদের আত্মদানের ফলে বাংলাদেশ স্বৈরাচারী শাসনমুক্ত হয়েছে, যাঁরা এখনো আহত অবস্থায় আছেন, তাঁদের কাছে কমিশন গভীরভাবে কৃতজ্ঞ। তাঁদের প্রতি কমিশন আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপন করছে।

কমিশন এই প্রতিবেদন প্রস্তুতিতে নাগরিকদের কাছ থেকে যে সহযোগিতা পেয়েছে এবং তাঁরা যেভাবে অকুণ্ঠচিত্তে অংশগ্রহণ করেছেন, সে জন্য সকলের কাছেই কৃতজ্ঞ। রাজনৈতিক দল, সামাজিক ও পেশাজীবী সংগঠন, সিভিল সোসাইটির সদস্যরা তাঁদের মতামত প্রদান করে এই প্রক্রিয়াকে অংশগ্রহণমূলক করে তুলেছেন এবং তাঁদের মতামতের মাধ্যমে এই প্রতিবেদনকে সমৃদ্ধ করেছেন। তাঁদেরকে কমিশন আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছে। এই প্রতিবেদনের জন্য প্রয়োজনীয় গবেষণা সম্পাদন, মতামত ও তথ্য বিন্যস্তকরণ, অনুবাদ এবং সম্পাদনার কাজে যুক্ত গবেষকদের অবদান ছিল অসামান্য। তাঁদেরকে কমিশন আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছে। কমিশনের সাচিবিক সহায়তা প্রদানের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের যে সকল কর্মকর্তা ও কর্মচারী নিরলসভাবে পরিশ্রম করেছেন, কমিশন তাঁদের কাছে কৃতজ্ঞ। ইউনিভার্সিটি প্রেস লিমিটেড (ইউপিএল) বিনামূল্যে এই প্রতিবেদনের টাইপ সেটিং এবং পৃষ্ঠাসজ্জা করে দিয়ে কমিশনকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছে।

# পরিশিষ্ট ১৩

## ১২১ টি দেশের সংবিধান পর্যালোচনা

জুলাই-আগস্ট ২০২৪ এর ছাত্র জনতার গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে সংবিধান সংস্কারের লক্ষ্যে গঠিত সংবিধান সংস্কার কমিশন এশিয়া, ইউরোপ, আফ্রিকা, উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকার মহাদেশের ১২১ টি দেশের সংবিধান পর্যালোচনা করেছে।

### গবেষণা পদ্ধতি

**গুণগত গবেষণা:**

এই গবেষণাটি পরিচালনার জন্য প্রাথমিক ও মাধ্যমিক উভয় ধরনের উৎস ব্যবহার করে গুণগত গবেষণা পদ্ধতি অবলম্বন করা হয়েছে। গুণগত গবেষণা হলো বাজার থেকে সংখ্যাত্মক-বহির্ভূত তথ্য সংগ্রহের একটি বৈজ্ঞানিক পদ্ধতি। এই পদ্ধতির মূল লক্ষ্য হলো কি ঘটছে এবং কেন ঘটছে সে সম্পর্কে গভীরভাবে জানা।

**তথ্য সংগ্রহ পদ্ধতি:**

এই গবেষণাপত্রের জন্য, বিভিন্ন উৎস থেকে মাধ্যমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। মাধ্যমিক তথ্য বলতে বোঝায় এমন তথ্য যা ইতোমধ্যে সংবাদপত্র, সাময়িকীর নিবন্ধ, পাঠ্যবই বা এমনকি অনলাইন পো্ররটালে প্রকাশিত।

মাধ্যমিক তথ্য সংগ্রহের অনেক পদ্ধতি রয়েছে, যেমন, সরকারি প্রকাশনা, যার মধ্যে রয়েছে প্রতিবেদন, নীতিমালা, পরিসংখ্যান এবং গবেষণার ফলাফল; বই, জার্নাল, সংবাদপত্র, নিবন্ধ, ওয়েবসাইট, ব্যক্তিগত উৎস এবং সরকারি রেকর্ড।

গবেষণাটি করার জন্য, প্রথমে আমরা একটি প্রচলিত সার্চ ইঞ্জিন ব্যবহার করে প্রতিটি দেশের সংবিধান অনুসন্ধান করেছি। এরপর, আমরা এক্সেল ফাইলের কলামগুলিতে উল্লেখিত বিষয়বস্তু সম্বলিত অনুচ্ছেদগুলি খুঁজে বের করার চেষ্টা করেছি। যেসব ক্ষেত্রে উল্লেখিত পদ্ধতিতে সংবিধান খুঁজে পাওয়া যায়নি, সেসব ক্ষেত্রে আমরা "CONSTITUTE" ওয়েবসাইট ব্যবহার করে গবেষণা করেছি। এই ওয়েবসাইটটি "Comparative Constitutions Project" দ্বারা তৈরি করা হয়েছে। টেক্সাস বিশ্ববিদ্যালয়, অস্টিন এবং শিকাগো বিশ্ববিদ্যালয় বিশ্বের বিভিন্ন সংবিধানের একটি বিস্তৃত বিশ্লেষণের জন্য এই প্রকল্পটি পরিচালনা করছে। এর উদ্দেশ্য হলো সংবিধান প্রণয়নে সহায়তা করা, নাগরিকদের তথ্য প্রদান করা। আমরা এই ওয়েবসাইটে প্রাসঙ্গিক বিধানগুলি অনুসন্ধান করেছি।

এই কারণে, "CONSTITUTE" ওয়েবসাইট ব্যবহার করে আমাদের অনুসন্ধানগুলি পুঙ্খানুপুঙ্খভাবে মূল্যায়ন করার মাধ্যমে আমরা এক্সেল স্প্রেডশিটগুলিকে চূড়ান্ত করেছি।

## এশিয়া

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাংলাদেশ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | আল্লাহর নামে | ২০১৮ | × | ✓ | × | ২২৫ |
| ২ | ভারত | × | × | × | × | × | × | ✓ | ✓ | ✓ | × | সৃষ্টিকর্তার নামে শপথ | ২০২৪ | × | × | ✓ | ৩৭১ (১৪১৮০০ শব্দ) |
| ৩ | চীন | × | × | × | × | × | × | ✓ | ✓ | × | × | × | ২০১৮ | ✓ | ✓ | × | ৩৭ |
| ৪ | পাকিস্তান | × | × | নোট দেখুন | × | × | × | × | ✓ | × | ✓ | সর্বশক্তিমান আল্লাহ | ২০১৮ | ✓ | × | ✓ | ২১৪ |
| ৫ | জাপান | × | × | × | × | × | × | × | × | × | × | × | ১৯৪৬ | ✓ | × | ✓ | ১৩ |
| ৬ | ফিলিপাইন | × | × | × | × | × | ✓ | × | ✓ | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ১৯৮৭ | ✓ | × | ✓ | ৫৩ |
| ৭ | ভিয়েতনাম | ✓ | × | × | × | × | × | ✓ | ✓ | × | × | × | ২০১৩ | ✓ | ✓ | × | ২৬ |
| ৮ | ইরান | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | ✓ | আল্লাহর নামে | ১৯৮৯ | ✓ | ✓ | × | ৫০ |
| ৯ | তুরস্ক | × | × | নোট দেখুন | × | ✓ | ✓ | সামাজিক রাষ্ট্র | ✓ | ✓ | × | × | ২০১৭ | ✓ | ✓ | × | ১৬২ |
| ১০ | থাইল্যান্ড | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | নোট দেখুন | × | ২০১৭ | ✓ | × | ✓ | ১১৫ |
| ১১ | দক্ষিণ কোরিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ১৯৮৭ | × | ✓ | × | ২৩ (৮৯৭৭ শব্দ) |
| ১২ | ইরাক | × | × | × | × | × | × | × | ✓ | × | ✓ | সৃষ্টিকর্তার নামে | ২০০৫ | ✓ | ✓ | × | ৪২ |
| ১৩ | আফগানিস্তান | × | × | নোট দেখুন | × | × | × | × | ✓ | × | ✓ | আল্লাহর নামে | ২০০৪ | ✓ | × | ✓ | ৪৫ |
| ১৪ | ইয়েমেন | × | × | × | × | × | × | × | ✓ | × | ✓ | সৃষ্টিকর্তার নামে | ২০১৫ | ✓ | × | ✓ | ৩৪ |
| ১৫ | উজবেকিস্তান | × | × | × | × | × | × | সামাজিক রাষ্ট্র | ✓ | ✓ | × | × | ২০১১ | ✓ | × | ✓ | ৩০ |
| ১৬ | মালয়েশিয়া | × | × | × | × | × | × | × | × | × | ✓ | × | ২০০৭ | × | × | ✓ | ১২৭ |
| ১৭ | সৌদি আরব | × | × | × | × | × | × | × | × | × | ✓ | আল্লাহ সর্বশক্তিমান | ২০১৩ | ✓ | ✓ | × | ২৫ |
| ১৮ | নেপাল | × | × | × | × | × | × | ✓ | ✓ | × | × | × | ২০১৬ | ✓ | × | ✓ | ১১৮ |
| ১৯ | উত্তর কোরিয়া | × | × | নোট দেখুন | × | × | × | ✓ | ✓ | × | × | × | ২০১৬ | ✓ | ✓ | × | ২৭ |
| ২০ | সিরিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ২০১২ | ✓ | ✓ | × | ৩১ |
| ২১ | শ্রীলংকা | × | × | × | × | ✓ | × | ✓ | ✓ | × | × | নোট দেখুন | ২০১৫ | ✓ | ✓ | × | ৩০৬ |
| ২২ | কাজাখস্তান | × | × | × | × | × | × | সামাজিক রাষ্ট্র | ✓ | ✓ | × | × | ২০১৭ | × | × | ✓ | ২৭ |
| ২৩ | কম্বোডিয়া | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | বৌদ্ধ | ২০০৮ | ✓ | × | ✓ | ৩০ |
| ২৪ | জর্ডান | × | × | × | × | × | × | × | × | × | ✓ | ঈশ্বরের নামে শপথ করছি | ২০১৬ | ✓ | × | ✓ | ২২ |
| ২৫ | সংযুক্ত আরব আমিরাত | × | × | × | × | × | × | × | ✓ | × | ✓ | আল্লাহর নামে শপথ করছি | ২০০৯ | × | ✓ | × | ৩৪ |

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৬ | সিঙ্গাপুর | × | × | × | × | × | × | × | × | × | নোট দেখুন | × | ২০১৬ | ✓ | ✓ | × | ১৮২ |
| ২৭ | ওমান | × | × | × | × | × | × | × | × | × | ✓ | সর্বশক্তিমান আল্লাহর নামে শপথ করছি | ২০১১ | × | × | ✓ | ২৮ |
| ২৮ | কুয়েত | × | × | নোট দেখুন | × | × | ✓ | × | ✓ | × | ✓ | সৃষ্টিকর্তার নামে | ১৯৯২ | × | ✓ | × | ২৮ |
| ২৯ | কাতার | × | × | নোট দেখুন | × | × | × | × | ✓ | × | ✓ | সৃষ্টিকর্তার নামে শপথ | ২০০৩ | × | ✓ | × | ২১ |
| ৩০ | ভুটান | × | × | × | × | × | × | × | ✓ | ✓ | × | ঈশ্বর | ২০০৮ | ✓ | × | ✓ | ৬৬ |
| ৩১ | অস্ট্রেলিয়া | × | × | × | × | × | × | × | × | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ১৯৮৫ | × | × | ✓ | ৪৩ |
| ৩২ | নিউজিল্যান্ড | × | × | × | × | × | × | × | ✓ | × | × | ঈশ্বরের দয়ায় | ২০১৪ | × | ✓ | × | ৩৫৫ |
| ৩৩ | ইন্দোনেশিয়া | × | × | × | × | ✓ | × | × | × | × | × | ïa Ges ïagvÎ cf | ২০০২ | ✓ | × | ✓ | ২৩ |

**দ্রষ্টব্য:**

**জাতির জনক:**

- **পাকিস্তান** — প্রস্তাবনা–পাকিস্তানের প্রতিষ্ঠাতা কায়েদে আযম মোহাম্মদ আলী জিন্নাহর ঘোষণার প্রতি বিশ্বস্ত, পাকিস্তান ইসলামী সামাজিক ন্যায়বিচারের মূলনীতির ওপর ভিত্তি করে গঠিত একটি গণতান্ত্রিক রাষ্ট্র হবে।
- **তুরস্ক** — প্রস্তাবনা–তুর্কি মাতৃভূমি ও জাতির চিরস্থায়ী অস্তিত্ব এবং মহান তুর্কি রাষ্ট্রের অবিচ্ছেদ্য ঐক্যের প্রতি সমর্থন করে, এই সংবিধানটি তুরস্ক প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতা, অমর নেতা এবং অতুলনীয় নায়ক আতাতুর্কের জাতীয়তাবাদী ধারণা, তাঁর সংস্কার এবং মূলনীতির সাথে সামঞ্জস্যপূর্ণভাবে গৃহীত হয়েছে।
- **আফগানিস্তান** — অনুচ্ছেদ ১৫৮–জরুরি ভিত্তিতে সংগঠিত লয়া জিরগা কর্তৃক আফগানিস্তানের প্রাক্তন রাজা মহামান্য মোহাম্মদ জাহির শাহকে প্রদত্ত জাতির পিতা উপাধি এবং অন্যান্য সুবিধাসমূহ (২০০২ সালে, হিজরি বছর ১৩৮১ সালে) এই সংবিধানের বিধান অনুসারে, তাঁর জন্য আজীবন অক্ষুণ্ণ থাকবে।
- **উত্তর কোরিয়া**—প্রস্তাবনা–মহান নেতা কমরেড কিম ইল সুং ২ ছিলেন কোরিয়া গণতান্ত্রিক পিপলস রিপাবলিকের প্রতিষ্ঠাতা এবং সমাজতান্ত্রিক কোরিয়ার জনক।
- **কুয়েত** — প্রস্তাবনা–আমরা, আবদুল্লাহ আল-সালিম আল-সাবাহকে কুয়েতের আমির ঘোষণা করি।
- **কাতার** — অনুচ্ছেদ ৮–রাষ্ট্রের শাসন ক্ষমতা আল থানি পরিবারে এবং হামাদ বিন খলিফা বিন হামাদ বিন আবদুল্লাহ বিন জাসিমের পুরুষ বংশধরদের মধ্যে উত্তরাধিকারসূত্রে থাকবে

**রাষ্ট্রধর্ম:**

- **থাইল্যান্ড** — ধারা ৬৭–রাষ্ট্র বৌদ্ধ ধর্ম এবং অন্যান্য ধর্মসমূহকে সমর্থন/পরিপোষণ করবে ও সুরক্ষা প্রদান করবে।
- **সিঙ্গাপুর** — অনুচ্ছেদ ১৫৩–মুসলিম ধর্ম–আইনসভা মুসলিম ধর্মীয় বিষয়সমূহ নিয়ন্ত্রণের জন্য এবং মুসলিম ধর্ম সংক্রান্ত বিষয়সমূহে প্রেসিডেন্টকে পরামর্শ দেয়ার লক্ষ্যে একটি পরিষদ গঠনের জন্য আইনের মাধ্যমে বিধান প্রণয়ন করবে।

**সৃষ্টিকর্তার প্রতি বিশ্বাস:**

- **শ্রীলঙ্কা** — অনুচ্ছেদ ৯–শ্রীলঙ্কা প্রজাতন্ত্র বৌদ্ধধর্মকে সর্বোচ্চ স্থানে রাখবে এবং রাষ্ট্রের দায়িত্ব হবে বুদ্ধ শাসন রক্ষা ও প্রসারিত করা, একই সঙ্গে সকল ধর্মকে ধারা ১০ এবং ১৪(১)(ই) দ্বারা প্রদত্ত অধিকারগুলি নিশ্চিত করতে হবে।

## ইউরোপ

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাশিয়া | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | ✓ | × | × | ২০১৪ | ✓ | × | ✓ | ৩৬ |
| ২ | জার্মানি | × | × | × | × | ✓ | × | × | × | × | × | সৃষ্টিকর্তার সামনে | ২০১৪ | × | × | ✓ | ৬২ |
| ৩ | ইতালি | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | × | ২০২০ | ✓ | × | ✓ | ৩৬ |
| ৪ | ফ্রান্স | ✓ | × | × | × | ✓ | × | সামাজিক প্রজাতন্ত্র | ✓ | ✓ | × | হে প্রভু | ২০০৮ | ✓ | × | ✓ | ৪০ |
| ৫ | স্পেন | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০১১ | ✓ | × | ✓ | ৪৭ |
| ৬ | পোল্যান্ড | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সৃষ্টিকর্তার সামনে | ২০০৯ | ✓ | × | ✓ | ৫৪ |
| ৭ | ইউক্রেন | ✓ | × | × | × | ✓ | × | সমাজতন্ত্র | ✓ | × | × | সৃষ্টিকর্তার সামনে | ২০১৯ | ✓ | ✓ | × | ৫৯ |
| ৮ | রোমানিয়া | × | × | × | × | ✓ | × | সমাজতন্ত্র | ✓ | × | × | প্রভু সহায় হও | ২০০৩ | ✓ | × | ✓ | ৩৮ |
| ৯ | নেদারল্যান্ড | × | × | × | × | × | × | × | × | × | × | × | ২০০৮ | ✓ | × | ✓ | ৩০ |
| ১০ | বেলজিয়াম | × | × | × | × | ✓ | × | × | × | × | × | × | ২০১৪ | × | × | ✓ | ৫৬ |
| ১১ | সুইডেন | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান সৃষ্টিকর্তার অনুগ্রহে | ২০১২ | ✓ | ✓ | × | ১৩৩ |
| ১২ | পর্তুগাল | × | × | × | × | ✓ | × | ✓ | ✓ | × | × | × | ২০০৫ | ✓ | ✓ | × | ৭৯ |
| ১৩ | গ্রিস | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | নোট দেখুন | পবিত্র নামে | ২০০৮ | ✓ | ✓ | × | ৫৩ |
| ১৪ | অস্ট্রিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ২০১৩ | ✓ | × | ✓ | ৮৭ |
| ১৫ | বেলারুশ | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০০৪ | × | × | ✓ | ৪০ |
| ১৬ | সুইজারল্যান্ড | × | × | × | × | × | × | × | ✓ | × | × | মহান প্রভুর নামে | ২০১৪ | ✓ | × | ✓ | ৪৯ |
| ১৭ | বুলগেরিয়া | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০১৫ | ✓ | ✓ | × | ৪৪ |
| ১৮ | সার্বিয়া | × | × | × | × | × | × | × | ✓ | ✓ | × | × | ২০০৬ | ✓ | ✓ | × | ৫৪ |
| ১৯ | ডেনমার্ক | × | × | × | × | × | × | × | × | × | নোট দেখুন | প্রভুর উপাসনা | ১৯৫৩ | ✓ | ✓ | × | ১৭ |
| ২০ | ফিনল্যান্ড | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ২০১১ | ✓ | ✓ | × | ৩৭ |
| ২১ | নরওয়ে | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | নোট দেখুন | সর্বশক্তিমান সৃষ্টিকর্তা সাহায্য করো | ২০১৬ | × | ✓ | × | ২৬ |

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২২ | আয়ারল্যান্ড | × | × | × | × | × | × | × | ✓ | × | × | মহান সৃষ্টিকর্তা | ২০১৯ | ✓ | × | ✓ | ৪২ |
| ২৩ | ক্রোয়েশিয়া | × | × | × | × | × | × | সামাজিক প্রজাতন্ত্র | ✓ | × | × | × | ২০১৩ | × | ✓ | × | ৪১ |
| ২৪ | আলবেনিয়া | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | সৃষ্টিকর্তার প্রতি বিশ্বাস | ২০১৬ | ✓ | ✓ | × | ৫৯ |
| ২৫ | স্লোভেনিয়া | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০১৬ | × | × | ✓ | ৩৮ |
| ২৬ | মাল্টা | × | × | × | × | × | × | × | ✓ | × | রোমান ক্যাথলিক | প্রভু সহায় হও | ২০১৬ | ✓ | ✓ | × | ৬৬ |
| ২৭ | আইসল্যান্ড | × | × | × | × | × | × | × | ✓ | × | নোট দেখুন | × | ২০১৩ | ✓ | ✓ | × | ১৮ |
| ২৮ | হাঙ্গেরি | × | × | নোট দেখুন | × | × | × | জাতীয় সামাজিক ও কমিউনিস্ট একনায়কতন্ত্র | ✓ | × | × | সৃষ্টিকর্তা হাঙ্গেরিয়ানদের মঙ্গল করুন | ২০১৬ | ✓ | ✓ | × | ৪৬ |
| ২৯ | লুক্সেমবার্গ | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | × | ২০০৯ | ✓ | ✓ | × | ২৭ |
| ৩০ | যুক্তরাজ্য | × | × | নোট দেখুন | × | ✓ | × | × | × | × | × | সর্বশক্তিমান প্রভু | ২০১৩ | × | × | ✓ | ৬৬৯ |

**দ্রষ্টব্য:**

**জাতির জনক:**

- **হাঙ্গেরি** — প্রস্তাবনা–আমরা গর্বিত যে আমাদের রাজা সেন্ট স্টিফেন হাঙ্গেরিয়ান রাষ্ট্রকে বিশেষ মর্যাদায় প্রতিষ্ঠিত করেছেন এবং হাজার বছর আগে ইউরোপের অন্যতম খ্রিস্টান রাষ্ট্রে পরিণত করেছিলেন।
- **যুক্তরাজ্য** — প্রস্তাবনা–ঈশ্বরের কৃপায় এডওয়ার্ড ইংল্যান্ডের রাজা, আয়ারল্যান্ডের লর্ড ও গায়ানের ডিউক হয়েছে। তিনি সকল আর্চবিশপ, বিশপ এবং অন্যান্যদের অভিবাদন জানিয়েছে । আমরা

**রাষ্ট্রধর্ম:**

- **গ্রীস** — অনুচ্ছেদ ৩(১)- ইস্টার্ন অর্থোডক্স চার্চ অফ ক্রাইস্ট হলো গ্রিসের প্রধান ধর্ম ।
- **ডেনমার্ক** — প্রথম অংশ (৪)–যেহেতু ইভাঞ্জেলিক্যাল লুথেরান চার্চ ডেনমার্কের প্রতিষ্ঠিত চার্চ, সেহেতু সরকার এটিকে সমর্থন বা পরিপোষণ করবে।
- **নরওয়ে** — অনুচ্ছেদ ৪–রাজা ইভানজেলিকাল লুথেরান চার্চকে সর্বদা স্বীকৃতি প্রদান করবে।
- **আইসল্যান্ড**- অনুচ্ছেদ ৬২–আইসল্যান্ডে ইভানজেলিকাল লুথেরান চার্চ হবে রাষ্ট্রীয় চার্চ, রাষ্ট্র ইহার পরিপোষণ ও সুরক্ষা করবে। আইনের মাধ্যমে এটি পরিবর্তন করা যাবে।

## আফ্রিকা

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | নাইজেরিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | ঈশ্বরের অধীনে | ২০২৩ | ✓ | × | ✓ | ২৮০ |
| ২ | ইথিওপিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ১৯৯৪ | ✓ | × | ✓ | ৪০ |
| ৩ | মিশর | × | × | × | × | × | × | × | ✓ | × | ✓ | ঈশ্বরের নামে | ২০১৯ | ✓ | × | ✓ | ৬১ |
| ৪ | তানজানিয়া | × | × | × | × | × | × | সামাজিক রাষ্ট্র | ✓ | ✓ | × | × | ২০০৫ | ✓ | ✓ | × | ৬৬ |
| ৫ | দক্ষিন আফ্রিকা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | ঈশ্বর দক্ষিণ আফ্রিকার মঙ্গল করুক | ২০১২ | ✓ | × | ✓ | ১৮২ |
| ৬ | কেনিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ২০১০ | ✓ | × | ✓ | ১৬৬ |
| ৭ | সুদান | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ২০১৯ | ✓ | × | ✓ | ৩০ |
| ৮ | উগান্ডা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | ঈশ্বরের জন্য | ২০১৭ | ✓ | ✓ | × | ১৪১ |
| ৯ | আলজেরিয়া | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | ✓ | আল্লাহর নামে | ২০২০ | ✓ | × | ✓ | ৫৩ |
| ১০ | মরক্কো | × | × | নোট দেখুন | × | ✓ | × | সামাজিক রাজতন্ত্র | ✓ | × | ✓ | ঈশ্বর | ২০১১ | ✓ | × | ✓ | ৪৭ |
| ১১ | ঘানা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ১৯৯৬ | ✓ | ✓ | × | ১১৩ |
| ১২ | মাদাগাস্কার | × | × | × | × | ✓ | × | × | ✓ | ✓ | × | × | ২০১০ | ✓ | × | ✓ | ৪৩ |
| ১৩ | ক্যামেরুন | × | × | × | × | ✓ | × | সমাজসেবায় নিবেদিত | ✓ | ✓ | × | × | ২০০৮ | ✓ | × | ✓ | ৩৪ |
| ১৪ | সেনেগাল | × | × | × | × | × | × | সামাজিক প্রজাতন্ত্র | ✓ | ✓ | × | ঈশ্বরের সামনে | ২০১৬ | ✓ | ✓ | × | ৩৪ |
| ১৫ | জিম্বাবুয়ে | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ২০১২ | ✓ | × | ✓ | ১৪১ |
| ১৬ | লিবিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | ✓ | আল্লাহর নামে | ২০১১ | ✓ | ✓ | × | ১২ |
| ১৭ | কঙ্গো | × | × | × | × | ✓ | × | সামাজিক সংহতি | ✓ | ✓ | × | × | ২০১৫ | ✓ | × | ✓ | ৫০ |
| ১৮ | নামিবিয়া | × | × | × | × | ✓ | × | × | ✓ | ✓ | × | ঈশ্বর সহায় হোক | ২০১৪ | ✓ | × | ✓ | ৬২ |

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৯ | গাম্বিয়া | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | শক্তিমান ঈশ্বরের নামে | ২০১৮ | ✓ | ✓ | × | ৮৫ |
| ২০ | গ্যাবন | × | × | × | × | ✓ | × | সামাজিক প্রজাতন্ত্র | ✓ | ✓ | × | ঈশ্বরের সামনে | ২০১১ | ✓ | × | ✓ | ৪০ |
| ২১ | মরিশাস | × | × | × | × | × | × | × | ✓ | × | × | ঈশ্বর সহায় হোক | ২০১৬ | × | ✓ | × | ৭৫ |
| ২২ | জিবুতি | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | ✓ | ঈশ্বরের নামে | ২০১০ | ✓ | ✓ | × | ২৭ |
| ২৩ | কমরোস | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | ✓ | ঈশ্বর | ২০১৮ | ✓ | ✓ | × | ২৬ |
| ২৪ | বতসোয়ানা | × | × | × | × | × | × | × | × | × | × | × | ২০১৬ | × | ✓ | × | ৫৯ |
| ২৫ | সোমালিয়া | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | ✓ | সর্বশক্তিমান আল্লাহর পরে | ২০১২ | ✓ | × | ✓ | ৫৩ |
| ২৬ | বুরুন্ডি | × | × | × | × | ✓ | × | × | ✓ | ✓ | × | ঈশ্বরের সামনে | ২০১৮ | ✓ | × | ✓ | ৫৩ |
| ২৭ | টোগা | × | × | × | × | ✓ | × | সামাজিক রাষ্ট্র | ✓ | ✓ | × | ঈশ্বরের সুরক্ষার অধীনে | ২০০৭ | ✓ | ✓ | × | ৩৮ |
| ২৮ | লেসিথো | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান ঈশ্বর | ২০১৮ | ✓ | × | ✓ | ৮৩ |

**দ্রষ্টব্য:**
**জাতির জনক:**

- **মরক্কো** — অনুচ্ছেদ ৪৩–মরক্কোর রাজমুকুট এবং তার সাংবিধানিক অধিকারগুলি বংশানুক্রমিক এবং ইহা পুরুষ বংশধরদের মাধ্যমে পিতার কাছ থেকে পুত্রের কাছে সরাসরি সূত্রে এবং মহামান্য রাজা মোহাম্মদ ষষ্ঠের জ্যেষ্ঠতা/পূর্বাধিকার/উত্তরাধিকার অনুসারে স্থানান্তরিত হয়, যদি না রাজা তাঁর জীবদ্দশায় তার বয়োজ্যেষ্ঠ পুত্র ব্যতীত অন্য পুত্রদের মধ্য হতে কাউকে উত্তরাধিকারী মনোনীত করেন। যেক্ষেত্রে সরাসরি সূত্রে কোনো পুরুষ উত্তরাধিকারী থাকে না সেক্ষেত্রে সহগামী নিকটতম পুরুষের নিকট একই শর্তে সিংহাসনের উত্তরাধিকার স্থানান্তরিত হয়।

## উত্তর আমেরিকা

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মার্কিন যুক্তরাষ্ট্র | × | × | × | × | ✓ | × | × | × | × | × | × | ১৯৯২ | ✓ | × | ✓ | ২১ |
| ২ | মেক্সিকো | × | × | × | × | × | × | × | ✓ | ✓ | × | × | ২০১৫ | ✓ | × | ✓ | ১২৭ |
| ৩ | কানাডা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | প্রভু সর্বশক্তিমান | ২০১১ | ✓ | × | ✓ | ৫৭ |
| ৪ | গুয়েতেমালা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | মহান সৃষ্টিকর্তার নামে আহ্বান | ১৯৯৩ | ✓ | ✓ | × | ৭০ |
| ৫ | হাইতি | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | সৃষ্টিকর্তার সামনে | ২০১২ | ✓ | × | ✓ | ৭১ |
| ৬ | ডোমিনিকান রিপাবলিক | নোট দেখুন | × | নোট দেখুন | × | ✓ | × | × | ✓ | × | × | মহান সৃষ্টিকর্তার নামে আহ্বান | ২০১৫ | ✓ | × | ✓ | ৭৩ |
| ৭ | কিউবা | × | × | × | × | ✓ | × | ✓ | ✓ | ✓ | × | × | ২০১৯ | ✓ | ✓ | × | ৫৮ |
| ৮ | এল সালভেদর | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | সৃষ্টিকর্তার প্রতি বিশ্বাস | ২০১৪ | ✓ | ✓ | × | ৬৩ |
| ৯ | কোস্টারিকা | × | × | × | × | × | × | × | ✓ | × | নোট দেখুন | মহান সৃষ্টিকর্তার নামে আহ্বান | ২০২০ | ✓ | ✓ | × | ৪৮ |
| ১০ | পানামা | × | × | × | × | × | × | × | ✓ | × | নোট দেখুন | সৃষ্টিকর্তার সুরক্ষার আহ্বান | ২০০৪ | ✓ | ✓ | × | ৬৯ |
| ১১ | পুয়ের্তো রিকো | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান সৃষ্টিক র্তারপ্রতি আস্থা | ১৯৫২ | × | × | ✓ | ১৭ |
| ১২ | জ্যামাইকা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | প্রভু আমাকে সাহায্য করো | ২০১৫ | × | × | ✓ | ৬৯ |
| ১৩ | বাহামা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান প্রভু | ১৯৭৩ | × | × | ✓ | ৬৫ |
| ১৪ | বেলিজ | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান প্রভু | ২০২১ | × | × | ✓ | ৭৭ |
| ১৫ | বার্বাডোস | × | × | × | × | × | × | × | × | × | × | সর্বশক্তিমান প্রভু | ২০০৭ | × | × | ✓ | ৬৪ |
| ১৬ | সেন্ট লুসিয়া | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান প্রভু | ১৯৭৮ | × | × | ✓ | ৭১ |
| ১৭ | গ্রানাডা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান প্রভু | ১৯৯২ | × | × | ✓ | ৫৯ |
| ১৮ | ডোমিনিকা | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমান প্রভু | ২০১৪ | × | ✓ | × | ৬৭ |

**দ্রষ্টব্য:**

**জাতির জনক:**

- **ডোমিনিকান রিপাবলিক** — প্রস্তাবনা–আমরা, ডোমিনিকান জনগণের প্রতিনিধিরা, মুক্ত ও গণতান্ত্রিকভাবে নির্বাচিত, জাতীয় পর্যালোচনা পরিষদে সমবেত, প্রভুর নাম স্মরণ করে, আমাদের প্রতিষ্ঠাতা জনক হুয়ান পাবলো দুয়ার্তে, মাতিয়াস রামন মেলা এবং ফ্রান্সিসকো দেল রোসারিও সানচেজের মতাদর্শে পরিচালিত,....

**স্বাধীনতার ঘোষণা:**

- **ডোমিনিকান রিপাবলিক** — অনুচ্ছেদ ৩৫–জাতীয় ছুটির দিনসমূহ-২৭শে ফেব্রুয়ারি এবং ১৬ই আগস্ট যথাক্রমে, স্বাধীনতা এবং প্রজাতন্ত্রের পুনঃস্থাপনের বার্ষিকী, জাতীয় ছুটি হিসেবে ঘোষণা করা হয়েছে।

**রাষ্ট্রধর্ম:**

- **কোস্টারিকা** — অনুচ্ছেদ ৭৫–রোমান, ক্যাথলিক, অ্যাপোস্টলিক ধর্ম রাষ্ট্রের ধর্ম, রাষ্ট্র যা প্রতিপালনে সহায়তা করে, তবে প্রজাতন্ত্র অন্য ধর্মবিশ্বাস যা সর্বজনীন নৈতিকতা এবং প্রচলিত প্রথার পরিপন্থি নয় তার মুক্ত চর্চায় বাধা দেয় না।
- **পানামা** — অনুচ্ছেদ ৩৫–পানামার অধিকাংশ জনগণ ক্যাথলিক ধর্ম পালন করেন।

## দক্ষিণ আমেরিকা

| ক্র. নং | দেশ | স্বাধীনতার ঘোষণাপত্র | ভাষণ | জাতির জনক | কোনো ব্যক্তির প্রতিকৃতি | চিরস্থায়ী বিধান | জাতীয়তাবাদ | সমাজতন্ত্র | গণতন্ত্র | ধর্মনিরপেক্ষতা | রাষ্ট্রধর্ম | সর্বশক্তিমানে বিশ্বাস | সর্বশেষ সংশোধন | নতুন সংবিধান দ্বারা প্রতিস্থাপিত | এককক্ষ বিশিষ্ট | দ্বিকক্ষ বিশিষ্ট | আনুমানিক পাতা সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ব্রাজিল | × | × | × | × | ✓ | × | × | ✓ | × | × | × | ২০১৭ | ✓ | × | ✓ | ১৬৫ |
| ২ | কলাম্বিয়া | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০১৫ | ✓ | × | ✓ | ১২১ |
| ৩ | আর্জেনটিনা | × | × | × | × | × | × | × | ✓ | × | নোট দেখুন | × | ১৯৯৪ | ✓ | × | ✓ | ৩৩ |
| ৪ | পেরু | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | নোট দেখুন | সর্বশক্তিমান সৃষ্টিকর্তা | ২০২১ | ✓ | ✓ | × | ৫৫ |
| ৫ | ভেনিজুয়েলা | × | × | × | × | × | × | আইন ও ন্যায়বিচারের সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০০৯ | ✓ | ✓ | × | ৮৫ |
| ৬ | চিলি | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ২০২১ | ✓ | × | ✓ | ৯৪ |
| ৭ | ইকুয়েডর | × | × | × | × | ✓ | × | সমাজতন্ত্র | ✓ | ✓ | × | সৃষ্টিকর্তার নামে | ২০২১ | ✓ | ✓ | × | ১৩২ |
| ৮ | বলিভিয়া | × | × | × | × | × | × | একক সমাজতন্ত্র | ✓ | × | × | সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞতা | ২০০৯ | ✓ | × | ✓ | ৯৬ |
| ৯ | প্যারাগুয়ে | × | × | × | × | × | × | সমাজতন্ত্র | ✓ | × | × | × | ২০১১ | ✓ | × | ✓ | ৬৬ |
| ১০ | উরুগুয়ে | × | × | × | × | × | × | × | ✓ | × | × | × | ২০০৪ | ✓ | × | ✓ | ৭৮ |
| ১১ | গায়ানা | × | × | × | × | × | × | সমাজতন্ত্রে রূপান্তরিত রাষ্ট্র | ✓ | ✓ | × | × | ২০১৬ | ✓ | ✓ | × | ৯৮ |
| ১২ | সুরিনাম | × | × | × | × | × | × | × | ✓ | × | × | সর্বশক্তিমানের ক্ষমতা | ১৯৯২ | ✓ | ✓ | × | ৪৩ |

**দ্রষ্টব্য:**

**রাষ্ট্রধর্ম:**

- **আর্জেন্টিনা** — অনুচ্ছেদ ২–ফেডারেল সরকার রোমান ক্যাথলিক অ্যাপোস্টলিক ধর্মকে সমর্থন বা পরিপোষণ করে।
- **পেরু** — অনুচ্ছেদ ৫০–একটি স্বাধীন এবং স্বায়ত্তশাসিত ব্যবস্থার মধ্যে, রাষ্ট্র পেরুর ঐতিহাসিক, সাংস্কৃতিক, এবং নৈতিক গঠনে ক্যাথলিক গির্জাকে একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে স্বীকৃতি দেয়, এবং গির্জাকে তার সহযোগিতা প্রদান করে।

# পরিশিষ্ট ১৪

## ওয়েবসাইটে প্রাপ্ত মতামত

জুলাই-আগস্ট ২০২৪ এর ছাত্র জনতার গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে সংবিধান সংস্কারের লক্ষ্যে গঠিত বাংলাদেশ সংবিধান সংস্কার কমিশনের দাপ্তরিক কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিগত ৫ নভেম্বর, ২০২৪ তারিখ https://crc.legislativediv.gov.bd/ নামে কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট লাইভ করা হয়।

উক্ত ওয়েবসাইটের মাধ্যমে ২৫ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ৫০,৫৭৩ জন ব্যক্তি বা সংগঠন ওয়েব সাইটের মাধ্যমে মতামত প্রদান করে, এরমধ্যে ৩৪৫৩ জন অনলাইনে পিডিএফের মাধ্যমে মতামত প্রদান করেছেন।

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **সংবিধান সংস্কার** | ১৯৪৭, ১৯৭১ ও ২০২৪ এর সমন্বয়ে নতুন প্রজাতন্ত্র ঘোষণা করতে হবে | ৩৬৮৯ |
| | ১৯৭২ সালের সংবিধানে ফিরে যাওয়া হোক/৭২-এর সংবিধান সংশোধন করা উচিত হবে না | ১৫০০ |
| | সংবিধান সংশোধনে বর্তমান অর্ন্তবর্তী সরকার ও কমিশনের কোনো অধিকার নেই | ১৭৯৪ |
| | ৭১ এর চেতনা ও ২৪ এর গণঅভ্যুত্থানের স্পিরিট প্রতিফলন করবে এমন সংবিধান চাই | ২২১৫ |
| | ৭২-এর সংবিধান বাদ দিতে হবে/৭২-এর সংবিধান বাতিল করতে হবে | ২০৩০ |
| | সংবিধান সংস্কারে ৭১-এর মূল স্পিরিট ঠিক রাখতে হবে | ৮৪৮ |
| | মুক্তিযুদ্ধের ঘোষণা পত্রের আলোকে নতুন সংবিধান লেখা হোক | ৫১০ |
| | সংবিধান সংস্কার, সংশোধন বা পরিবর্তন করা হোক | ১০৯২৪ |
| | সংবিধান নতুন করে লেখা হোক/সম্পূর্ণ নতুন সংবিধান লেখা হোক | ৩৫৬৭ |
| | শুধু সংবিধানের বিতর্কিত ধারাগুলো বাতিল/ সংস্কার করতে হবে | ১৬১৭ |
| | নির্বাচিত সরকার ছাড়া কেউ সংবিধান সংস্কার করতে পারে না/সংবিধান সংস্কারে বর্তমান সরকার বা কমিশনের কোনো অধিকার নেই/ সংসদ বহাল না থাকা অবস্থায় সংবিধান সংস্কার সম্পূর্ণ অপ্রয়োজনীয়। | ১৭২৩ |
| | বাংলাদেশের সংবিধান যথেষ্ট ভালো/সংবিধান সংস্কার বা নতুন করে লেখার দরকার নেই | ৯৮৯ |
| | বিদ্যমান সংবিধান সম্পূর্ণ বাতিল করা হোক | ৭৬৫ |
| | সংবিধান সংশোধন করে এমন একটি জায়গায় নিতে হবে, যাতে করে কেউ চাইলেই আবার সংশোধন করে নিজের মতো স্বৈরাচারী রূপ দিতে না পারে। | ১৫৪৩ |
| | ইসলামি প্রজাতন্ত্র ঘোষণা করতে হবে | ১৭৬১ |
| | ইসলামি প্রজাতন্ত্র বানিয়ে মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করবেন না। | ৬৫৯ |
| | ইসলামী ভাবধারায় দেশ পরিচালিত হোক। বাংলাদেশ ইসলামিক রাষ্ট্র হিসেবে গড়ে উঠুক | ৩০৩১ |
| | ইসলামী শরীয়া ভিত্তিক বা ইসলামীক সংবিধান চাই। | ৩৫৬৭ |
| | এমন সংবিধান চাই যেখানে সরকার চাইলেও মানুষের ওপর অন্যায়ভাবে নির্যাতন করতে পারবে না | ১৩৫৬ |
| | এমন সংবিধান চাই যেখানে স্বৈরাচার ও ফ্যাসিষ্ট তৈরি হতে না পারে/পুনরায় কোনো দল ও ব্যক্তি স্বৈরাচার ও ফ্যাস্টিট হতে না পারে সংবিধানে তার ব্যবস্থা রাখা হোক। | ২৩৫০ |
| | কোরআন, সুন্নাহ ও আল্লাহ-এর দেয়া বিধানের আলোকে সংবিধান প্রণয়ন/দেশ পরিচালনা করা হোক। | ৪২২৩ |
| | কোরআন, সুন্নাহ ও ইসলাম বিরোধী কোনো কিছু সংবিধানে থাকা চলবে না বা বাতিল করতে হবে। | ৫৭৫১ |
| | কোরআনকে সংবিধান করা হোক | ২১৫৬ |
| | রাষ্ট্র পরিচালনায় সুশীল ও ইসলামি স্কলারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | ৮০০ |
| | সংবিধান সংস্কার ও নতুন সংবিধান প্রণয়নে ইসলামী মূল্যবোধ অনুসরণ করা হোক। | ৩৯৮১ |
| | প্রজাতন্ত্রে জনগণের সরকার থাকবে যাদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ছাড়া অন্য কোনো নাগরিকত্বের মর্যাদা থাকবে না | ১৬২৪ |
| | ক্ষমতাসীন দল যেন সংবিধান মেনে চলে তা নিশ্চিত করতে হবে | ১৮৭৯ |
| | গণতন্ত্র ও স্বাধীনতার মূল মন্ত্র বজায় রেখে সংবিধান সংস্কার করা উচিত | ২৬৮৭ |
| | গণতন্ত্র বিরোধী সকল অনুচ্ছেদ, ধারা, আইন বাদ দিতে হবে। গণতন্ত্র হবে প্রথম অগ্রাধিকার | ২০৭৫ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | পরবর্তীতে সংবিধান সংশোধনের জন্য আলাদা কমিশন গঠন করতে হবে। | ৪৪০ |
| | গণভোট ৫০-৭০ শতাংশ ভোট বা মহামান্য সুপ্রিম কোর্টের মতামত ব্যাতিত সংবিধান সংশোধন নিষিদ্ধের আইন করা হোক | ১৩৫৫ |
| | সংবিধান সংস্কার করতে হলে রাজনৈতিক দলের ৮০ শতাংশ সমর্থন থাকতে হবে | ৩০০ |
| | সংস্কার জনগণের সামনে উপস্থাপন করা হোক জনগণ উক্ত প্রস্তাবে রাজি হলে ভোট দিবে না হয় প্রত্যাহার করবে। ৮০/৯০ শতাংশ ভোট ছাড়া সংবিধান সংস্কার করা যাবে না | ৪৯৮ |
| | বর্তমান বা ভবিষ্যতে সংবিধান পরিবর্তন বা পরিমার্জন করতে হলে দেশের সকল দলের মতামতের ভিত্তিতে করতে হবে। | ২৫৭৯ |
| | সংবিধান সংশোধন সর্বস্তরের জনগণের হ্যাঁ / না- গণভোটের মাধ্যমে সম্পন্ন করতে হবে। সংবিধানের সংস্কার বা সংশোধনের জন্য গণভোটের আয়োজন করার বিধান রাখা উচিত/ সংসদীয় সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে সংবিধানে সংস্কার আনার বিধান বাতিল করে জনগণের ভোটের মাধ্যমে সংস্কার চালু করা হোক | ২২৫৫ |
| | দুই তৃতীয়ায়শ সংখ্যাগরিষ্ঠতায় সংবিধান সংশোধন করা যাবে না। প্রয়োজনে উভয় কক্ষের সকলের সম্মতিতে সংবিধান সংশোধন করতে হবে।/সংবিধান সংশোধনে দুই-তৃতীয়াংশ ভোটের বিধান রাখা হোক | ৮৭৯ |
| | গোষ্ঠি স্বার্থে সংবিধানের আংশিক পরিবর্তন কাম্য নয় | ১৫৬৯ |
| | জনগণের চাহিদা অনুযায়ী ও কল্যাণের জন্য সংস্কার করা উচিত। কোনো গোষ্ঠি যেন বাড়তি সুবিধা নিতে না পারে | ১৩৭০ |
| | জাতীয় স্বার্থ এবং সার্বভৌমত্ব রক্ষা নিয়ে সংবিধানে বিশেষ বিধান থাকুক | ১৭৮৩ |
| | দল মত নির্বিশেষে সবার অংশগ্রহণ এবং সবার স্বাধীনতা রক্ষা করতে হবে | ৬৪৫ |
| | বাংলাদেশের জনগণের ভোটাধিকার নিশ্চিত হবে এমন একটি সংবিধান প্রয়োজন / গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সংবিধানে যে সকল পরিবর্তন আনা দরকার তা আনতে হবে | ৫৯০ |
| | দুটি সংবিধান লিখুন, একটি প্রভাবশালীদের জন্য, একটি সাধারণ জনগণের জন্য | ৪৭৯ |
| | দেশের আইন ও শৃঙ্খলা রক্ষায় আইনের প্রতিফলন ঘটাতে সংবিধানে বিশেষ বিধান রাখা উচিত। | ১০০ |
| | দেশের সাধারণ মানুষকে তাদের অধিকার ফিরিয়ে দিতে হবে | ৫৪৮ |
| | নতুন সংবিধান হোক জনগণের মূল্যবোধ, অধিকার এবং ন্যায়বিচারের উপর দৃষ্টি নিবদ্ধ করে, জবাবদিহিতা, ক্ষমতার ভারসাম্য নিশ্চিত করে আর্থিক বৈষম্য হ্রাস ও জুলাই বিপ্লবের চেতনায় অনুপ্রাণিত। | ৪৩০ |
| | নির্বাচিত সরকার অবশ্যই নাগরিক সমাজের কাছে জবাবদিহিতা করতে বাধ্য থাকবে। নাগরিক সমাজ কমিটিতে খাঁটি দেশপ্রেমিক বুদ্ধিজীবী রাখতে হবে। এই কমিটির ভেটো প্রদানের ক্ষমতা থাকবে। সরকারের যে কোনো গণবিরোধী সিদ্ধান্ত তারা বন্ধ করবে | ২০ |
| | ন্যায্য অধিকার (সম অধিকার নয়), দুর্নীতি বিরোধী ন্যায় বিচার সংবলিত একটি সংবিধান প্রণয়ন প্রয়োজন | ১৫৬৬ |
| | পরবর্তীতে সংবিধানের কোনো রুলস অবৈধ ঘোষণা না করতে পারে তার আইনগত বিধান তৈরি করতে হবে | ৪৬৮ |
| | পরিবারতন্ত্র বন্ধ করতে হবে/ সংবিধান থেকে পরিবারতন্ত্র বাদ দিতে হবে/কোন ব্যাক্তি বা পরিবার বন্দনা সংবিধানে থাকতে পারবে না | ৩১৭৮ |
| | বাংলাদেশের শিল্প সংস্কৃতি, ঐতিহ্য, গৌরবময় ইতিহাসবান্ধব সংবিধান চাই | ১৫০ |
| | বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন সহ ছাত্রদেরকে প্রায়োরিটি দিয়ে সংবিধানের মধ্যে বিভিন্ন পরিবর্তন আনা উচিত | ৩৬৭ |
| | মুজিববাদ থেকে বের হতে চাই, এবং স্থিতিশীল একটা সংবিধান চাই, যেটা হবে গণমানুষের সংবিধান, কোনো দালালের না | ৪৪০ |
| | মুসলিম দেশ হিসেবে ইসলামিক শাসনকে অগ্রাধিকার প্রদান করা হোক/ মুসলিম দেশ হিসেবে ইসলামিক শাসনকে অগ্রাধিকার প্রদান করা হোক | ৬৭৫ |
| | মূল নীতিগুলি মাথায় রেখে সময়ের সাথে সাথে সংবিধানের আধুনিকীকরণের ব্যবস্থা রাখতে হবে। | ২৭৯ |
| | রাজনীতির বদলে জননীতি বা রাষ্ট্রনীতি লেখা হোক | ২৩ |
| | রাজনৈতিক দল নয়, সকল ক্ষমতার অধিকারী হবে জনগণ | ১৫৪০ |
| | সংখ্যাগরিষ্ঠ মানুষের ধর্মীয় মূল্যবোধকে অক্ষুণ্ণ রেখে সংবিধান তৈরি করা উচিত। সংখ্যাগরিষ্ঠ মানুষের ধর্মীয় বিশ্বাস, মূল্যবোধ ও সংস্কৃতি প্রতিফলিত হোক | ১১৩০ |
| | সংবিধান পাঠ্য বইতে অন্তর্ভূক্তিকরণ | ১২৪৫ |
| | সংবিধান প্রণয়নের ক্ষেত্রে কমিটিতে বাংলাদেশের সব ধর্মের, জাতি, বর্ণের মানুষের প্রতিনিধি থাকা উচিত। | ২১ |
| | সংবিধান বাতিলের সুযোগ নেই। ৮৪টি সংশোধনীর পর ১৯৭২ সালে সংবিধান প্রণীত হয়েছে। সেই সংবিধান, জাতীয় পতাকা, জাতীয় সংগীত বদল হতে পারে না। | ৪ |
| | সংবিধান সহজ, সংক্ষিপ্ত হতে হবে/ সংবিধানের ভাষা সাধারণ মানুষের বোঝার উপযোগী করতে হবে | ৩১২০ |
| | সংবিধান এমন সংস্কার হোক, যা সঠিক মানবাধিকার, গণতান্ত্রিক এবং জাতির চূড়ান্ত শক্তির উৎস হোক | ৪৫০ |
| | সংবিধান তিনটি অধ্যায় থাকবে। ক. অধ্যায় থাকবে দেশের নিজস্ব বৈশিষ্ট্য যা পরিবর্তন যোগ্য নহে। খ. অধ্যায় থাকবে নির্বাচন ব্যবস্থা বিচার বিভাগ স্বাধীন ব্যবস্থা,দুর্নীতি বিষয় ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় যা গণভোটের মাধ্যমে সংস্কার যোগ্য। গ. অধ্যায় থাকবে অনান্য বিষয় যা সংসদে সংস্কার যোগ্য এবং ইহা গণভোটে ও সংস্কার যোগ্য | ৫৬ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | সংবিধান লংঘনের জন্য সর্বোচ্চ শাস্তির বিধান করতে হবে | ৫০৯ |
| | সংবিধান পরিবতনের পদ্ধতি এমন করতে হবে যাতে জাতীয় ঐক্যমত ছাড়া এ সংবিধান পরিবতন না করা যায় | ১২ |
| | গুরুত্বপূর্ণ আইন পাশ করার আগে গণভোটের আয়োজন করতে হবে | ১১০৯ |
| | হ্যাঁ, না ভোটের বিধান চালু করতে হবে | ২৬০৯ |
| | সংবিধান সংস্কারের মধ্য দিয়ে একদলীয় সরকার ব্যবস্থা বাতিল করতে হবে | ৫৪৮ |
| | হারাম, সুদমুক্ত, দুর্নীতিমুক্ত সংবিধান চাই | ২৩৮৫ |
| | সংবিধান হতে হবে উদার ও গণতান্ত্রিক | ১৫২৯ |
| | সংবিধান হতে হবে বৈষম্যবিরোধী | ১৬৯০ |
| | সংবিধান হবে ইরান, তুরস্কের মতো ইসলামী রাষ্ট্রের মতো/ মুসলিম দেশের আদলে সংবিধান পুনর্গঠন করা হোক | ৫৭০ |
| | সংবিধান হবে উন্নত রাষ্ট্রের মতো (যুক্তরাষ্ট্র, ইইউ, ফিনল্যান্ড, ফ্রান্স) | ৫৪৫ |
| | বাংলাদেশীদের জন্য উপযুক্ত এমন সংবিধান করা দরকার। ইউরোপ, আমেরিকা গ্রিক, ম্যাথডোলজি এখানে প্রযোজ্য নয়, সাথে সাথে প্রতিবেশীদের প্রতি যথাযথ পররাষ্ট্রনীতি থাকতে হবে | ৪৪৯ |
| | সুষ্ঠু ও নৈতিক সংবিধান চাই | ৫০৯ |
| | সাধারণ জনগণকে রক্ষার বিধান রাখা হোক সংবিধানে | ৩০৯০ |
| | সংবিধানে জনআঙ্ক্ষার প্রতিফলন থাকতে হবে। সংবিধান হবে জনবান্ধব। সংবিধান হবে জনগণের অধিকার রক্ষার। | ২২৩ |
| | জননিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা, অর্থ, আইন, বিচারকে গুরুত্ব দিয়ে সংবিধান তৈরি করা হোক | ১৮৬৭ |
| | সংবিধানকে দুষ্পপরিবর্তনীয় করতে হবে যাতে কেউ ক্ষমতায় গিয়ে নিজ স্বার্থে সংবিধান পরিবর্তন করতে না পারে | ২০৯০ |
| | সংবিধানটি এমন হওয়া উচিত যাতে ৫০ থেকে ১০০ বছর এই সংবিধান মাধ্যমে সকল কার্যাবলি পরিচালনা করা যায় | ৪০ |
| | সংবিধানটি এমন হওয়া উচিত যাতে শুধু নারীদের অধিকার নয়, পুরুষেরও অধিকার সেখানে সমান ভাবে থাকে। | ১৩৬০ |
| | সংবিধানে অতিরিক্ত ধারা উপধারা তৈরি করা যাবে না | ৬৫১ |
| | সংবিধানে সংযোজন ও বিয়োজনের ক্ষেত্রে সকল দল ও জনগণের মতামত নেয়ার বিধান রাখা হোক | ৩৩৫ |
| | সংবিধানের অগণতান্ত্রিক ধারাগুলো বাদ দেওয়া হোক | ৫০৬ |
| | সংবিধানের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ভাগ সংসদ বা সংসদ সদস্যদের মাধ্যমে পরিবর্তন করা যাবে না | ৭০ |
| | সময় উপযোগী, মৌলিক অধিকার, ন্যায়বিচার ও ধর্মীয় মূল্যবোধ রক্ষা, দেশের স্বাধীনতা- সার্বভৌমত্ব সমুন্নত রাখার মতো সংবিধান চাই | ৪৩৩ |
| | সংস্কারের মূল লক্ষ্য হোক একেবারে উপর থেকে নীচ পর্যন্ত প্রশাসনিক ও আর্থিক জবাবদিহিতা নিশ্চিত করা | ৭০০ |
| | স্বৈরাচার হওয়ার সুযোগ দূরীকরণে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হোক | ৩৩৩৭ |

| বিষয় | সুপারিশ | সুপারিশকারীর সংখ্যা |
|---|---|---|
| **শুরু** | সংবিধানের শুরুতে "সমিল্লাহির রহমানির রহিম" এর অর্থ হিসেবে শুধু "পরম করুনাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু" রাখা | ১৫৫৭৮ |
| | সংবিধানে আল্লাহর প্রতি পূর্ণ আস্থা এবং বিশ্বাস উল্লেখ করতে হবে | ৫৩৪৩ |
| | মহান মুক্তিযুদ্ধকে সর্বোচ সম্মানের জায়গায় আসীন করতে হবে | ১৬৬০ |
| | আল্লাহ ও রাসুলের প্রতি বিশেষ সম্মানের ব্যবস্থা রাখতে হবে | ১৩৪৭ |
| | হযরত ইব্রাহিম (আঃ)কে জাতীর পিতা হিসেবে ঘোষণা করা হোক | ৯ |
| | সংবিধানে জাতীয় চার নেতাকে স্বীকৃতি দিতে হবে | ৭০৭ |
| | ২০২৪ সালের জুলাই-আগষ্ট অভুত্থানের বিষয় উল্লেখ থাকতে হবে | ৩৮৭ |
| | ১৯৭১ সালের প্রকৃত ইতিহাস কোনো রাজনৈতিক দল ক্ষমতায় আসলে মুছে দিতে না পারে এবং সমানভাবে ২০২৪ গণঅভ্যুত্থানের ইতিহাসকে প্রাধান্য দিতে হবে। | ২৩৮৯ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **রাষ্ট্রপতি** | একই সঙ্গে দলীয় প্রধান, প্রধানমন্ত্রী/রাষ্ট্রপতি, সংসদ নেতা বা সংসদ সদস্য হতে পারবেন না | ৫৫৬৭ |
| | রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর দায়িত্ব পালনের নির্দিষ্ট সময় নির্ধারণ করে দেওয়া উচিত, যেন একই ব্যক্তি দীর্ঘ সময় ধরে ক্ষমতায় থাকতে না পারেন। | ৪৫০০ |
| | প্রধানমন্ত্রী বা রাষ্ট্রপতি যেকোনো একজনকে প্রধান বিরোধী দল থেকে নির্বাচিত করতে হবে | ১৬৮ |
| | রাষ্ট্রপতি হবেন নির্দলীয়। কোনো দলের সাথে সরাসরি যুক্ত ছিলেন এমন কেউ রাষ্ট্রপতি হতে পারবেন না। | ১৩৯০ |
| | রাষ্ট্রপতি এবং সরকার তার কাজের জন্য জনগণের নিকট দায়বদ্ধ থাকবে | ১৬৭১ |
| | রাষ্ট্রপতির সম্মতি নিয়ে দ্বিপাক্ষিক বা বহুপাক্ষিক চুক্তি সম্পন্ন করতে হবে | ৩৩৯ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | রাষ্ট্রপতি বিরোধি দল থেকে নেওয়ার নিয়ম করা হোক | ১০ |
| | উপ-রাষ্ট্রপতি ও উপ-প্রধানমন্ত্রী পদ সৃষ্টি করা হোক | ১৮৫০ |
| | দুইবার বা দুই মেয়াদের বেশি রাষ্ট্রপতি থাকতে পারবে না বা দুইবারের বেশি কেউ রাষ্ট্রপতি হতে পারবে না | ২২৯৮ |
| | রাষ্ট্রপতির মেয়াদ হবে ৪ বছর | ২০৫৬ |
| | সংসদ নির্বাচনের ২ বছর ৫/৬ মাস পর রাষ্ট্রপতি নির্বাচন হবে। | ৭০ |
| | মেয়াদ শেষ হওয়ার ৪৫ দিন আগে প্রধানমন্ত্রীর পদত্যাগ করতে হবে। যদি প্রধানমন্ত্রী ৪৫ দিনের মধ্যে পদত্যাগ না করেন সেক্ষেত্রে ৬০ দিনের মধ্যে রাষ্ট্রপতি সংসদ ভেঙে দেয়ার বিধান রাখতে হবে। | ৫৬ |
| | সরাসরি ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হতে হবে | ৪৬৭০ |
| | নির্বাচনী কলেজ ব্যাবস্থা (ইলেকটোরাল ভোট) এর মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচিত হবে | ১৬৯৮ |
| | রাষ্ট্রপতি শাসন ব্যবস্থা প্রণয়ন করা হোক বা রাষ্ট্রপতি শাসিত সরকার প্রতিষ্ঠা করা হোক | ২৫০৯ |
| | রাষ্ট্রপতি ও সরকার প্রধান একই ব্যক্তি হবেন। রাষ্ট্রপতি শাসিত সরকার হবে | ৮৭৮ |
| | রাষ্ট্রপতি স্বাক্ষর না করলে অটো সাক্ষর হয়ে যাবে এমন বিধান বাদ দিতে হবে। | ৩৫৮ |
| | রাষ্ট্রপতির দণ্ড মওকুফ করার এখতিয়ার বাতিল করতে হবে | ১৮৯৭ |
| | রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিশংসন আইন থাকতে হবে। | ১৮৯০ |
| | রাষ্ট্রপতি নির্বাচনে দেশের সকল ১ম শ্রেনীর নাগরিক(গ্রেজুয়েশন কমপ্লিট করা ব্যক্তি)যুক্ত করার আবেদন রইল। | ২০ |
| | রাষ্ট্রপতির ক্ষমতা বাড়ানো উচিত | ১৭৬৬ |
| | রাষ্ট্রপতির দায়মুক্তির বিধান বাতিল করতে হবে | ১৫৬৯ |
| | রাষ্ট্রপতির সম্মতি নিয়ে দ্বিপাক্ষিক বা বহুপাক্ষিক চুক্তি সম্পন্ন করতে হবে | ২৪৮১ |
| | রাষ্ট্রপতি এবং সরকার তার কাজের জন্য জনগণের নিকট দায়বদ্ধ থাকবে | ২৭১০ |
| | রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, সংসদ সদস্যদের সবোচ্চ বয়স সীমা নিধারণ করতে হবে। (৬০/৬৫/৭০ বছর) | ৫৪৩ |
| | রাষ্ট্রপতি নিয়োগের ক্ষেত্রে সুপ্রিম কোর্টের প্রাক্তন প্রধান বিচারপ্রতিদের নিয়োগ প্রদান করতে হবে। | ১০ |
| | সংবিধানে উপরাষ্ট্রপতি পদ চালু করতে হবে। সামরিক বাহিনী হতে উপরাষ্ট্রপতি পদে নিয়োগ দিতে হবে। | ৫ |
| | রাষ্ট্রপতি পদ তুলে উপদেষ্টা পরিষদ গঠন করা। উপদেষ্টা হবেন রাজনৈতিক দলগুলোর মধ্যে নির্বাচনে প্রথম, দ্বিতীয় ও তৃতীয়দের সমন্বয়ে। | ১০ |
| | রাষ্ট্রপতি নির্বাচনে নির্দিষ্ট সংখ্যাক ভোট না পেলে। সেরা তিনজনকে নিয়ে আবার নির্বাচন করতে হবে। | ২৪ |
| | রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্য রক্ষায় ফ্রান্সের মডেল অনুসরণ করুর। যেখানে রাষ্ট্রপতি বিদেশনীতি, জাতীয় নিরাপত্তা ও প্রতিরক্ষা দেখবেন এবং প্রধানমন্ত্রী প্রশাসনিক কাজ ও অভ্যন্তরীণ নীতি বাস্তবায়ন করবেন। | ৫০ |
| | রাজনৈতিক পটভূমি থেকে রাষ্ট্রপতি নির্বাচিত বা নির্বাচিত হওয়া উচিত নয়। তাকে ব্যক্তিগত যোগ্যতা এবং শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত করা উচিত। | ২১ |
| | রাষ্ট্রপতির নির্বাচন সংসদ সদস্যকে না দিয়ে বরং এটা প্রশাসনের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের উচ্চতর কর্মকতাদের ভোটে হওয়া উচিত (এদেরকে electoral vote বলতে পারেন )। যেমনঃ বিচার বিভাগের বিচারপতি, বর্তমান রাষ্ট্রপতি, বিশ্ববিদ্যালয়ের প্রফেসর অথবা অধ্যক্ষ/প্রাধ্যক্ষ, সেনাবাহিনীর উধ্বতন কর্মকর্তা, বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী (যাদের সর্বনিম্ন যোগ্যতা ডক্টরেট থাকবে )। ৯০% ভোটে নির্বাচিত হতে হবে।<br>এই electoral vote সদস্যদের ৫০% যদি মনে করে বর্তমান সরকার ব্যবস্থা ভাল না তাহলে তারা তাদের ভোটের মাধ্যমে সংসদ ভেঙে দিয়ে নতুন নির্বাচনের মাধ্যমে আবার সংসদ নির্বাচন দেওয়ার ক্ষমতা থাকবে | ১২ |
| | রাষ্ট্রপতি নির্বাচনে আলাদা নির্বাচন বা রেফারেন্ডাম রাখা, এবং রাষ্ট্রপতি প্রয়োজনবোধে সংসদীয় বিশেষ কমিটি এবং আইন কমিশনের নিকট প্রস্তাবিত বিল সম্পর্কে নিজের মতামত প্রদান এবং প্রয়োজনবোধে জনগণের সরাসরি মতামতের ভিত্তিতে ভেটো ক্ষমতা রাখা। | ১ |
| | রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীকে কুরআন-সুন্নাহর জ্ঞান, সততা ও নেতৃত্বের গুনাবলীসম্পন্ন হতে হবে | ৩০০ |
| | রাষ্ট্রপতিকে সকল সাংবিধানিক পদে নিয়োগের পূর্ণ ক্ষমতা, জরুরী অবস্থা জারি, বৈদেশিক চুক্তি এবং সামরিক চুক্তি সহ আরো কোনো কোনো বিষয়ে ভেটো প্রদানের ক্ষমতা সহ আরো নির্বাহী ক্ষমতা প্রদান করা দরকার | ৭৭ |
| | রাষ্ট্রপতি, স্পিকার, ডেপুটি স্পিকার, আইনমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী হবেন অরাজনৈতিক ব্যক্তি। রাষ্ট্রপতি নিবাচনের জন্য জুরি বোড থাকবে। | ১২ |
| | রাষ্ট্রপ্রতি নির্বাচনে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ভোটে নির্বাচন করা উচিৎ। নির্বাচন কমিশনার নিয়োগের ক্ষেত্রেও নির্বাচন হওয়া উচিৎ এটিও বিশ্ববিদ্যালয়ের সিনেটের মাধ্যমে হওয়া উচিৎ। প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি, সেনাবাহিনী,পুলিশ প্রধান, সরকারি সকলের জন্য এক নিয়ম একি পোস্টে এক ব্যাক্তি ১০ বছরের বেশি থাকতে দেওয়া যাবে না। প্রধানমন্ত্রী নির্বাচনে মধ্যবর্তী নির্বাচন করা উচিৎ | ১০ |
| | রাষ্ট্রপতি স্থানীয় সরকার ও সংসদ সদস্যদের দ্বারা জীবনে একবার নির্বাচিত হতে পারেন এবং তিনি কোনো রাজনৈতিক দলের প্রতিনিধি হতে পারবেন না। তবে প্রতিটি সংসদ সদস্য দ্বারা মনোনীত হতে পারেন (একটি রাজনৈতিক দল একজন ব্যক্তিকে মনোনীত করতে পারে) | ৩২০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | নির্বাচন জাতীয় কমিটির (প্রতিটি রাজনৈতিক দলের প্রতিনিধি) দ্বারা অনুষ্ঠিত হওয়া উচিত এবং রাষ্ট্রপতি সেই দলের নেতৃত্ব দেবেন। | ২৩ |
| | সংসদ সদস্য কর্তৃক রাষ্ট্রপতি নির্বাচনের নিয়ম বাতিল হোক | ৪৪০ |
| | রাষ্ট্রপতিকে অনার্স/ মাস্টার্স/ পিএইচডি হতে হবে | ২৩৯০ |
| | সংসদের স্পিকার নির্বাচন করবে জনগণের ভোটে নির্বাচিত রাষ্ট্রপতি। | ২২ |
| | রাষ্ট্রপতির ওপরে অনাস্থা উচ্চ কক্ষে আসবে | ১৯৭ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **প্রধানমন্ত্রী** | প্রধানমন্ত্রীর মেয়াদ হবে ৪ বছর | ৮৯৮৬ |
| | একজন ব্যক্তি সর্বোচ্চ ১ বারের বেশি প্রধানমন্ত্রী হতে পারবে না। গ্যাপ দিয়ে সর্বোচ্চ ২ বার হতে পারবে। | ৭০ |
| | দুইবার বা দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবে না বা দুইবারের বেশি কেউ প্রধানমন্ত্রী হতে পারবে না | ১১০৯৮ |
| | প্রধানমন্ত্রীকে অর্নাস/মাস্টার্স/পিএইচডি পাশ হতে হবে | ৩৮৯৯ |
| | প্রধানমন্ত্রী যেন সেনাবাহিনী ও অন্য কোনো বাহিনীকে ব্যবহার করতে না পারে | ৭০৩ |
| | কোন সিদ্ধান্ত প্রধানমন্ত্রী একা নিতে পারবে না, আগে সংসদে তার সিদ্ধান্ত প্রকাশ করতে হবে যদি বেশি ভোট পায় তবেই গৃহীত হবে এবং যদি এটি অযৌক্তিক হয় তবে রাষ্ট্রপতি হস্তক্ষেপ করবে | ৪৩০ |
| | ২০০ সংসদ সদস্য গোপন ভোটে প্রধানমন্ত্রীর উপর অনাস্থা জানাতে পারবেন, এতে প্রধানমন্ত্রী পরিবর্তন হবে, তবে সংসদ ভেঙে যাবে না। | |
| | কোনো নিদিষ্ট এলাকার এমপি প্রধানমন্ত্রী নিবাচিত হওয়ার বিষয়টি গণতান্ত্রিক নয়। একজন ব্যক্তি প্রধানমন্ত্রী হিসেবে সারা দেশের সকলের ভোট নিয়ে নিবাচিত হবেন। | ১৩ |
| | জনপ্রতিনিধি নির্বাচিত করার সাথে দেশের সকল নাগরিক আলাদাভাবে প্রধানমন্ত্রী নির্বাচিত করার জন্য ভোট দিবে এবং যে জনগনের বেশি ভোট পাবে সে প্রধানমন্ত্রীর ক্ষমতা পাবে। | ১৪৯ |
| | প্রধানমন্ত্রীর ক্ষমতা কমানো হোক | ৪০০৬ |
| | প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির মধ্যে ক্ষমতার ভারসাম্য আনতে হবে | ৫৬৫৭ |
| | প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি ও বিরোধী দলীয় নেতার মধ্যে ক্ষমতার ভারসাম্য আনতে হবে | ২৭৮৯ |
| | প্রধানমন্ত্রী অপসারণের ক্ষেত্রে এক-তৃতীয়াংশ মেজোরিটির ভোটের বিধান রাখা | ২৭৯ |
| | বিচারপতি নিয়োগ, নির্বাচন কমিশন গঠন, ন্যায়পাল নিয়োগ, সেনাপ্রধান মনোনয়নসহ সাংবিধানিক কমিশন গঠনের দায়িত্ব রাষ্ট্রপতির হাতে রাখা এবং এই ব্যাপারে প্রধানমন্ত্রীর সাথে পরামর্শের বিধান বাতিল করতে হবে | ২৬৯ |
| | প্রধানমন্ত্রীর ওপরে অনাস্থা শুধু নিম্ন কক্ষ আনতে পারবে। | ৬৪০ |
| | প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি, মন্ত্রী, এমপি, চেয়ারম্যান, মেম্বার সরকারে থাকাকালীন দলীয় কোনো কর্মসুচীতে অংশগ্রহণ করতে পারবেন না। | ২৯৮ |
| | ফ্রান্সের আদলে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদের মাঝে ক্ষমতার সুষ্ঠু বন্টন করুন। এতে আশা করি একটি পদ অতি ক্ষমতাশালী হয়ে উঠবে না। | ৩০০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **মন্ত্রী, সংসদ সদস্য** | দুইবারের বেশি কেউ মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী হতে পারবে না | ৪৭০০ |
| | দলীয় পদে থেকে মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী হতে পারবেন না | ১৫৪৭ |
| | একই পরিবার থেকে একাধিক ব্যাক্তি প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি, মন্ত্রী, এমপি, দল ও রাষ্ট্র প্রধান হতে পারবেন না | ২২৯০ |
| | রাষ্ট্রপ্রধান বা সরকার প্রধান শারীরিক অসুস্থতা, মৃত্যু, বা অভ্যুত্থানের মুখে পলায়ন করলে পরবর্তীতে কি ব্যবস্থা হবে সে বিষয়ে বিধান রাখতে হবে। | ১২ |
| | মন্ত্রীসভায় আনুপাতিক হারে সব দল থেকে মন্ত্রী নিয়োগের বিধান রাখতে হবে/ ভোটের আনুপাতিক হারে মন্ত্রণালয়ের মন্ত্রী প্রতিমন্ত্রী হবে। সব দল থেকে মন্ত্রী নিয়োগের বিধান রাখতে হবে। | ২৯০ |
| | মন্ত্রীদের কাজ ও অভিজ্ঞতা দেখে মনোনয়ন দিতে হবে, অযোগ্য কেউ ক্ষমতায় আসতে না পারে, তা নিশ্চিত করুন | ৫৫১ |
| | রাষ্ট্রপ্রধান বা সরকার প্রধান শারীরিক অসুস্থতা, মৃত্যু, বা অভ্যুত্থানের মুখে পলায়ন করলে পরবর্তীতে কি ব্যবস্থা হবে সে বিষয়ে বিধান রাখতে হবে | |
| | টেকনোক্রেট মন্ত্রী নিয়োগের বিধান বাতিল করতে হবে | ৪৯০ |
| | টেকনোক্রেট কোটায় মন্ত্রী নিয়োগের লিমিটেশন তুলে দেয়া হোক যাতে অধিক টেকনোক্রেট থেকে আরো মন্ত্রী নেয়া যায় | ৩৫৪ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | সর্বোচ্চ শিক্ষিত (অনার্স/মাস্টার্স/পিএইচডি) না হলে মন্ত্রী বা সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হতে পারবে না | ৩৭৮৩ |
| | সংসদ সদস্যদের অযোগ্যতা নিধারণ করে আইন প্রণয়ন | ২৮৮ |
| | ১০ শতাংশ মন্ত্রীদের পদ সুধীজনের মাধ্যমে পূর্ণ করা বাধ্যতামূলক করতে হবে | ৫১০ |
| | কোন ব্যক্তিকে মন্ত্রী বা উপমন্ত্রি কোন পদে বসার জন্য তাকে ওই বিষয়ে বিশেষজ্ঞ হতে হবে। যেমনঃ শিক্ষা মন্ত্রীর জন্য ওই ব্যক্তির Education বিষয়ে PhD ডিগ্রি থাকতে হবে। পলিটিকাল কারণে ওই পদ গ্রহণ করতে পারবেনা। | ৭৫ |
| | সংসদ সদস্যদের সকল ট্যাক্স ফ্রি সুবিধা বন্ধ করতে হবে | ৫৬১ |
| | সংবিধানে এমন একটি ধারা যুক্ত করতে হবে যাতে করে কোন এমপির জনসমর্থন ৫০% হ্রাস পেলে সে অটোমেটিক এমপি পদ হারাবেন। এজন্য অবশ্য জনগনের যে কোন সময় তার ভোটের সমর্থন প্রত্যাহার করার অধিকার থাকবে। আর অধিকার প্রত্যাহর করার জন্য নির্বাচন কমিশনের ওয়েবসাইটে সংশ্লিস্ট আসনের নির্বাচনী এলাকার এমপির প্রতি সমর্থন প্রত্যাহর অপশন দেওয়া থাকবে। আমরা জানি যে, নির্বাচন কমিশনের ওয়েব সাইটে ঢুকতে হলে নিজের এন আইডির তথ্য ও ফেস ক্যান লাগে তাই নিদ্রিষ্ট ব্যক্তি ছাড়া অপর কেহ তার সমর্থন প্রত্যাহার করতে পারবে না। তাই সমর্থন হারানোর ভয়ে কোন এমপি বা মন্ত্রি দূর্নিতি করার সাহস পাবে না। এতে করে জনগনের ক্ষমতা জনগনেরই থাকবে। উপরোক্ত সিস্টেম ছাড়াও ৩ বছর পর পর সংসদ নির্বাচন করতে হবে। স্বাধীনতার পর আজ পর্যন্ত যারাই ক্ষমতায় বসেছে তারাই চুরি, ক্ষমতার অপব্যবহার, দূনিতি করেছে। আমার উপরোক্ত পদ্ধতি সংবিধানে যুক্ত করলে দূনিতি বন্ধ হবে। কারন জনগন যে কোন মূহুর্তে নির্বাচিত এমপির প্রতি সমর্থন প্রত্যাহার করে এমপিকে ক্ষমতাচ্যুত করতে পারবে। | ১১ |
| | সংসদ সদস্যরা যেন স্থানীয় সরকারে হস্তক্ষেপ করতে না পারে, সে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৭৭ |
| | সংসদ সদস্যদের এখতিয়ার আইন প্রণয়নের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। | ৮৯১ |
| | ৬০/৬৫ বছরের বেশি বয়সী কেউ মন্ত্রী, এমপি, প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি হতে পারবে না | ১৯২৩ |
| | সংসদ সদস্য নির্বাচন করতে হলে অবশ্যই ওই এলাকার ভোটার হতে হবে | ১০৮০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **মন্ত্রী. এমপিদের স্বচ্ছতা ও জবাবদিহিতা** | প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি, মন্ত্রীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে | ৬৯৯৫ |
| | প্রধানমন্ত্রী, মন্ত্রী, এমপি, চেয়ারম্যান, মেম্বার, জনপ্রতিনিধি এবং তাদের পরিবারের সম্পদ ও আয়ের হিসাব প্রতিবছর জনসম্মুখে প্রকাশ করতে হবে। প্রকাশ না করলে বা জমা না দিলে শাস্তির ব্যবস্থা করতে হবে | ৪৮৯৬ |
| | দায়িত্বপালন শেষে প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি বা মন্ত্রীরা ৬ মাস/ ৫ বছরের মধ্যে দেশ ত্যাগ করতে করতে পারবেন না | ২৫৫ |
| | কোন মন্ত্রী এমপি যাতে দেশের টাকা বিদেশে পাচার করতে না পারে। অন্যায়কারী যেই হোক না কেন,মন্ত্রী এমপি অন্যায় করলে সকলে যেন আইন অনুযায়ী সকলেই যেন শাস্তি পায় সেরকম একটি সংবিধান করতে হবে। | ৯৭৯ |
| | রাষ্ট্র পরিচালনার সাথে যুক্তদের পরিবারের সদস্যরা বিদেশে চিকিৎসা/পড়াশোনা/স্থায়ীভাবে বসবাস করতে পারবে না | ৫৯০ |
| | সংসদ সদস্যদের স্ত্রী ও সন্তানদের দেশে অবস্থান করতে হবে, শুধু উচ্চ শিক্ষার জন্য স্ত্রী অথবা সন্তান সাময়িকভাবে বাহিরে অবস্থান করতে পারবে। | ৩৪৪ |
| | সকল সংসদ সদস্য ও তার পরিবারকে নিজ দেশের সরকারি হাসপাতালে চিকিৎসা নিতে হবে অন্যথায় এটা সংসদ সদস্যিয় সেবে অযোগ্যতা বলে বিবেচিত হবে। | ১১ |
| | দ্বৈত নাগরিক কেউ রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, সংসদ সদস্য হতে পারবে না | ২৩৯০ |
| | সংসদ সদস্যদের অনাস্থা ভোটে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি অপসারণ করার বিধান রাখা জরুরি | ৫৪৩ |
| | সরকারের যেকোনো সিদ্ধান্ত/বিল উপদেষ্টা পরিষদের সমর্থনে পাস হবে। তবে উপদেষ্টা অসমর্থন করতে পারে কেবল যৌক্তিকভাবে। | ৭ |
| | উন্নয়নমূলক কাজে এমপিদের সম্পৃক্ততা থাকবে না, তাদের কাজ হবে আইন প্রণয়ন করা | ১০০৩ |
| | সংসদ সদস্যদের জন্য শুল্কমুক্ত গাড়ি সুবিধা বাতিল করতে হবে | ২৭৭ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **বিরোধী দল** | ২ মেয়াদের বেশি কেউ বিরোধী দলের প্রধান বা সংসদে বিরোধী দলের নেতা থাকতে পারবে না | ১৬৮০ |
| | প্রধান বিরোধী দলের বিজয়ী নেতাকে স্বরাষ্ট্র মন্ত্রীর দায়িত্ব দিতে হবে। | ২ |
| | নির্বাচনে জয়ী জনপ্রতিনিধিরা মিলে একজন উপপ্রধানমন্ত্রী নির্বাচিত করবেন। এক্ষেত্রে প্রধানমন্ত্রী ও উপপ্রধানমন্ত্রীর ক্ষমতার ব্যালেন্স থাকবে। | ২৪৫ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **আইন সভা** | দ্বিকক্ষ বিশিষ্ট সংসদ চালু করা হোক। উচ্চ কক্ষ ও নিম্ন কক্ষ। | ১৪৬৫৬ |
| | সংসদ হবে জনগণের সার্বভৌম ক্ষমতার রক্ষক। এটি দ্বি-কক্ষ বিশিষ্ট হবে। উচ্চকক্ষ জাতীয় পরিষদ এবং নিম্নকক্ষ আইনসভা নামে পরিচিত হব। উচ্চকক্ষ রাষ্ট্রপতির অধীনে, নিম্নকক্ষ প্রধানমন্ত্রীর অধীনে থাকবে। উচ্চ কক্ষের সদস্যদের নিয়ে কিছু সংসদীয় কমিটি হবে। এই কমিটি নিম্নকক্ষের কাজ তদারকি করবে এবং গণশুনানি করতে পারবে। উচ্চ কক্ষ পরপর তিনবার কোনো আইন পাশ না করলে তা গণভোটে যাবে। উভয় কক্ষের মেয়াদ হবে ৪ বছর। ২. জাতীয় পরিষদে ১০০ আসন থাকবে। নির্বাচন হবে সংখ্যানুপাতিক পদ্ধতিতে। আইনসভায় ৩০০টি আসন থাকবে, যারা সরাসরি ভোটে নির্বাচিত হবেন। উভয়কক্ষে পাশ হওয়ার পর আইন প্রণয়ন হবে। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী নির্বাচনে দুই কক্ষের সভা একসাথে হবে। জাতীয় পরিষদে পেশাজীবি, কৃষক, শ্রমিক, ছাত্র, আইনজীবি, চিকিৎসক, প্রকৌশলী-সাংবাদিক ইত্যাদি তফসিলভুক্ত পেশা ও পিছিয়ে পড়া জনগোষ্ঠির মানুষকে মনোনয়ন দিতে হবে। | ১৯৮ |
| | দ্বিকক্ষ বিশিষ্ট সংসদে জাতীয় নির্বাচন ৩০০ আসনে এবং উচ্চ পরিষদে ৬০ জন নির্বাচিত হবে। বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞরা উচ্চ পরিষদে নির্বাচন করার যোগ্য হবেন। নিশ্চয় উনারা কোন গ্রহণযোগ্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আইনজ্ঞ, পিএইচডি ধারী অথবা মাস্টার্স পাস হতে হবে। | ২৪ |
| | উচ্চ কক্ষ গঠিত হবে নাগরিক সমাজের প্রতিনিধি দ্বারা। নিম্ন কক্ষ হবে রাজনীতিকদের দ্বারা নির্বাচনের মাধ্যমে | ৩৩০ |
| | নিম্ন কক্ষে সংসদীয় আসন ও উচ্চ কক্ষে আনুপাতিক হারে সদস্য বন্টন করা হোক | ২৫৬৭ |
| | নিম্ন কক্ষে বর্তমান নিয়মে সদস্য নির্বাচিত হবে। উচ্চ কক্ষে রাজনৈতিক দলগুলোর প্রাপ্ত ভোটের শতাংশ অনুসারে আসন রাখা হবে । | ৭১ |
| | নিম্নকক্ষের আইন প্রণয়নকারীগণ সরাসরি ভোটে ৪ বছরের জন্য নির্বাচিত হবেন। প্রতি দুই বছর পর পর দুই ভাগের একভাগ সদস্যের মেয়াদ পূর্তি হওয়ার পরেই সেখানে নির্বাচন অনুষ্ঠিত হবে। সদস্য সংখ্যা হবে এমন একটি সংখ্য যেন একজন সংসদ সদস্য খুব বেশি সম্মানিত না হন আবার অসম্মানিতও না হয়ে পড়েন। একজন প্রার্থী শুধুমাত্র তাঁর নিজ এলাকায় (স্থায়ী ঠিকানায়) প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। উচ্চ কক্ষের সদস্যগণ নিয়োগ পাবেন রাষ্ট্রের প্রতি তাঁদের অবদান মূল্যয়ণে। প্রাক্তন রাষ্ট্রপতি, অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি, প্রাক্তন সামরিক কর্মকর্তা, কতিপয় সমাজ সংস্কারক ও রাষ্ট্র চিন্তাবিদগণ অগ্রাধিকারপ্রাপ্ত হবেন । উচ্চ কক্ষের সদস্য সংখ্যা হবে সীমিত যেন মতৈক্য ও নিম্নকক্ষের উপর কর্তৃত্ব অক্ষুন্ন থাকে। মৃত্যু এবং যৌক্তিক কারণ ব্যতীত উচ্চকক্ষের কোন সদস্যকে অব্যাহতি দেয়া যাবে না। | ৮ |
| | ভোটের আনুপাতিক হারে সংসদ গঠন করতে হবে বা সংখ্যানুপাতিক নির্বাচন পদ্ধতি গ্রহণ করা হোক। যে দল অধিক সিট পাবে সেই দল প্রধানমন্ত্রী নির্বাচন করবে। | ৫৫৪৭ |
| | সংসদ নির্বাচনে আনুপাতিক প্রতিনিধিত্বমূলক ব্যবস্থা বা পিআর সিস্টেম চালু করতে হবে। | ৪৪০২ |
| | কেন্দ্রীয় এবং প্রাদেশিক দুই ভাগে ভাগ করতে হবে। | ১০৪৩ |
| | সমগ্র দেশকে ৫-৮টি প্রদেশে ভাগ করে প্রতিটি প্রদেশে আলাদা প্রাদেশিক সরকার গঠন করতে হবে। | ২৩৫ |
| | বাংলাদেশকে ৪টি রাজনৈতিক শাসন অঞ্চলে বিভক্ত করতে হবে। | ৬৩ |
| | আমেরিকার মতো ক্ষমতা কাঠামো চাই, ইলেকট্রোরাল ভোট চালু করতে হবে | ১২০৯ |
| | ফেডারেল রাষ্ট্র গঠন করে নির্বাচন করা। যুক্তরাষ্ট্রের মতো প্রশাসন, বিচার ব্যবস্থা স্বাধীন ও আলাদা করা। | ৩৫৬ |
| | যুক্তরাষ্ট্রীয়/ফেডারেল সিস্টেম চালু করা যেখানে সংসদ উচ্চকক্ষ ও নিম্নকক্ষ নামক দুটি কক্ষে পরিচালিত হবে | ৭০ |
| | সংসদীয় ব্যবস্থাকে সুষ্ঠুভাবে কাজে লাগান। যেটা নর্ডিক বা যুক্তরাষ্ট্রে সংসদীয় কমিটিগুলো করে থাকে। গুরুত্বপূর্ণ পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সংসদীয় কমিটিগুলোকে সংযুক্ত করুন। যেমনটা যুক্তরাষ্ট্রে করা হয়ে থাকে। | ৩ |
| | সরাসরি ভোটে নির্বাচিত প্রেসিডেন্টশিয়াল সরকার [প্রেসিডেন্ট সরকার প্রধান] - সংখ্যানুপাতিক নির্বাচনের খারাপ দিক হচ্ছে দলগুলো সাধারণত একক সরকার গঠন করতে পারে না। সেক্ষেত্রে কোয়ালিশন সরকার তৈরি হবে, এবং সরকারের স্টাবিলিটি কমে যাবে। এই সমস্যার সমাধান করতে তুরস্ক কয়েক বছর আগে প্রেসিডেন্টশিয়াল সরকার ব্যাবস্থা চালু করেছে। কিন্তু সংসদ রেখেছে সংখ্যানুপাতিক হারে। | ৩ |
| | জনগণ চাইলে যেকোন সময় অনাস্থা ভোটের মাধ্যমে মেয়াদ শেষ হওয়ার পূর্বে সরকার পরিবর্তন এবং নতুন নির্বাচন দিতে পারবে । এবং এই লক্ষ্যে স্বাধীন নির্বাচন কমিশন গঠন এবং মতামত জানানোর জন্য জবাবদিহি মূলক প্লাটফর্ম তৈরী করতে হবে | ১০ |
| | বর্তমান জাতীয় নির্বাচন ব্যবস্থা পাল্টে মিশ্র নির্বাচনী-ব্যবস্থা (এলাকাভিত্তিক বিজয়ী ও সংখ্যানুপাতিক) ব্যবস্থা চালু করতে হবে। | ৪ |
| | সংসদ নির্বাচনে এক তৃতীয়াংশ আসনে আনুপাতিক এবং বাকি দুই-তৃতীয়াংশে ফার্স্ট পাস্ট দা পোস্ট সিস্টেম রাখা হোক | ১৭৮২ |
| | নির্বাচন হবে আনুপাতিক হারে সেখানে ৫০% সমর্থন না পাইলে নির্বাচন বাতিল হিসেবে গণ্য হবে | ৯৮ |
| | জাতীয় সংসদের অধেক সদস্য সুনিদিষ্ট আসনকেন্দ্রীক বাকি অধেক সদস্য অংশগ্রহণকারী দলগুলোর প্রাপ্ত ভোটের আনুপাতিক হারে বন্টন করতে হবে | ৬৭ |
| | সংসদে ছাত্রদের প্রতিনিধিত্ব করার জন্য সংরক্ষিত ১০-৫০ টি আসন রাখতে হবে। | ২৯৭ |
| | কোনো দল দুইবার সরকার গঠন করতে পারবে না | ৭০৩ |
| | বিদেশে কূটনৈতিকদের সাথে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির যে আলোচনা তা সংসদে প্রকাশ করতে হবে | ৪১ |
| | প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি এবং সাংসদকে অপসারণের জন্য যথাযথ ব্যবস্থা সঠিক পরিস্থিতি যেমন জনগণের জন্য কাজ করতে অক্ষমতা, কেলেঙ্কারি ইত্যাদি প্রদান করেছে। | ৫৫৬ |
| | সংসদে আসন বিন্যাসে পরিবর্তন আনা প্রয়োজন বলে আমি মনে করি। যেখানে সরকার দলের আসন সংখ্যা ৪৫% এর বেশি হবে না। বিরোধী দলীয়দের আসন সংখ্যা ৩০% এর বেশি হবে না।১০%আসন সংখ্যা সংরক্ষিত থাকে বর্তমান এবং সাবেক তিন বাহিনীর প্রধানদের জন্য তাদের মেয়াদ ১ বারের বেশি হবে না।১০% আসন সংখ্যা সাবেক ভিসি মহদয়দের জন্য সংরক্ষিত থাকবে তাদের মেয়াদ ১বারের বেশি হবে না ।৫% আসন সংখ্যা উপদেষ্টাদের জন্য সংরক্ষিত থাকবে তাদের মেয়াদ১বারের বেশি হবে না। প্রধানমন্ত্রী দুই বারের বেশি থাকতে পারবে না। | ১৫ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | সংরক্ষিত আসনে সকল রাজনৈতিক দলের প্রতিনিধিত্ব থাকা উচিত | ৭০ |
| | ৩০০ আসনের দরকার নেই/ সংসদের আসন কমিয়ে ১৫০ করা হোক | ৯৮১ |
| | আইনসভায় বিরোধীদের ছায়া মন্ত্রীসভা গঠন করতে হবে। | ১০২৪ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **সংসদ** | সংসদ সদস্যদের সপ্তাহে কমপক্ষে তিনদিন সাধারণ মানুষের অভিযোগের মুখোমুখি হতে হবে। সমস্যা ১০ কাযদিবসের মধ্যে সমাধান করতে হবে | ৮ |
| | বিরোধী দলীয় প্রার্থীর বাধ্যতামূলক উপস্থিতি ও নির্বাচিত হওয়ার উপায় অর্ন্তভুক্ত করতে হবে | ৫৫ |
| | বিরোধী দলের ক্ষমতা বাড়ানো হোক | ১০২৯ |
| | বিরোধী দলীয় প্রধান সংসদের ভাইস বা সহকারি প্রধানমন্ত্রী হবেন মার্কিন সংসদের আদলে। | ১ |
| | সংসদীয় বিল পাশের জন্য বিরোধী দলের ভোট ৫০ শতাংশ থেকে ২৫ শতাংশ অবশ্যকরণীয় করতে হবে. যদি কোনো দল ২/৩ শতাংশ মেজরিটি নিয়ে ক্ষমতায় এলে তার ও বিরোধী দলের ৫০ শতাংশ ভোট লাগবে। প্রতিটি বিল সংসদে আলোচনার আগে হুবহু ৪টি সর্বোচ্চ প্রচলিত জাতীয় পত্রিকায় ছাপা হতে হবে. আস্থা ভোট এর জন্য৫১ শতাংশ ভোট থাকা লাগবে। বড় কোনো পরিবর্তন যা মানুষ জীবন, জীবিকা, অর্থনৈতিক অবস্থার উপর প্রভাব ফেলবে তার জন্য গণভোট আয়োজন করতে হবে। | ১ |
| | সংসদের কার্যক্রম আরও স্বচ্ছ রাখতে, প্রতি ৪৫ বা ৬০ দিনের মধ্যে সংসদে সরকার ও বিরোধী দলের অংশগ্রহণে গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা বাধ্যতামূলক করা উচিত | ৫ |
| | সংসদের এমপি নির্বাচন করতে হলে একজন ব্যক্তি মিনিমাম বয়স ২৫ বছর হতে হবে । মিনিমাম এসএসসি পাস ছাড়া কোন ব্যক্তি এমপি নির্বাচনে প্রতিযোগিতা করতে পারবে না। সরকার গঠনের সময় পররাষ্ট্র মন্ত্রণালয় প্রধান বিরোধী দলের অধীনে থাকতে হবে। অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রী হবে প্রধান বিরোধী দলের যিনি প্রধানমন্ত্রী পদে নির্বাচন করবে তিনি। সভা সেমিনার অথবা যে কোন গণতান্ত্রিক অধিকারের জন্য প্রত্যেক দল সমানভাবে অধিকার ভোগ করবে। সমান সুযোগ সুবিধা ভোগ করবে। | ৭৭ |
| | কোনো দল স্বৈরাচার হয়ে উঠলে ( অবশ্যই নির্বাচনে জবর দখলের প্রমাণ থাকতে হবে ) যদি গণঅভ্যুত্থান সংগঠিত হয় তাহলে স্বৈরাচার পতনের ৯০ দিনের মধ্যে আজীবন নিষিদ্ধ ঘোষণা করার উদ্দেশ্যে গণভোটের আয়োজন করা। | ১০ |
| | সংসদীয় কমিটিগুলোর ভূমিকা ও শক্তি বৃদ্ধি করে নির্বাহী বিভাগের কার্যক্রমে নজরদারি নিশ্চিত করা | ৬৬ |
| | সংবিধান অনুযায়ী সেনা সরকারকে নিষিদ্ধ করতে হবে। | ২ |
| | সংখ্যালঘু ও প্রান্তিক গোষ্ঠীর জন্য জাতীয় সংসদে প্রতিনিধিত্বের সুযোগ বৃদ্ধি। সংখ্যালঘুদের জন্য আনুপাতিক প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে | ৯৯১ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **নারী আসন** | সংরক্ষিত মহিলা আসন বাতিল করতে হবে | ১৯৮৫ |
| | জাতীয় সংসদের সদস্য হবেন ৫০০ জন। ৩০০ জন বর্তমানের মতো জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। ২০০ জন নির্বাচনে অংশ গ্রহণকারী দলগুলোর প্রাপ্য ভোটের অনুপাতে পাবেন। ন্যুনতম ১% শতাংশ ভোট প্রাপ্ত দল ২ টি আসন পাবে। প্রতিটি দলের ন্যুনতম অর্ধেক হবেন মহিলা। অর্থাৎ এই ২০০ আসনে মহিলা নির্বাচিত হবেন ন্যুনতম ১০০ জন। এই ২০০ আসনে সমাজের বিভিন্ন শ্রেণী, পেশার মানুষের কোটা থাকবে। | ১ |
| | সংরক্ষিত নারী আসন তিনভাগের একভাগে নামিয়ে আনা। প্রবাসী বিষয়ক ১ টি সংরক্ষিত আসনের ব্যবস্থা করা। | ৩ |
| | নারীদের অংশগ্রহণ ৩০০ আসন যোগ্যতার ভিত্তিতে দিতে হবে, এক্ষেত্রে সব রাজনৈতিক দলের মধ্যের নারীদের নির্দিষ্ট অনুপাতে স্থান দিতে হবে | ১১৩২ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **সরকার ও তার মেয়াদ** | সংসদ ও সরকারের মেয়াদ হবে ৩ বছর | ৪০০ |
| | প্রতি ৪ বছর পর পর নির্বাচন হওয়া উচিত। সরকারের মেয়াদ হওয়া উচিত ৪ বছর | ১৩২৫০ |
| | পরপর দুই বারের বেশি বা দুই মেয়াদের বেশি কেউ সরকারে থাকতে পারবে না | ৪১৯০ |
| | অর্থনীতি, জাতীয় নিরাপত্তা, আইনশৃঙ্খলা, এবং শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ে বিরোধী দলের নেতার সম্মতি গ্রহণ বাধ্যতামূলক করতে হবে। | ৪৭ |
| | যারা সরকার গঠন করবে তারা নিয়মিত জনগণের কাছে জবাবদিহিতা করবে। দলের উদ্দেশ্য হবে দেশ ও জনগণের সমস্যা সমাধান করা। | ১ |
| | সরকারের কার্যক্রম এবং সিদ্ধান্তের প্রতি জনগণের আস্থা তৈরির জন্য জবাবদিহিতামূলক ব্যবস্থা সংবিধানে অন্তর্ভুক্ত করতে হবে। সরকারি কর্মকর্তাদের কার্যক্রম নিরীক্ষা ও মূল্যায়নের জন্য পৃথক কমিশন গঠন করা যেতে পারে। | ৬ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| ন্যায়পাল | ন্যায়পাল চালু করতে হবে। ন্যায়পালের বিধান রাখতে হবে | ৬১৭৬ |
| | ন্যায়পাল গঠনে বিরোধী দল,রাষ্ট্রের সুশীল সমাজ ও সচেতন নাগরিকদের পরামর্শ গ্রহণের ক্ষেত্রবিশেষে গণভোটেরও আয়োজন করা যেতে পারে। | ৮৫০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **স্থানীয় সরকার** | স্থানীয় সরকার ব্যবস্থাকে সাংবিধানিক কাঠামোয় নিয়ে আসতে হবে | ১০৮ |
| | উপজেলা পরিষদকে উন্নয়নের এখতিয়ার দিতে হবে। জেলা পরিষদ বাতিল করতে হবে। | ৬ |
| | স্থানীয় সরকারের ক্ষমতায়ন এবং নির্বাহী বিভাগের ক্ষমতা হ্রাস করা। | ৬৭ |
| | স্বাধীন প্রাদেশিক সরকার ব্যবস্থা চালু করতে হবে বা উপজেলাকে শক্তিশালী করতে হবে। | ৯০৯ |
| | ক্ষমতা কেন্দ্রীভূতকরণ এবং দুর্নীতি কমাতে স্থানীয় সরকারকে ক্ষমতায়িত করতে হবে | ৩৯৮ |
| | প্রদেশ বা বিভাগ ভিত্তিক শাসন ব্যবস্থা চালু করা হোক | ৯ |
| | দেশে অন্তত ৫/৭ টি ফেডারেল অঞ্চল থাকতে হবে। | ১০ |
| | ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে | ১১৫০৯ |
| | স্থানীয় সরকারের ক্ষমতা বাড়িয়ে জনগণের সরাসরি অংশগ্রহণের সুযোগ। | ১৫৬৭ |
| | স্থানীয় সরকারকে জবাবদিহিতার আওতায় আনতে কমিশন গঠন ও কঠোর আইন পাস করা। জরুরি | ৩৯৭ |
| | স্থানীয় সরকারকে প্রশাসনিক ও আর্থিকভাবে স্বাধীন করে কেন্দ্রীয় সরকারের ওপর নির্ভরতা কমানো। স্থানীয় সরকারকে শক্তিশালী করতে হবে | ৭৮০ |
| | সকল পর্যায়ের স্থানীয় নির্বাচন একসাথে করা (অর্থাৎ প্রতি ৫ বছর পর পর ইউনিয়ন, উপজেলা, সিটি কর্পোরেশন ইলেকশন একসাথে হবে। প্রয়োজনে এলাকাভিত্তিক কয়েক দফায় নির্বাচন করা যেতে পারে।) | ৩৭৬ |
| | বাজেট বাস্তবায়ন করবে স্থানীয় সরকার | ৮০ |
| | দলীয় প্রতীকে স্থানীয় নির্বাচন বন্ধ করতে হবে | ৪৬০৭ |
| | বিভাগকে প্রদেশে উন্নীত করতে হবে। প্রতিটি প্রদেশে হাইকোর্ট স্থাপন করতে হবে। | ৫০৩ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **চেয়ারম্যান, মেম্বার** | চেয়ারম্যান ও মেম্বারদের ন্যূনতম স্নাতক বা ডিগ্রি বা মাস্টার্স পাশ হতে হবে | ২০৯২ |
| | মেম্বার হতে ন্যূনতম এইচএসসি পাশ হতে হবে | ১৮৯৭ |
| | সংসদের সদস্যদের সরকারি কার্যক্রমে আরো সক্রিয় এবং দায়িত্বশীল করতে প্রক্রিয়া গঠন করা উচিত। | ১৭৮৯ |
| | সংসদ সদস্যদের নিজের নির্বাচনী এলাকায় দায়িত্ব পালনের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করা দরকার। | ৩৩৪৫ |
| | কোনো প্রার্থী ২০ শতাংশের কম ভোট পেলে পরবর্তী নিবাচনে অংশ নিতে পারবেন না | ২০০ |
| | তৃণমূল পযায়ে ভোটের মাধ্যমে নিবাচিত হয়ে এমপিদের নমিশন নিতে হবে | ৪৩২ |
| | একজন এমপি সর্বোচ্চ ৯০ দিন সংসদে উপস্থিত না হলেও সে এমপি পদে বহাল থাকে এইসব তামাশা আর দেখতে চাই না, সর্বোচ্চ তিন দিন হতে পারে। | ২০০ |
| | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বার সম্পুর্ণ নির্দলীয় করতে হবে। | ১৭ |
| | সংসদ সদস্য, চেয়ারম্যান, মেম্বাররা বাংলাদেশ ভিন্ন অন্য দেশের নাগরিক হতে পারবে না | ২৭০৫ |
| | সংসদ সদস্য, চেয়ারম্যান, মেম্বার নির্বাচিত হবে কয়েক ধাপে পরীক্ষার মাধ্যমে | ১ |
| | চেয়ারম্যান ও মেম্বার রাখার দরকার নেই | ১ |
| | সংসদ সদস্য ও স্থানীয় সরকারের প্রতিনিধিদের প্রতি বছর সম্পদের হিসাব জনসম্মুখে প্রকাশ করতে হবে | ৩৫০৭ |
| | ২৪ বছরের নিচে কেউ কোনো নিবাচনে অংশ নিতে পারবেন না | ৩৪ |
| | সংসদ সদস্যদের বিদেশ ভ্রমণ বন্ধ করতে হবে | ১৩ |
| | কোনো সংসদ সদস্য অপরাধ করলে সহজভাবে যেন তার আইনানুগ সুরক্ষা তুলে নেয়া যায়, সে ব্যবস্থা করা। | ১৫ |
| | উন্নয়ন কাযক্রম ন্যাস্ত থাকবে স্থানীয় সরকার প্রতিনিধিদের ওপর | ২ |
| | অন্য দেশে যাদের পরিবার ও সম্পত্তি স্থায়ী ভাবে আছে তারা সংসদ সদস্য হতে পারবে না। | ৩৪ |
| | সংসদ সদস্যদের কাজ হওয়া উচিত শুধু আইন প্রণয়ন, উন্নয়ন প্রকল্প বা ক্ষমতার চর্চা বন্ধ করতে হবে | ৬ |
| | সরকার বা সরকারি পদে আসীন ব্যাক্তি দলীয় কমিটির সভাপতি বা সেক্রেটারি পদে থাকতে পারবে না। | ৬ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | নিবাচিত হওয়ার পর নির্ধারিত সময় পর পর তার উন্নয়নের হিসাব জনগনের কাছে প্রকাশ করতে হবে | ৪৪৬৫ |
| | রাজনৈতিক দলের ভিতর টাকা দিয়ে মনোনয়ন কেনা বন্ধ করতে হবে | ২২০০ |
| | প্রাথীদের নমিশনের আগে তাদের সম্পদের তদন্ত করতে হবে। | ২১২ |
| | স্থানীয় সরকারের প্রতিনিধিদের প্রতি বছর সম্পদের হিসাব জনসম্মুখে প্রকাশ করতে হবে | ৫৩৭৬ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **নির্বাচন কমিশন** | নির্বাচন নিয়ে আলাদা মন্ত্রণালয় থাকবে যা সংসদীয় স্থায়ী কমিটির মাধ্যম পরিচালিত হবে। কমিটিতে সংসদের সকল দলের আনুপাতিক অংশগ্রহণ থাকবে | ২৬৯ |
| | স্বাধীন, শক্তিশালী এবং নিরপেক্ষ নির্বাচন কমিশন নিশ্চিত করতে হবে | ২৮৭৬ |
| | সুষ্ঠ নির্বাচনের স্বার্থে নির্বাচন ব্যবস্থা সংস্কার করুন | ২০৪০ |
| | নির্বাচন কমিশনকে আর্থিকভাবে স্বাবলম্বি করতে হবে | ৫ |
| | নির্বাচন কমিশনের ক্ষমতা-সক্ষমতা বাড়াতে হবে/ নির্বাচন কমিশনারকে নির্বাচন বিষয়ক সমস্ত ক্ষমতা প্রদান করতে হবে | ১৩৩৩ |
| | প্রধান নিবাচন কমিশনার ও অন্যান্য নিবাচন কমিশনাররা জনগণের সরাসরি ভোটে নিবাচিত হবেন। | ৫ |
| | প্রধান নিবাচন কমিশনার নিয়োগের ক্ষেত্রে সংসদে প্রতিনিধিত্বশীল/অন্যান্য রাজনৈতিক দলগুলোর মতামত নেয়ার বিধান সন্নিবেশিত করা। | ২৫৬ |
| | নির্বাচন কমিশনের সদস্য নির্বাচনে সার্চ কমিটি গঠন করতে হবে। সব রাজনৈতিক দলের প্রতিনিধি রেখে কমিশনের সদস্য পুরোপুরি দল নিরপেক্ষ রাখা | ৮৯৮ |
| | নির্বাচন কমিশন নিয়োগে, সরকারি দল প্রধান ও বিরোধীদলের প্রধান এবং বিচারপতির সমন্বিত বেঞ্চ গঠন করে প্রধান নির্বাচন কমিশনার নিয়োগ দিতে হবে। | ১৪ |
| | নির্বাচন কমিশনে সুশীল সমাজের অংশগ্রহণ নিশ্চিত করত হবে | ৬০ |
| | নির্বাচন কমিশন গঠিত হবে - সরকারী দলের ২ জন প্রতিনিধি, বিরোধী দলের ২ জন প্রতিনিধি, ভোটপ্রাপ্তিতে ৩য় ও ৪র্থ অবস্থানকারী দল থেকে ১+১=২ জন। সেনা বাহিনীর অবসর প্রাপ্ত সেনাপ্রধান ১ জন, সুশীল সমাজ থেকে ১ জন, বিচার বিভাগ থেকে ১ জন মোট ৯ সদস্য নিয়ে। | ১ |
| | নির্বাচনকালীন সময়ে প্রতিরক্ষা, আইন ও পররাষ্ট্র মন্ত্রণালয় ব্যতীত অন্য সব মন্ত্রণালয়ের কার্যক্রম ও লোকবল নির্বাচন কমিশন সচিবালয়ের নিকট হস্তান্তর করতে হবে | ৭২৬ |
| | নিবাচন কমিশনের উধ্বতন কর্মকর্তা ২য় বার নিবাচন পরিচালনা করতে পারবেন না | ৩৯ |
| | নির্বাচন বিষয়ক সকল সিদ্ধান্ত সংসদীয় কমিটি রাষ্ট্রপতির মাধ্যমে গ্রহণ করবে | ৭৮ |
| | সুষ্ঠ নির্বাচনের জন্য জাতিসংঘের অধীনে ব্যবস্থা করতে হবে। | ১ |
| | ডিসি, ইউএনওদের পরিবর্তে নির্বাচন কমিশনের নিজস্ব কর্মকর্তাদেরকে রিটার্নিং ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ দিতে হবে | ৬৮ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **নির্বাচন** | সুষ্ঠ ও স্বচ্ছ নির্বাচন নিশ্চিত করতে হবে | ২৫৬৪ |
| | ৭৫% ভোট কাস্টিং ছাড়া কোন নির্বাচন গ্রহন যোগ্য হবে না। | ৫০ |
| | ৬০ শতাংশ ভোট গণনা আসতে হবে | ৫৮ |
| | বিজয়ী দলকে ৫০ শতাংশের বেশি ভোট পেতে হবে, না পেলে শীষ দুইজনকে নিয়ে আবার নিবাচন করতে হবে। | ৭৬৭ |
| | জাতীয় সংসদ নির্বাচন থেকে স্থানীয় সরকার নির্বাচন পর্যন্ত ভোটাধিকার প্রয়োগে ৫০ শতাংশ পর্যন্ত যদি ভোট না পড়ে তাহলে সেই ভোট বাতিলের ব্যবস্থা গ্রহণ করা, | ৮০৯ |
| | নির্বাচন গ্রহণযোগ্যতা পেতে সর্বনিম্ন ৪৫% ভোট পেতে হবে। | ৫ |
| | নির্বাচন পদ্ধতিতে সকল স্তরে অটো পাস বন্ধ করতে হবে । সেজন্য কোন আসনে যদি কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী না আসে সে ক্ষেত্রে নির্বাচনের রিসিডিউল প্রথমে দেওয়া যেতে পারে । তারপরও যদি কেউ না আসে তখন যিনি একক থাকবেন তাকে ঐ আসনে ৫০ শতাংশের বেশি লোকের জন্য সমর্থন আছে কিনা তার জন্য তার পক্ষে বিপক্ষে একটা ভোটের ব্যবস্থা করতে হবে। কেবলমাত্র ৫০ শতাংশের বেশি জনসমর্থন আসলে সে ক্ষেত্রে একক প্রার্থীকে বিজয় ঘোষণা করা যাবে। | ১ |
| | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচনে জয়লাভের সুযোগ না রাখা | ১০৫৬ |
| | ব্যক্তিকেন্দ্রিক নির্বাচনের পরিবর্তে মার্কা ভিত্তিক নির্বাচন হোক | ৯০ |
| | সবাই শুধু প্রতীক দেখে ভোট দিবে, নির্দিষ্ট এলাকার জন্য কোন প্রার্থী দাঁড়াতে পারবে না। নির্বাচনে যে দল যত শতাংশ ভোট পাবে সে দল ততটি আসন পাবে, আসন সংখ্যাগুলোতে দলের প্রধান যোগ্য দেখে লোক নিয়োগ দিবে। বেশি ভোট পাওয়া দল থেকে প্রধানমন্ত্রী দেওয়া হবে। | ৩০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | ভোট কেনার সংস্কৃতি বন্ধ করতে হবে | ২৬০ |
| | নমিশেন পদ্ধতি বাতিল চাই | ১০ |
| | রাজনৈতিক দলের ভিতর টাকা দিয়ে মনোনয়ন কেনা বন্ধ করতে হবে | ৪৪ |
| | একই ব্যক্তির বারবার নির্বাচন করার প্রবণতা বন্ধ করতে হবে। একজন ব্যক্তি দুইবারের বেশি নির্বাচন করতে পারবে না | ১৮৭৮ |
| | নিবাচনে অংশগ্রহণের সবোচ্চ সীমা নির্ধারণ করে দিতে হবে। (৩ বার অংশগ্রহণ ও ২ বার নিবাচিত) | ১২৮১ |
| | একজন ব্যক্তি দুটি নির্বাচনে হারলে তিনি আর নির্বাচন করতে পারবেন না | ৬৬৭ |
| | যে কোনো নির্বাচনে অংশগ্রহণকারী ব্যাক্তির নূন্যতম শিক্ষাগত যোগ্যতা মাষ্টার্স সনদ ধারী হতে হবে। | ১৪৮০ |
| | জাতীয় নির্বাচন তত্ত্বাবধায়ক সরকারের অধীনে করা এবং জাতীয় ও স্থানীয় নির্বাচনকালীন ম্যাজিস্ট্রেসি পাওয়ার দিয়ে সেনাবাহিনী নামানোর বিধান বাধ্যতামূলক করা হোক। | ২০ |
| | দ্বৈত নাগরিকরা দেশে রাজনীতি করতে পারবে না, নির্বাচনে অংশগ্রহণও করতে পারবে না | ২৫৫০ |
| | জাতীয় নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য অন্তত এইচএসসি পাশের বিধান রাখতে হবে | ১০০ |
| | যারা ভোট চুরির মাধ্যমে এমপি হয়েছে, গণহত্যায় সহযোগিতাকারী, দুর্নীতি গ্রস্থ, ঋণখেলাপিরা নির্বাচনে প্রার্থী হতে পারবে না-- এই বিধান করতে হবে। | ৬০ |
| | সংবিধানে গণভোটের ধারাটি ফিরিয়ে আনতে হবে। প্রত্যেক গুরুত্বপূর্ণ বিল পাসে গণভোট-এর বিধান রাখতে হবে | ৪৫৯১ |
| | নির্বাচনী ব্যালট পেপারে "না ভোট" এর প্রতীক সংযোজন করা হোক | ২৮৭৯ |
| | জনগন চাহিবামাত্র হ্যাঁ, না ভোটের নির্বাচন করে,অভিযুক্ত প্রধানমন্ত্রী বা রাষ্ট্রপতি অথবা মন্ত্রীকে পদবঞ্চিত করা। | ৫০২ |
| | জরুরী প্রয়োজনে স্বচ্ছ জরিপের মাধ্যমে জনগণের মতামত গ্রহণের ব্যবস্থা রাখতে হবে | ১৩ |
| | রাজনৈতিক দলগুলোর পদপ্রার্থীদের সততা যাচাই বাধ্যতামূলক করা, এবং সংসদ নির্বাচনে নমিনেশন প্রার্থীদের জন্য গোয়েন্দা সংস্থার ভেরিফিকেশন নিশ্চিত করা। | ১৫ |
| | সংসদ সদস্য মন্ত্রাণালয়ের অনুমতি ছাড়া প্রশাসনিক কর্মকর্তাদের সাথে কোনো যোগাযোগ করতে পারবে না। | ৬ |
| | স্থানীয় নির্বাচন বাতিল করে যে সরকার গঠন করবে তারাই স্থানীয় সরকার প্রতিনিধি নিয়োগ করবে | ৪ |
| | কোনো দল জোটবদ্ধ হয়ে নিবাচন করতে পারবে না। নিবাচনের পরে জোট গঠনের সুযোগ দেয়া উচিত | ২৩ |
| | কোনো রাজনৈতিক দলের অধীনে নিবাচন আয়োজন না করা | ৩৫৫ |
| | নির্বাচনের সময় যে পোস্টার বা ব্যানার দেয়ালে বা বাইরে লেগে থাকে তা দলগুলোকে পরিষ্কার করতে হবে। | ১৩ |
| | নির্বাচনের কমপক্ষে ১৫ দিন পূর্ব থেকে সারা দেশে ম্যাজিষ্ট্রসী পাওয়ারসহ সেনাবাহিনী মোতায়েন ও অবৈধ অস্ত্র উদ্ধারে অভিযান পরিচালনা করতে হবে | ১৭০ |
| | নির্বাচনকালীন বিচার বিভাগীয় কর্মকর্তাদেরকে দিয়ে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে | ১৪৮ |
| | প্রত্যেক স্মার্ট কার্ডের বিপরীতে একটি আইডি থাকবে, সেই আইডি থেকে ঘরে বসেই ভোট প্রদান করতে পারবে। | ৪ |
| | অনলাইনে (প্রবাসী+ দেশি) ভোট প্রদানের ব্যবস্থা করা হোক | ২৪৫৭ |
| | কমপক্ষে সাত জন ব্যক্তিকে নিয়ে একটি প্যানেল তৈরি করে প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, এলজিআরডি মন্ত্রীর প্যানেল করে নির্বাচনে আসা উচিত। সবচেয়ে বেশি ভোট পাওয়া দল সরকার গঠন করবে | ১ |
| | সকল জনগণের ভোটাধিকার নিশ্চিত করা হোক | ১৮৭২ |
| | জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন হতে হবে এবং তারা কোনো রাজনৈতিক দলের প্রতীকে নির্বাচন করতে পারবে না। | ৭০০ |
| | নির্বাচনের দিনে সশস্ত্র বাহিনী (মূল বাহিনী হিসাবে) মোতায়েন থাকবে, পুলিশ সহযোগী বাহিনী হিসাবে সেনাবাহিনীকে সহায়তা করবে। | ১১ |
| | তিন ধাপে বা তিন দিনে জাতীয় নিবাচন করা হোক | ৬৬০ |
| | ৭ বিভাগে ৭ দিন নির্বাচন আয়োজন করতে হবে। | ১০ |
| | দলগুলো সংসদীয় আসনগুলোতে একজন করে মনোনয়ন দিবে। শুধু পরিচিতি অনুষ্ঠান ব্যতীত কোনো প্রচারণা করতে পারবে না। | ১ |
| | অসংখ্য শিক্ষক প্রতি নির্বাচনে ভোটগ্রহনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। একারণে তারা ভোট প্রদানের অধিকার থেকে বঞ্চিত হন। এমন আইনের দাবি জানাই যাতে শিক্ষকেরা দায়িত্ব পালনের সঙ্গে ভোট প্রদানও করতে পারে। | ৩৯২ |
| | একই দলের অন্য ব্যক্তিরা চাইলে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে তার আগে নিজেদের মধ্যে একটি অন্তদলীয় নির্বাচনী প্রতিযোগিতার মধ্য দিয়ে আসতে হবে যেখানে শুধু ভোট প্রদানের ক্ষমতা থাকবে উক্ত দলের কর্মীদের হাতে। | ১ |
| | দুনীতি প্রমাণ হলে কখনোই আর নির্বাচনে অংশ নেয়া যাবে না | ১৩ |
| | প্রতি দুই বছর পর পালাক্রমে নিম্নকক্ষ ও উচ্চকক্ষের নির্বাচন হবে। উচ্চকক্ষের নির্বাচন মধ্যবর্তী নির্বাচন হলে জনগণ সরকারকে ২ বছরে মূল্যায়ন করার সুযোগ পাবে। | ৫ |
| | কোনো সরকারি চাকুরিজীবি চাকুরি ছাড়ার ২০ বছরের মধ্যে কোনো নির্বাচন কিংবা কোন জনপ্রতিনিধি পদে আসতে পারবে না। | ২ |
| | পশ্চিমা বিশ্বের ন্যায় কৃষক স্টুডেন্ট শিক্ষক প্রত্যেকের ভোটের মান একেক রকম হবে | ৩ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | এইচএসসি পাশের নিচে কেউ ভোট দিতে পারবে না এই ব্যবস্থা করা হতে পারে । এতে করে অসহায় দরিদ্র অশিক্ষিত লোকদেরকে ৫০০ বা ১ হাজার টাকা দিয়ে ভোট কিনে জনপ্রতিনিধি হতে পারবে না | ১ |
| | বাংলাদেশে আসন্ন জাতীয় নির্বাচন সহ সকল নির্বাচনে নাগরিকগণের শিক্ষাগত যোগ্যতার উপর ভিত্তি করে ভোট সংখ্যা নির্ধারন করা হোক, এতে নির্বাচনে মেধার প্রতিফলন ঘটবে। এক্ষেত্রে আমার প্রস্তাবঃ<br>১। SSC পাশ পর্যন্ত প্রতি নাগরিকের একটি ভোট গননা হবে।<br>২। HSC পাশ পর্যন্ত প্রতি নাগরিকের দুইটি ভোট গননা হবে<br>৩। BA (সমমান) পাশ পর্যন্ত প্রতি নাগরিকের ৩টি ভোট গননা হবে।<br>৪। MA (সমমান) পাশ পর্যন্ত প্রতি নাগরিকের ৪ টি ভোট গননা হবে । | ৫ |
| | ব্যবসায়ীরা কোনোভাবেই যথাযথ জনসম্পৃক্ততা ছাড়া রাজনীতিতে আসতে পারবে না কিংবা সরাসরি সংসদ নির্বাচনে অংশগ্রহন করতে পারবে না। | ২৫৮ |
| | দ্রুত নির্বাচন দিতে হবে। তাড়াতাড়ি ভোটের পরিবেশে তৈরি করুন | ৪ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **তত্ত্বাবধায়ক সরকার** | অর্ন্তবর্তীকালীন সরকারের মেয়াদ দুই বছর হোক | ১ |
| | নির্বাচনকালীন সরকার ব্যবস্থা ৩ মাসের বেশি মেয়াদ হতে পারবে না। উপদেষ্টা পরিষদ ২৬ সদস্য বিশিষ্ট হতে হবে। সর্বদলীয় সার্চ কমিটির মাধ্যমে উপদেষ্টা বাছাই করতে হবে | ৯৫ |
| | তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ১ বছর হতে হবে যাতে আগের সরকারের দুনীতি ও অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায়। | ৩৩ |
| | তত্ত্বাবধায়ক সরকারের মেয়াদ ৬ মাস হতে হবে | ৮৮১ |
| | তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হবেন সাবেক বা বর্তমান প্রধান বিচারপতি। | ২ |
| | তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠা করতে হবে/ তত্ত্বাবধায়ক সরকারকে চিরস্থায়ী রূপ দিতে হবে। তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় নির্বাচন দিতে হবে | ৬৪২৩ |
| | তত্ত্বাবধায়ক ব্যবস্থার কোনো দরকার নেই। যদি দরকার হয় তবে এ সরকারের প্রধান এবং অন্যান্য উপদেষ্টাদের সরাসরি জনগণের ভোটে নিবাচিত হতে হবে | ২২৬ |
| | তত্ত্বাবধায়ক সরকার কিভাবে গঠিত হবে তার সুস্পষ্ট বিবরণ থাকতে হবে। নীতিটা এমনভাবে করতে হবে যেন ক্ষমতায় থাকা সরকার বা বিরোধীদল কোনোভাবেই তত্ত্বাবধায়ক সরকারে কারা নির্বাচিত হবে তাতে প্রভাবিত করতে না পারে। | ১৪৭৭ |
| | নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের পরিবর্তে সকল রাজনৈতিক দল নিয়ে জাতীয় সরকার গঠন করা হোক | ৪৩ |
| | নির্বাচনকালীন সরকার হবে সরকারি দল ও বিরোধী দলের প্রস্তাবিত ব্যক্তিদের নিয়ে যারা রাজনীতিতে সরাসরি জড়িত নন। এক্ষেত্রে বিরোধী দলের প্রস্তাবিত ব্যক্তিদের থেকে সরকারি দল ১০/১২ জন মনোনীত করবেন এবং সরকারি দলের প্রস্তাবিত নাম থেকে ১০/১২ জন মনোনীত করবে বিরোধী দল। মোট ২০/২৪জন হবে নির্বাচন কালীন সরকার। এরা নিজেরা গোপন ভোটের মাধ্যমে প্রধান নির্বাচন কমিশনার নির্বাচিত করবে। উভয়পক্ষের মতামতের ভিত্তিতে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি বা সিনিয়র সিটিজেনদের মধ্য থেকে নির্বাচিত করা হবে। | ১ |
| | নির্বাচনকালীন সরকার প্রধান হিসেবে মাননীয় প্রধান বিচারপতিকে নিয়োগ। উপদেষ্টা হিসেবে সেনাপ্রধানকে অন্তর্ভূক্ত করা যায় কিনা ভেবে দেখা যেতে পারে। নির্বাচন কমিশনের অধীনে জনপ্রশাসন মন্ত্রনালয় ও স্বরাষ্ট্র মন্ত্রনালয় থাকবে। | ১ |
| | নিরপেক্ষ সরকার অবস্বরপ্রাপ্ত প্রধান বিচারপতি/ বিচারপতি/ ন্যায়পাল/ এনজিও প্রধান ইত্যাদি দ্বারা গঠিত হবে। | ৩ |
| | সিইসির অধীনে অর্ন্তবর্তী সরকার ও নির্বাচন হবে। | ১৮ |
| | নিধারিত সময় পর পর সেনাবাহিনী সরকার নিবাচনের ব্যবস্থা করবে | ২ |
| | রাজনৈতিক দলের পক্ষে বক্তব্য রাখলে তাকে উপদেষ্টা বানানো যাবে না | ৪ |
| | রাষ্ট্রীয় কার্যক্রমে নাগরিক সমাজের সম্পৃক্ততা বাড়াতে হবে | ১০ |
| | জাতীয় নিরাপত্তা পরিষদ" গঠিত হবে দেশের সকল সেক্টরের প্রতিনিধিদের দ্বারা প্রবীণ বিশেষজ্ঞদের পছন্দের এবং সর্বোপরি সমালোচনা ও রাজনৈতিক মতামত। | ১ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **রাজনৈতিক দল ও রাজনীতি** | রাজনৈতিক দলগুলোতে গণতান্ত্রিক চর্চা নিশ্চিত করতে হবে | ১৩৯৪ |
| | রাজনৈতিক দলের সংস্কার করতে হবে সংবিধানের মাধ্যমে, দলের মধ্যে এবং নির্বাচিত দলের বিভিন্ন আসনে তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে | ৮০২ |
| | প্রতিটি রাজনৈতিক দলের কাউন্সিল প্রতি বছর হতে হবে এবং গণতন্ত্রের চর্চা দলের ভেতরে থাকতে হবে। একই ব্যক্তি নির্দিষ্ট সময় পর দলের প্রধান থাকতে পারবেন না | ৭৭০ |
| | রাজনৈতিক দলের প্রধান ও সরকার প্রধান একই ব্যক্তি হতে পারবেন না | ২৬২৫ |
| | রাজনৈতিক দল গঠনের শর্ত সহজ করা | ১২ |

| | | |
|---|---|---|
| | দেশে সর্বোচ্চ ৫/৬টি রাজনৈতিক দল থাকতে পারবে | ৭ |
| | আওয়ামী লীগকে রাজনৈতিক দল হিসেবে না রেখে সামাজিক সংগঠন হিসেবে রাখা হোক | ১ |
| | ধর্মভিত্তিক রাজনৈতিক দল নিষিদ্ধ করতে হবে | ৪৫১ |
| | আওয়ামী লীগকে নিষিদ্ধ না করা | ১০ |
| | আওয়ামী লীগকে পরবর্তী নির্বাচন থেকে দুরে রাখতে হবে। এই ফ্যাসিস্ট দলকে নির্বাচন করতে দেওয়া যাবে না। | ৩৩৮ |
| | রাজনীতিতে পরিবারতন্ত্র বন্ধ করতে হবে | ২৩৩২ |
| | ব্যক্তি পুজা বন্ধ করতে হবে | ৬২০ |
| | সরকার প্রধান হিসেবে একজন ব্যক্তি পর পর দুইবার এর বেশি মনোনীত হতে পারবেন না এবং এমপি পদে একজন ব্যক্তি দুই বারের বেশি নির্বাচিত হতে পারবেন না। একজন ব্যক্তি দুইবার এমপি হওয়ার পর তার পরিবারের কোনো সদস্য পরবর্তী কমপক্ষে ১০ বছর এমপি নির্বাচন সহ অন্য সকল স্থানীয় নির্বাচন করতে পারবেন না। | ৭০২ |
| | ২ বারের বেশি দলীয় প্রধান হতে পারবেন না বা নেতৃত্ব দিতে পারবে না | ১৪৮০ |
| | কোনো ব্যক্তি দলের প্রধান হিসেবে ১০ বছরের বেশি থাকতে পারবেন না | ১৫ |
| | একদল চাইলে যেন আরেক দলকে নিষিদ্ধ করতে না পারে, সবার সুষ্ঠু রাজনীতি করার অধিকার থাকা উচিত | ১০০ |
| | কোনো ব্যবসায়ী রাজনীতির সঙ্গে জড়িত হতে পারবে না। | ৭০৩ |
| | প্রচারণার অর্থ সামঞ্জস্য করা এবং রাজনৈতিক অনুদানের উপর কঠোর বিধিনিষেধ আরোপ করা। | ১ |
| | প্রতিবছর ক্ষমতাসীন দলের সকল নেতাকর্মীদের সম্পদের হিসেব ও অবৈধ সম্পদের বিচার নিশ্চিত করতে হবে। | ১৯ |
| | নোংরা রাজনীতি বন্ধ করতে হবে | ৫০ |
| | ইউনিয়ন পর্যায়ে দলীয় কমিটি বন্ধ করা হোক। | ১ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **ছাত্র রাজনীতি** | ছাত্র রাজনীতি কোন দলের অঙ্গ সংগঠন হওয়া যাবে না | ১৫৯ |
| | ছাত্র রাজনীতি নিষিদ্ধ করতে হবে | ১৭১১ |
| | ছাত্র লীগ নিষিদ্ধ করা হোক | ৫৫৫ |
| | ১৮ বছর না হলে কোন ছাত্র/-ছাত্রীদের রাজনৈতিক মাঠে ডাকা যাবে না। যে দলে কম বয়সীদের দেখা যাবে তাদের আইনের আওতায় আনতে হবে | ৪৮১ |
| | ছাত্র সংসদ চালু করতে হবে | ৫৪০ |
| | রাজনৈতিক দলগুলোর নিজস্ব কোনো ছাত্র সংগঠন থাকতে পারবে না। ছাত্র সংগঠনগুলোর সঙ্গে কোনো রাজনৈতিক দলের সম্পর্ক থাকবে না; সেগুলো হবে শুধুমাত্র ক্যাম্পাসভিত্তিক। | ২ |
| | শিক্ষা ও হাসপাতালে বা এর আশেপাশে যেকোন ধরনের রাজনৈতিক ব্যানার বা অনুষ্ঠান নিষিদ্ধ করতে হবে | ২ |
| | রাজনৈতিক ব্যানার-পোস্টার লাগানো বন্ধ করার আইন পাস করা দরকার। | ৪৫ |
| | প্রতিটি রাজনৈতিক দলের জন্য বাধ্যতামূলক গঠনতন্ত্র প্রণয়ন করতে হবে। | ১ |
| | রাজনীতিকে প্রাতিষ্ঠানিকভাবে অলাভজনক পেশায় পরিনত করতে হবে। | ১০ |
| | আওয়ামী লীগ নিষিদ্ধ করা হোক | ৪৫৫ |
| | নির্বাচন সেনাবাহিনীর হাতে থাকবে | ২৬৫ |
| | নির্বাচনের পূর্বে প্রধানমন্ত্রীদের মধ্যে ডিবেট/বিতর্ক করার প্রচলন করা | ২২০ |
| | যেকোন দল পর পর নির্বাচন করতে পারবে না। | ৪ |
| | নির্বাচনী এলাকা ছোট করা এবং সংসদে আসন সংখ্যা বৃদ্ধি করা | ১১ |
| | সরকারি কর্মচারী-কর্মকর্তারা রাজনীতি করতে পারবে না। চাকুরি শেষ হওয়ার ৩/৪/৫ বছর পর রাজনীতিতে যোগদান করতে পারবেন | ৫৫ |
| | সকল রাজনৈতিক দলকে কার্যক্রম স্বাধীনভাবে করতে দিতে হবে,তবে তা রাস্তা দখল করে জনদুর্ভোগ সৃষ্টি করে নয়। নির্দিষ্ট স্থান নির্ধারণ করে দিতে হবে। | ১ |
| | পেশাজীবি সংগঠনে রাজনৈতিক শাখা রাখা যাবে না | ২১ |
| | কোনো দল মানবতাবিরোধী অপরাধ করলে ১০ বছর নিষিদ্ধ ঘোষণা করা | ৩ |
| | রাজনীতি থেকে অবসরের বয়স সীমা নির্ধারণ (৬০ বা ৬৫ বছর) | ৫১২ |
| | ২৪-এর গণহত্যাকারীদের রাজনীতিতে অবাঞ্চিত ঘোষণা করা | ৪৭৮ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | রাজনীতির নাম ব্যবহার করে ক্ষমতার অপব্যবহার কারীদেরকে অন্তত ২বছরের কারাদন্ডের ব্যবস্থা করতে হবে। সরকারি চাকরিজীবীদের ঘুষ গ্রহণের প্রমাণ মিললে বহিষ্কার করা হোক, প্রয়োজনে তাদের বেতন বৃদ্ধি করা হোক। নির্বাচনের শুরুতে এবং মেয়াদ শেষ হওয়ার পরে প্রতিটি সংসদ সদস্যের সম্পদের হিসেব নেয়া হোক, হিসাব না দিতে পারলে অতিরিক্ত সম্পদ রাষ্ট্রীয় কোষাগারে জমা হোক। | ১ |
| | রাজনীতি থেকে আয়ের পথ বন্ধ করার আইন করতে হবে | ৬১৫ |
| | রাজনীতিক দলের সভা সমাবেশ উপলক্ষে সম্পূর্ণ গাইডলাইন প্রণয়ন করা | ২৬ |
| | স্বৈরাচার হিসেবে অভিযুক্তদের রাজনীতি নিষিদ্ধ করতে হবে। | ৫৪৩ |
| | কোন ধরনের খেলোয়াড়, নায়ক নায়িকা, গায়ক গায়িকা, একথায় রাজনীতিবিদ ব্যতীত কেউ সংসদ সদস্য হতে পারবে না। যদি সংসদ সদস্য হতে হয় তবে সবকিছু বাদ দিয়ে সরাসরি রাজনীতির সাথে সম্পৃক্ত থাকতে হবে। | ৪৪ |
| | রাজনীতিবিদরা সংসদের কাছে USA/UK এর মত দায়বদ্ধ থাকবে। | ৪ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **মৌলিক অধিকার** | মৌলিক অধিকারগুলো সরকারকে নিশ্চিত করতে হবে | ২৪৪৭ |
| | জাতি, ধর্ম, জেন্ডার ভিত্তিতে সকলের সমান অধিকার নিশ্চিত করতে হবে। | ১৮০১ |
| | প্রতিটি নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ১১৯৭ |
| | সব ধরনের ভোটের স্বাধীনতা নিশ্চিত করতে হবে | ১৩০০ |
| | মৌলিক অধিকারের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করতে হবে | ১০৩০ |
| | নাগরিকদের অধিকার ক্ষুন্নকারী সকল আইন সংশোধন করা হোক | ৭১২ |
| | নাগরিকদের মানসিকতা উন্নয়নে বিশেষ উদ্যোগ নেয়া প্রয়োজন | ১ |
| | অনুচ্ছেদ ১৫ মৌলিক প্রয়োজনকে মৌলিক অধিকার রূপান্তর করা, অধিকার আদায়ে রিট করার সুযোগ থাকা। | ৩০৯ |
| | সবার সমান অধিকার ও সমান সুযোগ নিশ্চিত করতে হবে। সমানুপাতিক হারে সবার রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে | ৫৩৪ |
| | বৈষম্য সৃষ্টির পথ বন্ধ করতে হবে। বৈষম্য সৃষ্টিকারী সকল আইন বাতিল করতে হবে। | ১৮৯০ |
| | আয় বর্হিভূত সম্পদ বাজেয়াপ্ত করা হোক। পাচারকৃত সম্পদ ফিরিয়ে আনতে হবে | ৭৯২ |
| | মৌলিক অধিকার ও মানবাধিকার সংরক্ষণের কার্যকর নীতিমালা তৈরি করা এবং নিরাপত্তা বাহিনীর ক্ষমতার অপব্যবহার প্রতিরোধ করা। | ২০০ |
| | কোরআনের আলোকে সকল ধর্মের মৌলিক অধিকার নিশ্চিত করতে হবে | ১৫৪৯ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **ধর্ম** | রাষ্ট্র ধর্ম ইসলাম রাখা হোক। | ১৪৯৬৭ |
| | রাষ্ট্রধর্ম বাদ দেয়া হোক | ২৩৯১ |
| | রাষ্ট্রধর্ম বলে সংবিধানে কিছু থাকার দরকার নেই। রাষ্ট্রধর্ম বাদ দিয়ে রাষ্ট্রকে সেকুলার তৈরী করা। রাষ্ট্রের কোনো ধর্ম থাকতে পারে না। | ১৩১৯ |
| | ধর্মহীন না করে সকল ধর্ম পালনের এবং সকল ধর্মের লোকের বসবাসের ক্ষেত্রে নিশ্চয়তা দিতে হবে। | ৪০৯ |
| | ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র হোক। ধর্ম নিরপেক্ষতা বজায় রাখতে হবে। | ২১৭০ |
| | ধর্ম নিরপেক্ষতা বাদ দেয়া হোক। ধর্ম নিরপেক্ষতা বাদ দিয়ে অসাম্প্রদায়িক বাংলাদেশ কথা সংযোজন করতে হবে। | ৭৮৪ |
| | কোনো সাম্প্রদায়িকতা থাকবে না। | ৮২০ |
| | সব ধর্মের প্রতি সম্মান প্রদর্শন করতে হবে। সবাই সমান অধিকার নিয়ে বসবাস করুক। | ১২৮০ |
| | সকল ধর্মের মানুষ স্বাধীনভাবে ধর্ম চর্চার সুযোগ থাকতে হবে। | ৫৭৯ |
| | নাস্তিকতা,ধর্মনিরপেক্ষতাও কাদিয়ানী নিষিদ্ধকরণ। | ৭৮৩ |
| | বাংলাদেশে ইসকন নিষিদ্ধ করা হোক | ৫০২ |
| | সংবিধানে কোন একক ধর্মের বানী থাকা যাবে না | ৫৯ |
| | সকল ধর্মের মানুষের অধিকার সুনিশ্চিত করা। | ৩৩০ |
| | সংখ্যাগরিষ্ট মুসলিম সম্প্রদায়ের অনুভুতিতে আঘাত করে এমন কিছু অন্তর্ভুক্ত না করা। | ১৫০০ |
| | ধর্মীয় মূল্যবোধে আঘাত লাগে এমন কাজ কাউকে বাধ্য করা যাবে না। | ৭৮৩ |
| | সকল ধরনের ধর্মীয় সমালোচনার সুযোগ রাখতে হবে। | ৪৬ |

| | | |
|---|---|---|
| | সকল ধর্মের সমমর্যাদা, সুযোগ ও সমান অধিকার নিশ্চিত করা হোক। সকল মানুষের স্বাধীনভাবে ধর্ম চর্চার অধিকার নিশ্চিত করতে হবে। | ৮২৩ |
| | রাষ্ট্রের ধর্মীয় মূল্যবোধ, আইনের সংরক্ষণ ও প্রয়োগের লক্ষ্যে সকল ধর্মের অংশগ্রহণে একটি স্বাধীন ধর্মীয় সুরক্ষা কমিশন থাকতে হবে | ৩০ |
| | মসজিদ/গির্জা এবং রাষ্ট্রের যথাযথ পৃথকীকরণ। সব ধর্মকে সমানভাবে দেখতে হবে। রাষ্ট্রকে নিরপেক্ষ হতে হবে। | ৭০ |
| | সাম্প্রদায়িক সম্প্রীতি ও ধর্মনিরপেক্ষতা শক্তিশালী করা। ধর্মীয় ও জাতিগত বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধাশীল আইন সংযোজন। ধর্মীয় উগ্রবাদ ও বিভাজনের রাজনীতি বন্ধে কার্যকর পদক্ষেপ। | ১৫৭ |
| | ধর্মভিত্তিক রাজনীতি বন্ধ করতে হবে। রাজনীতিতে ধর্মের ব্যবহার নিষিদ্ধ করতে হবে। | ১১৪০ |
| | ধর্মকে রাজনৈতিক হাতিয়ার বানানো যাবে না | ১৩৯৪ |
| | এলজিবিটিকিউ-এর নীতি কখনো গ্রহণ করা যাবে না | ১১০৮ |
| | এলজিবিটিকিউ-এর নীতি গ্রহণ করা হোক, এটি মানুষের অধিকার। ৩৭৭ ধারা বাতিল চাই | ৪০ |
| | প্রত্যেক মুসলমানের উপর পাঁচ ওয়াক্ত নামাজ বাধ্যতামূলক করতে হবে। | ১৫০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **শিক্ষা, স্বাস্থ্য** | শিক্ষার সকল দায়িত্ব রাষ্ট্রকে নিতে হবে | ১৪৯২ |
| | শিক্ষা ও স্বাস্থ্য সুরক্ষাকে মূলনীতি থেকে মৌলিক অধিকারে নিতে হবে | ১৬০২ |
| | নাগরিকদের জন্য স্বাস্থ্য ও শিক্ষাকে মৌলিক অধিকার হিসেবে নিশ্চিতকরণ। | ৩৩৫ |
| | শিক্ষা, কৃষি ও চিকিৎসা হবে রাষ্ট্রের প্রথম প্রাধান্য। প্রতি অর্থবছরে সর্বোচ্চ বাজেট বরাদ্দ থাকবে এই দুই খাতে | ৬১৭ |
| | শিক্ষার্থী ও গবেষকদের জন্য সরকারি তহবিল বৃদ্ধি। কারিগরি ও পেশাগত শিক্ষা: শিক্ষার্থীদের কর্মসংস্থানের জন্য প্রস্তুত করতে কারিগরি শিক্ষার প্রসার। | ১০৯ |
| | শিক্ষা ও স্বাস্থ্য সেবার মান বাড়াতে হবে | ১০০ |
| | সৎ, নিরপেক্ষ ও শিক্ষা অনুরাগী শিক্ষক নির্বাচন। | ৫৯০ |
| | সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান রাজনীতি মুক্ত করে আইন প্রণয়ন | ৪৭১ |
| | শিক্ষা ব্যবস্থায় নৈতিক শিক্ষার ব্যাপক প্রসার ঘটানো। | ৫৫০ |
| | মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করতে হবে। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৃদ্ধি করে প্রাইভেট কোচিং বন্ধ করতে হবে। | ১০৯ |
| | শিক্ষার মাধ্যম হতে হবে শুধুমাত্র বাংলা ভাষা | ১০১ |
| | শিক্ষা অবশ্যই কর্মমুখী হতে হবে। নীতি-নৈতিকতার বিষয় অন্তর্ভুক্ত করতে হবে। শিক্ষকদের ও শিক্ষার্থীদের রাজনৈতিক কার্যক্রমে রাখার দরকার নেই। রাজনৈতিক বিবেচনায় নিয়োগ বন্ধ করতে হবে | ৭১৭ |
| | শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেনো প্রকৃত মানুষ তৈরীর কারিগর হতে পারে সে ব্যবস্থা তাদের করে দিতে হবে। সকল বিষয়ে স্বচ্ছতা নিশ্চিতই হবে আগামীর সংবিধানের মূল লক্ষ এটাই আশাকরি। | ২৭৯ |
| | নাগরিকদের তাদের অধিকার এবং দুর্নীতির বিরুদ্ধে লড়াই করার প্রয়োজনীয়তা সম্পর্কে শিক্ষিত করা। | ৩৪ |
| | ধর্ম শিক্ষার দায়িত্ব সরকার নেবে। ধর্মীয় শিক্ষার ব্যবস্থা করতে হবে | ৯০ |
| | প্রাথমিক থেকে উচ্চ শিক্ষা পর্যন্ত ধর্মীয় (ইসলাম) শিক্ষাকে সাংবিধানিকভাবে বাধ্যতামূলক করতে হবে | ১৮৭৭ |
| | স্কুল হতে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোনো পাঠ্যপুস্তকে আল্লাহ, কোরআন, ইসলাম ও সর্ব শেষ নবী হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শান - মানে আঘাত ও ইসলাম বিরোধী কোনো লেখা থাকতে পারবে না। | ১৬০১ |
| | মাদ্রাসা ও স্কুল দুই পদ্ধতিতে শিক্ষা প্রদানের মাঝে অসংগতি পরিলক্ষিত হয়। স্কুলে ধর্মীয় শিক্ষার কারিকুলামে সুবিন্যস্ত বা পরিপূর্ণ ধর্মজ্ঞানের অভাব স্পষ্ট! আবার মাদ্রাসা শিক্ষাতে একই শ্রেণিতে ধর্মের একাধিক বিষয় থাকে ফলে যথাযথ শিক্ষার্জন করা সাধারণ শিক্ষার্থীর জন্য কষ্টকর। ফলে জানা বা শেখার উদ্দেশ্যে না পড়ে ছাত্ররা পরীক্ষায় পাস করার জন্য পড়ে।ফলশ্রুতিতে বিষয়গুলোর শিক্ষা অর্জনের মূল উদ্দেশ্যই ব্যর্থতাই পর্যবসিত হচ্ছে। | ১১ |
| | মাদ্রাসা শিক্ষা বোর্ডের সর্বোচ্চ পদে কোনো অমুসলিম বা বামপন্থীকে নিয়োগ দেয়া যাবে না। | ১৩৪ |
| | শিক্ষা ব্যবস্থায় দূর্নীতি মুক্ত করা,সেশন জট হ্রাস।কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের চাকরির সুযোগ দেওয়া। | ৫৯১ |
| | ১ম শ্রেণী থেকে দশম শ্রেণি পর্যন্ত ৩ সেমিস্টার পরীক্ষা চালু করা হোক।এতে করে আমাদের সন্তানরা সবসময়ই পড়াশোনায় মনোযোগী হবে।চিন্তা থাকবে পরীক্ষার। অর্ধ বার্ষিক, বার্ষিক এই নিয়ম বাতিল করা হোক। | ১১ |
| | মন্ত্রী, এমপি, চেয়ারম্যান মেম্বার, সচিব থেকে শুরু করে সরকারি কর্মকর্তাদের সন্তানদের দেশে শিক্ষা ও চিকিৎসা নিতে হবে। | ৮৯১ |
| | চিকিৎসার দায়িত্ব সরকারকে নিতে হবে। সাধারণ জনগণের জন্য চিকিৎসা ব্যবস্থা ফ্রি করা। | ১২৯০ |
| | স্বাস্থ্য খাতে ডাক্তারদের কমিশন বাণিজ্য বন্ধ করতে হবে। | ৭০১ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | রাষ্ট্রের সকল জনগণের জন্য স্বাস্থ্য বীমা চালু করতে হবে | ৪৯ |
| | কেউ শিক্ষকতা ও স্বাস্থ্য সংক্রান্ত পেশায় কাজ করলে তিনি প্রাইভেট টিউশন ক্লাস বা প্রাইভেট ক্লিনিক বা চেম্বার খোলার অনুমতি পাবেন না। | ১০ |
| | জনসংখ্যার সাথে তাল মিলিয়ে বিশ্ববিদ্যালয় বাড়াতে হবে। | ৩১ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **গণমাধ্যম ও মত প্রকাশের স্বাধীনতা** | স্বাধীন গণমাধ্যম নিশ্চিত করা হোক | ১৭৭৬ |
| | স্বতন্ত্র গণমাধ্যম কমিশন গঠন | ৪১০ |
| | সকল নাগরিকের মত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করা হোক | ২২৯০ |
| | সংবাদপত্র ও টিভির মালিকানা নিরপেক্ষ ব্যক্তিদের হাতে দেয়া হোক | ১১০৮ |
| | সরকারি বেসরকারি টেলিভিশনে সংবাদ পাঠকারী মহিলার মাথার চুল, গলদেশ, ও বক্ষ প্রদর্শন করা যাবেনা, তাই সংবাদ পাঠকারিনী হিজাব পরিধান করে সংবাদ পাঠ করা বাধ্যতামূলক করতে হবে। | ৭০ |
| | বাকস্বাধীনতা ও মানবাধিকার সুরক্ষা ও মতপ্রকাশের স্বাধীনতার পূর্ণ নিশ্চয়তা। | ১৩৪৮ |
| | রাষ্ট্র প্রত্যেক নাগরিকের বাকস্বাধীনতার অধিকার, শান্তিপূর্ণভাবে সমবেত হওয়ার স্বাধীনতার নিশ্চয়তা দেবে। | ৭৮০ |
| | কোর্টের অনুমতি ছাড়া কোনো সাধারণ নাগরিকের ফোন বা ইন্টারনেট কার্যকলাপ নজরদারি করা যাবে না। | ৫৯০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **প্রজাতন্ত্র - (স্বাধীনতার ঘোষণাপত্র, জাতীয় পতকা, জাতীয় সংগীত, জাতীয়তা)** | প্রজাতন্ত্র শব্দ পরিবর্তন করা হোক। প্রজাতন্ত্র-এর বদলে জনতন্ত্র। গণপ্রজাতন্ত্রী নয়, শুধু গণতন্ত্রি বাংলাদেশ সরকার প্রতিষ্ঠা করতে হবে। | ৫০ |
| | স্বাধীনতার ঘোষণাপত্র ঠিক করতে হবে | ১৬৬ |
| | জাতীয়তাবাদের স্থলে বাংলাদেশী জাতীয়তাবাদ স্থাপন করতে হবে | ১৬৩৪ |
| | সবাই বাংলাদেশী পরিচয়ে পরিচিত হবে | ৫৫৯ |
| | প্রত্যেক জনগোষ্ঠির নিজ নিজ জাতিসত্বার পরিচয় সংবিধানে স্বীকৃতি দেবে | ২০ |
| | জাতীয় সংগীত পরিবর্তন করতে হবে বা বাদ দিতে হবে | ৬৬৫ |
| | জাতীয় সংগীত পরিবর্তন করা যাবে না | ২১০ |
| | সংসদ সদস্য, মন্ত্রী, প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি দুই দেশের নাগরিক হতে পারবে না। দ্বৈত নাগরিক হলে নির্বাচন করতে পারবে না। স্ত্রী, সন্তান, মা-বাবা ভিন্ন দেশের নাগরিক হতে পারবে না। বিদেশে কোনো স্থায়ী সম্পদও থাকতে পারবে না | ২৫৫০ |
| | রাজনীতিতে নেতৃত্ব দেয়া পরিবারের সবাইকে বাংলাদেশের নাগরিকত্ব থাকতে হবে, দুই দেশের পাসপোর্টধারী হওয়া যাবে না। | ৪৮০ |
| | আমলা, বিচারক ও পুলিশ প্রশাসনের দুই দেশের নাগরিকত্ব থাকতে পারবে না | ১৪৫১ |
| | কোন সরকারি অফিসে কোনো রাজনৈতিক ছবি থাকতে পারবে না। ছবি থাকলে জাতীয় চার নেতার ছবি থাকতে হবে। | ৫৮৭ |
| | বাংলাদেশ প্রতিষ্ঠায় সকল ফাউন্ডিং ফাদারদের যথাযথ সম্মান দেখাতে হবে | ৬৫১ |
| | অফিস আদালতে কিংবা সরকারি বা আধাসরকারি সব স্থানে শেখ মুজিবুর রহমান কিংবা প্রধানমন্ত্রীর ছবি রাখা যাবে না | ২৫৬৫ |
| | টাকায় কারো ছবি রাখা যাবে না, | ৭ |
| | সর্বশেষ সরকারের আমলে যুক্ত করা তফসিলগুলো নিয়ে সমালোচনা থাকলে সেগুলো বাদ দিতে হবে। যেমন ৭ই মার্চের ভাষণ এবং ২৬মার্চের স্বাধীনতার ঘোষণা। | ১৪১০ |
| | জয় বাংলাকে জাতীয় শ্লোগান হিসেবে ধরে রাজনৈতিকভাবে এর ব্যবহার বন্ধ করতে হবে | ২৮৪ |
| | দ্বৈত জাতীয় ভাষা, বাংলা এবং ইংরেজি। সমস্ত সরকারী নিয়ম, বিজ্ঞপ্তি, আদেশ, বিজ্ঞপ্তি ইত্যাদি উভয় ভাষা ব্যবহার করে প্রকাশ করতে হবে। | ৫ |
| | ১। সংবিধানে "ইসলামিক রিপাবলিক অব বাংলাদেশ" ঘোষণা করতে হবে। কুরআন, সুন্নাহ, ইজমা ও কিয়াস —এ চারটিকে সংবিধানের মুল স্তম্ভ ঘোষণা করতে হবে।<br>২। কাজী নজরুল ইসলামকে জাতীয় কবি স্বীকৃতি দিয়ে তাঁর রচিত দেশাত্মবোধক সঙ্গীতকে (ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি অথবা অন্য যে কোনোটি) জাতীয় সংগীত করতে হবে।<br>৩। সাংবিধানিক ব্যাখ্যা, আইন প্রণয়ন প্রভৃতি ক্ষেত্রে প্রচলিত আইন, বিচার ও সংসদীয় ব্যবস্থার পাশাপাশি "সুপ্রিম উলামা কাউন্সিল" গঠন করতে হবে। | ১০ |
| | ভারত পন্থী, পাকিস্তান পন্থী, চায়না পন্থী বা অন্য কোনো দেশ পন্থী না হয়ে বাংলাদেশ পন্থী হতে হবে। | ১৭০ |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **সাংবিধানিক প্রতিষ্ঠান ও প্রশাসন** | সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো স্বাধীনভাবে কাজ করা নিশ্চিত করতে হবে | ১৭৯০ |
| | সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো রাষ্ট্রপতির কাছে জবাবদিহি করবে, সরকারের কাছে নয় | ১৪৬ |
| | সামরিক দিক দিয়ে বাজেট বাড়াতে হবে, সেনা সংখ্যা ৩ লক্ষতে নিয়ে যেতে হবে | |
| | সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত উপরস্থ কর্মকর্তাদের কে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী বানালে ভালো হয়। | |
| | সিএনজি এবং মোটরসাইকেল এর জন্য নির্দিষ্ট পার্কিং ব্যবস্থা করা হোক। | |
| | স্বরাষ্ট্রমন্ত্রণালয় থেকে পুলিশ বিভাগ কে পৃথক করতে হবে | |
| | হাইকোর্টকে বিভাগীয় পর্যায় পর্যন্ত নিয়ে যেতে হবে | |
| | সরকারি প্রকল্পের ব্যয় জনসম্মুখে প্রকাশ করতে হবে | |
| | সরকারী চাকরীতে প্রশ্নফাঁসের সাথে জড়িত পরীক্ষার্থী, দালাল, ও কর্মচারীকে যাবজ্জীবন কারাদন্ড দিতে হবে | |
| | সরকারের সকল কাজের স্বচ্ছতা আনতে হবে | |
| | সরকার পরিচালনায় মন্ত্রীপরিষদ পদ্দতি বাতিল | |
| | সর্বদা প্রজাতন্ত্র এদেশের গণমানুষের চাহিদাকে অগ্রাধিকার দিতে বাধ্য থাকিবে | |
| | সমস্ত স্টেকহোল্ডার মূল্যবান, এবং কেউ এই সংবিধান থেকে অতিরিক্ত সুবিধা পেতে পারে না। | |
| | নতুন নেতৃত্ব উদ্ভবের সুযোগ বাড়ে, যা গণতন্ত্রের জন্য ইতিবাচক। | |
| | সংবিধানের নাম ডেমোক্রেটিক রিপাবলিক অফ বাংলাদেশ করতে হবে | |
| | সংবিধান পাঠ্য বইতে অন্তর্ভূক্তিকরণ | |
| | হাইকোর্টকে বিভাগীয় পর্যায় পর্যন্ত নিয়ে যেতে হবে | ১৮ |
| | সংসদ ভাঙা কালীন সাংসদরা নূন্যতম ৬ মাস দেশ ত্যাগ করতে পারবে না | |
| | প্রধানমন্ত্রী যেকোনো বিতর্কিত বিষয় গণশুনানির মাধ্যমে এবং মিডিয়ার উপস্থিতির মাধ্যমে নির্বাচিত সংসদ সদস্যদের নিয়ে গঠিত কমিটির সামনে স্পষ্ট করবেন | |
| | নেতা পরিবর্তন হলেও নীতি যেন অপরিবর্তিত থাকে সেই ব্যবস্থাকে কঠোরভাবে সংবিধানে সংযুক্ত করা প্রয়োজন | ১ |
| | জাতীয় নিরাপত্তার স্বার্থে রাষ্ট্রের সকল নাগরিকদের সামরিক প্রশিক্ষণ নেওয়া বাধ্যতামূলক করতে হবে | |
| | মানবাধিকার রক্ষা কমিশন শক্তিশালী করা | |
| | বাজেট প্রণয়নে রাজনৈতিক অভিলাষের পরিবর্তে জনবান্ধন হতে হবে | |
| | দেশের সকল বড় চুক্তি জনসম্মুখে উন্মুক্ত করতে হবে | |
| | সরকারি প্রকল্পের ব্যয় জনসম্মুখে প্রকাশ করতে হবে | |
| | রাস্তা অবরোধ করে দলীয় সমাবেশ নিষিদ্ধ করতে হবে | ৬ |
| | পাবলিক ট্রান্সপোর্ট রাষ্ট্রীয়করণ করতে হবে | ১ |
| | ১৮ বছর পর্যন্ত ছেলেমেয়েদের সবকিছুর দায়িত্ব নেবে সরকার | |
| | ২০২৪ এর গণ আন্দোলন কে সাংবিধানিক স্বীকৃতি দিতে হবে | |
| | কোন ধরনের মামলা সর্বোচ্চ কতদিন ধরে চলবে তা নির্ধারণ করে দিতে হবে | |
| | আদালতের বিচার কার্য ৯০ দিনের মধ্যে শেষ করতে হবে | |
| | ইনডেমনিটি অধ্যাদেশ বাদ দিতে হবে | |
| | ই-পাসপোর্ট ও এনআইডি নির্দিষ্ট সময় পর পর হালনাগাদ করতে হবে। এনআইডি কার্ডে সুযোগ-সুবিধা বৃদ্ধি করণ ও অন্যান্য তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। | |
| | একটি পরিবারে একটির বেশি ব্যক্তিগত গাড়ি থাকতে পারবে না। যদি থাকে সেক্ষেত্রে অতিরিক্ত কর পরিশোধ করতে হবে। | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | এমফিল অথবা পিএইচডি ডিগ্রী ছাড়া বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ বন্ধ করা হোক। | |
| | এসএসসি, এইচএসসি, অনার্স ,মাস্টার্স এর জাল রোধে কিউআর কোড ব্যবহার ও অন্যান্য নিরাপত্তা পদ্ধতি চালু করতে হবে | |
| | ওএসডি প্রথা সংস্কার এবং অপরাধ প্রমানের শাস্তির বিধান প্রণয়ন | |
| | কখন জরুরি অবস্থা জারি করা যাবে তা সংবিধানে স্পষ্ট করতে হবে | |
| | কমপক্ষে ৫% আসন সংখ্যালঘু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং দলিত সম্প্রদায়ের জন্য সংরক্ষণ করা | |
| | কর্মপন্থা নির্ধারণ ও রাজনৈতিক ব্যক্তিত্বের জন্য কিছু নীতিমালা প্রয়োজন। | |
| | কোন নাগরিক চাইলে প্রশাসনের বিরুদ্ধে মামলা করতে পারবেন | |
| | কোন নেতা বা ব্যবসায়ী বা আসামি দেশত্যাগ করলে বা দেশ থেকে পলায়ন করলে তার সকল সম্পত্তি বাজেয়াপ্তকরণ করতে হবে। | |
| | কোন সরকার বিদেশী কোন দীর্ঘস্থায়ী চুক্তি (৫ বছরের অধিক, যেমন আদানী গ্রুপের সাথে চুক্তি) করতে গেলে অবশ্যই বিরোধী দলের সম্মতি থাকতে হবে। | |
| | গণহত্যাকারীরা রাষ্ট্রীয় কাজে অংশ নিতে পারবে না | |
| | গ্রাম পর্যায়ে শিল্প উদ্যোক্তা তৈরি করতে হবে | |
| | ঘুষখোর, চাঁদাবাজ, টাকা পাচারকারীদের সর্বোচ্চ শাস্তির বিধান মৃত্যুদণ্ড দিতে হবে | |
| | চাঁদাবাজি বন্ধে আইন প্রণয়ন করতে হবে এবং কোন দলের নেতাকর্মীর বিরুদ্ধে চাঁদাবাজির প্রমাণ পেলে রাজনৈতিক পদ বাতিল এর বিধান করতে হবে | |
| | জনগণের ক্ষতি না হওয়ার সাপেক্ষে অ্যালকোহল অনুমোদন দিতে হবে | |
| | জাতীয় নৈতিকতা অন্বেষণ করার জন্য শাসনতন্ত্রে ধারা সংযোজন করতে হবে | |
| | জাতীয় নিরাপত্তার স্বার্থে রাষ্ট্রের সকল নাগরিকদের সামরিক প্রশিক্ষণ নেওয়া বাধ্যতামূলক করতে হবে | |
| | তরুণদের নূন্যতম ৬ মাসের মিলিটারি ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে। | |
| | রাজনৈতিক দলগুলোর আর্থিক লেনদেন ও তহবিল ব্যবহারের জন্য কঠোর নিয়ম চালু করতে হবে | |
| | দলের কোন লোক সরকারি বিভাগে চাকুরি নিলে দল থেকে অব্যহতি নেওয়া ও নিরপক্ষভাবে কাজ করা। | |
| | দেশের সকল বেসরকারি, এনজিও প্রতিষ্ঠানগুলোতে বিদেশী কর্মকর্তা/কর্মচারী নিয়োগ কমাতে হবে এবং দেশীয় কর্মচারী/কর্মকর্তাদের অগ্রাধিকার দিতে হবে। | |
| | দেশের সাংস্কৃতিক ঐতিহ্য, প্রথা, আচরণ ইত্যাদি সংরক্ষণ করতে হবে | |
| | নাগরিক চাইলে প্রশাসনের বিরুদ্ধে মামলা করতে পারবেন | |
| | নারীদের জন্য আলাদা আইন | |
| | নো ম্যান্ডেট বিধান রেখে প্রধানমন্ত্রী ও সরকারকে নামানোর ব্যবস্থা রাখতে হবে ট্রায়ালের মাধ্যমে | |
| | পর্যটন ব্যবস্থার সংস্কার করতে হবে | |
| | পল্লিবিদ্যুতায়ন বোর্ড বিলুপ্ত করে পিডিবির মত করে ফেলা সময়ের দাবি | |
| | পার্বত্য চট্টগ্রামের অধিবাসীদের চাকুরি সহ রাষ্ট্রের অন্যান্য সুবিধা অগ্রাধিকার ভিত্তিতে নিশ্চিত করা | |
| | পুরুষ নির্যাতন রোধ ও নারী নির্যাতনের মিথ্যা হয়রানি মামলা রোধে ব্যবস্থা গ্রহণ | |
| | পৃথক শিক্ষা কমিশন গঠন করতে হবে | |
| | প্রতিটি প্রাইভেট প্রতিষ্ঠানে নির্দিষ্ট কর্ম ঘন্টা নির্ধারণ করে দিতে হবে | |
| | প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে (বিশ্ববিদ্যালয় ও কলেজ) সংখ্যালঘুদের জন্য উপাসনালয় নির্মাণ | |
| | প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে (বিশেষত ভার্সিটিও ও কলেজে) সংখ্যালঘুদের জন্য উপাসনালয় নির্মান - | |
| | প্রধানমন্ত্রী যেকোনো বিতর্কিত বিষয় গণশুনানির মাধ্যমে এবং মিডিয়ার উপস্থিতির মাধ্যমে নির্বাচিত সংসদ সদস্যদের নিয়ে গঠিত কমিটির সামনে স্পষ্ট করবেন | |
| | বয়স্ক ভাতা সংস্কার ও ন্যায্যতার ভিত্তিতে প্রদান | |
| | বাংলাদেশের পূর্ব ও উত্তরের পাহাড় এবং তিলা সমূহ কে সংরক্ষিত এলাকা ঘোষণা করে সংরক্ষণ করতে হবে | |
| | বাজেট প্রণয়নে রাজনৈতিক অভিলাষের পরিবর্তে জনবান্ধন হতে হবে | |
| | বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগ UGC কর্তৃক পরিক্ষার মাধ্যমে নেওয়া হোক | |
| | বেসরকারি কর্মক্ষেত্রে কর্মের নিরাপত্তা সম্বলিত আইন প্রণয়ন | |
| | ব্যবসায়িক ব্যক্তিরা সাংসদ হতে পারবে না | |
| | ব্যবহারিক শিক্ষার গুরুত্ব বাড়ানো | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | ব্যাংক ব্যবস্থার সংস্কার করতে হবে। | |
| | ব্যানার মুক্ত দেশ চাই। কোন দলের কালারিং ব্যানার চলবে না। | |
| | যদি কোন কোম্পানি প্রতিষ্ঠানের Ads দিতে হয় তাহলে সরকারকে ট্যাক্স দিয়ে করতে হবে এবং তার ব্যক্তিগত খরচ বিলবোর্ড স্থানান্তর করতে হবে এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে বিলবোর্ড সরিয়ে নেওয়ার প্রস্তাবনা থাকতে হবে। | |
| | দলীয় ব্যানার, দলীয় ব্যক্তির পোস্টার কোন ব্রিজ বা ফ্লাইওভার এর পিলারে লাগানো যাবে না। যদি লাগায় তাহলে জরিমানা করতে হবে এবং বিনাশ্রম কারাদণ্ড দিতে হবে। | |
| | ব্রেইন ড্রেইন বিষয়ে কার্যকরী ব্যবস্থা | |
| | ভোক্তা অধিদপ্তরের ক্ষমতা বৃদ্ধি। পণ্য মজুদকারীদের সর্বোচ্চ শাস্তির বিধান, মজুদকৃত পণ্য বাজেয়াপ্তকরণ, মজুদকারীদের লাইসেন্স বাতিল ও কালো তালিকাকরণ। | |
| | মডেল মসজিদের পাশাপাশি অন্যান্য ধর্মাবলীদের জন্য মডেল প্রার্থনালয় বানাতে হবে | |
| | মাদক মুক্ত করণে পদক্ষেপ নিতে হবে | |
| | মানবাধিকার রক্ষা কমিশন শক্তিশালী করা | |
| | মেধাবীদের সরকারি চাকুরিতে নিয়োগের ব্যবস্থা করুন | |
| | যে কোনো ধরনের ইন্সটিটিউট রাজনৈতিক মুক্ত | |
| | যে ব্যক্তি যে ফিল্ডে পড়াশোনা করবে রাষ্ট্রীয়ভাবে তাকে সেই ফিল্ডের উপর কর্মের ব্যবস্থা করে দিতে হবে | |
| | রাইট টু ইনফরমেশন মৌলিক অধিকার করতে হবে | |
| | সংবিধানে প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংরক্ষণ, পুনর্নির্মাণ এবং ঐতিহাসিক স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য নির্দিষ্ট ধারা অন্তর্ভুক্ত করতে হবে। | |
| | সততা এবং সৎ মানুষ যেন সমাজের প্রথম সারিতে উঠে আসতে পারে সেই ব্যবস্থা আমাদের সংবিধানে করতে হবে | |
| | সপ্তাহে একদিন মাঠ পর্যায়ে গিয়ে জনগণের মতামত নিতে হবে | |
| | সমগ্র দেশকে কয়েকটি প্রদেশে ভাগ করে প্রতিটি প্রদেশে আলাদা প্রাদেশিক সরকার গঠন করতে হবে | |
| | সরকার কোন ধরনের ইনডেমনিটি অধ্যাদেশ জারি করতে পারবে না | |
| | সরকার রিজার্ভের ৫০% এর বেশি ঋণ নিতে পারবে না। | |
| | সরকারের সকল অঙ্গ ও সহযোগী সঙ্গঠনের স্বাধীন ভাবে কাজ করার ক্ষমতা প্রতিষ্ঠা করা | |
| | সরকারের সকল কাজের স্বচ্ছতা আনতে হব | |
| | সর্বদা প্রজাতন্ত্র এদেশের গণমানুষের চাহিদাকে অগ্রাধিকার দিতে বাধ্য থাকিবে | |
| | সাংবাদিকতা করতে হলে পরীক্ষা দিয়ে লাইসেন্স নিতে হবে | |
| | সিভিল সার্ভিস বডিতে যথাসম্ভব সাবজেক্টওয়াইজ নিয়োগের নির্দেশনা দিতে হবে | |
| | সীমান্ত হত্যা, অবৈধ বাঁধ সম্পর্কে প্রত্যেক সরকার কে লক্ষ্য রাখতে হবে | |
| | সুশীল সমাজ, বিরোধীদল ও অন্যান্যদের জন্য নির্দিষ্ট পরিমানে আসন সংরক্ষিত রাখা | |
| | সৈনিকদের বেতন পুণঃবিবেচনা করতে হবে | |
| | স্টার্টআপ, ব্যবসায়ীদের জন্য UAE, Singapore এর মতো Low tax, tax free করতে হবে। | |
| | স্ব স্ব মন্ত্রণালয়ের সচিবদের স্ব স্ব বিষয়ে গ্রাজুয়েশন থাকা লাগবে। যেমন স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব অবশ্যই ডাক্তার হতে হবে। | |
| | স্বাস্থ্যসেবার মান উন্নত ও ঔষধের স্বল্প মূল্য নির্ধারণ করতে হবে | |
| | হিন্দু আইনে কন্যা এবং স্ত্রী যেন সম্পত্তি পায় সেই আইন করতে হবে | |
| | "শাসন" শব্দের পরিবর্তে "দায়িত্ব" এবং "প্রশাসক" শব্দের পরিবর্তে "সেবক" শব্দ ব্যবহার করা হবে। | |
| | ভিআইপি জন্য রাস্তা বন্ধ করা যাবে না | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| **বিবিধ** | কোন প্রকার বিভাজন ও বৈষম্যের ঠাঁই যেন না হয়। | |
| | মেধাবীদের সরকারি চাকুরিতে নিয়োগের ব্যবস্থা করুন | |
| | নিত্যপন্য সিন্ডিকেটকারীদের ফাঁসির শাস্তির বিধান যুক্ত করতে হবে | |
| | সরকারি আমলাদের সন্তান স্ত্রী দেশের বাইরে থাকতে পারবে না | |
| | কোনো পরিবারতন্ত্র থাকবে না | |
| | সর্বদা প্রজাতন্ত্র এদেশের গণমানুষের চাহিদাকে অগ্রাধিকার দিতে বাধ্য থাকিবে | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন |
|---|---|---|
| | পররাষ্ট্র সংক্রান্ত বিষয়ে বাংলাদেশে অধিকাংশ মানুষের স্বার্থ রক্ষা করা | |
| | কর্মপন্থা নির্ধারণ ও রাজনৈতিক ব্যক্তিত্বের জন্য কিছু নীতিমালা প্রয়োজন। | |
| | সরকারের সকল অঙ্গ ও সহযোগী সঙ্গঠনের স্বাধীন ভাবে কাজ করার ক্ষমতা প্রতিষ্ঠা করা | |
| | পল্লিবিদ্যুতায়ন বোর্ড বিলুপ্ত করে পিডিবির মত করে ফেলা সময়ের দাবি | |
| | কখন জরুরি অবস্থা জারি করা যাবে তা সংবিধানে স্পষ্ট করতে হবে | |
| | সততা এবং সৎ মানুষ যেন সমাজের প্রথম সারিতে উঠে আসতে পারে সেই ব্যবস্থা আমাদের সংবিধানে করতে হবে | |
| | ব্যক্তিতন্ত্র ও পরিবারতন্ত্র থেকে যেন বাংলার জনগণ বেঁচে থাকতে পারে সেই ব্যবস্থা করতে হবে | |
| | আইন করে জনপ্রতিনিধিদের বিদেশে চিকিৎসা এবং সন্তানদের বিদেশে পড়াশোনা বন্ধ করতে হবে | |
| | যে ব্যক্তি যে ফিল্ডে পড়াশোনা করবে রাষ্ট্রীয়ভাবে তাকে সেই ফিল্ডের উপর কর্মের ব্যবস্থা করে দিতে হবে | |
| | গণহত্যাকারীরা রাষ্ট্রীয় কাজে অংশ নিতে পারবে না | |
| | বেসরকারি কর্মক্ষেত্রে কর্মের নিরাপত্তা সম্বলিত আইন প্রণয়ন | |
| | সরকারী চাকরীতে প্রশ্নফাঁসের সাথে জড়িত পরীক্ষার্থী, দালাল, ও কর্মচারীকে যাবজ্জীবন কারাদন্ড দিতে হবে | |
| | ব্যবসায়িক ব্যক্তিরা সাংসদ হতে পারবে না | |
| | স্বাধীন ইন্টারনেট কমিশন গঠন | |
| | দ্বৈত নাগরিকত্ব বাতিল | |
| | উন্নয়নমূলক কাজে এমপিদের সম্পৃক্ততা থাকবে না, তাদের কাজ হবে আইন প্রণয়ন করা | |
| | উন্নয়নমূলক কাজে মনিটরিং টিম গঠন | |
| | শিক্ষার মান উন্নয়ন করতে হবে | |
| | বিদ্যুৎ খাতে ভর্তুকির ব্যবস্থা করতে হবে | |
| | ক্রয়কৃত বিদ্যুৎ মিটারের ভাড়া ও ডিমান্ড চার্জ বাতিল করতে হবে | |
| | বিদ্যুৎ খাতে ভর্তুকির ব্যবস্থা করতে হবে | |
| | বিদ্যুৎ গ্যাস জ্বালানির দাম কমানো ও এর সম্পর্কিত আইন প্রণয়ন করতে হবে | |
| | ডিজিটাল কারেন্সিতে দেশের অর্থ ব্যবস্থা চালু করতে হবে | |
| | স্থানীয় সরকারের আর্থিক ক্ষমতা বাড়ানো | |
| | প্রতিটি উপজেলায় আদালত স্থাপন | |
| | সামাজিক বিচারের নামে মাতব্বরি নিষিদ্ধ করা | |
| | বাংলাদেশের সকল নাগরিক কে রেশন কার্ড দেওয়া | |
| | শিক্ষার্থীদের জন্য ইন্টারনেট ফ্রি ব্যবস্থা করা | |
| | শিক্ষার্থীদের জন্য সারা বাংলাদেশে ট্রেন বাস লঞ্চ হাফ পাস করা | |
| | ২০ বছরের নিচে বাইক নিষিদ্ধ করা | |
| | সকল বাহিনী সংবিধান রক্ষার শপথ নিবেন সরকারের পক্ষে নয়। | |
| | পরিবেশগত সংকট, প্রযুক্তিগত অগ্রগতি বা বিশ্বব্যাপী অর্থনৈতিক পরিবর্তনগুলি মোকাবেলার জন্য সংবিধান আপডেট করা যেতে পারে | |
| | আদালতে উকিলদের কোন রাজনৈতিক সংগঠন থাকবে না | |
| | গনভোট ব্যতিত বাইরের কোন রাষ্ট দেশের করিডোর ব্যাবহার করতে পারবে না | |
| | প্রতিবেশী রাষ্ট্রগুলোর সঙ্গে ন্যায্যতা ও সমতা সম্পর্ক সমন্বয় পররাষ্ট্র নীতি মেনে চলা | |
| | সর্বস্তরে সংখ্যালঘুদের জন্য সংরক্ষিত আসন ও পৃথক নির্বাচন ব্যবস্থা করা হোক | |
| | জরুরী সেবা দানে বিশেষ একটি বাহিনী তৈরি করা যারা অন্য সকল বাহিনীর সাথে সমন্বয় করে কাজ করবে | |
| | পুলিশ বাহিনীর মতোই আরেকটি সামাজিক শৃঙ্খলা বাহিনী গঠন করতে হবে | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| **বিশেষ** | জুলাই অভ্যুত্থানে সকল শহীদের হত্যার জন্য দায়ি সকলকে বিচারের আওতায় আনার অধ্যাদেষ জারি করতে হবে। আর শেখ হাসিনা একজন গনতন্ত্র হত্যাকারি এটি উল্লেখ করতে হবে।জুলাই শহীদের বীরত্বপূর্ণ সংগ্রাম পঠ্যপুষতকে সংযোজন করতে হবে। | | | | |
| | সবার সাথে বন্ধুত্ব, কারুর সাথে শত্রুতা নয়" এর বিদেশ নীতি তে আমাদের দূর্বলতাই প্রকাশ পায়। | | | | |
| | বৈষম্য বিরোধী ছাত্র এবং দলনিরপেক্ষ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগনের সমন্বয়ে একটি high powerful দুর্নীতি দমন কমিশন গঠন করা হবে যারা one stop action নিতে পারবে। অভিযোগ পাওয়া মাত্র দ্রুত (maximum 7 working days) তদন্ত সাপেক্ষে action নিতে পারবে। | | | | |
| | ১. প্রত্যেক সংসদ সদস্যকে যুক্ত করতে হবে শুধু সংসদে কাজ করবে। স্কুল, কলেজ বা কোনো প্রতিষ্ঠান, ক্লাবের কোনো কমিটিতে তারা উন্নয়নমূলক কাজে নিয়োজিত থাকবেন না, চেয়ারম্যান বা উপদেষ্টা থাকবেন। ২. শুল্কমুক্ত যানবাহন পার্স বাদ, তিনি স্থায়ী কমিটির সদস্য ছাড়া কোনো মন্ত্রণালয়ে প্রভাব ফেলবেন না। এটা করলে তাদের শাস্তি হবে । ৩. সংসদের নির্দেশ ছাড়া কোনো প্রকল্প পরিদর্শন করবেন না তারা। ৪. প্রাক্তন সংসদ সদস্যরা অন্য কোনো স্থানীয় সরকার আসনের জন্য যোগ্য হবেন না। ৫. কোন ভোটের বিকল্প চালু করা হবে না। ৪৫% ভোট ছাড়া কোনো প্রার্থী পাস হবে না, আবার নির্বাচন হবে। | ১ | মো. আহসান কবীর | ৩২৪৭ | ahsan5957@gmail.com |
| | সরকারি চাকুরি যারা করেন তাদের বেতন বৈষম্য যদি দূর করা যায় এবং নতুন পে স্কেল যদি দেয়া হয় তাহলে দূর্নীতি অনেকাংশে কমে আসবে বলে আমি মনে করি। সংবিধানে প্রতি পাঁচ বছর পর পর বাজার ন্যায্য বজায় রেখে নতুন পে স্কেল যাতে দেয়া হয় সে বিষয়টি অন্তর্ভুক্ত করলে অনেকটাই সুফল পাওয়া যাবে | ১ | | | |
| | প্রত্যেক বিভাগে হোক, দপ্তরে হোক, মন্ত্রণালয় হোক সেখানে একটা কমিশন থাকবে যেন তাদের কাজ গুলো কিভাবে সহজ করা যায়। ফলে কমিশন ভেবেচিন্তে নতুন নতুন পথ বের করবে যা জনগণের জন্য ভালো দিক টা বের করে আনতে পারবে। | ১ | | | |
| | ১। এমপি/ মন্ত্রী / চেয়ারম্যান হতে হলে তাদের জন্য লিখিত পরীক্ষার পদ্ধতি চালু করতে হবে।<br>২। দেশে নারী নির্যাতন আইন সংস্কার করতে হবে, মিথ্যা নারী নির্যাতন মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>৩। জমি সংক্রান্ত মামলা ১-২ বছরের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>৪। বিয়ে / ডিভোর্স অনলাইন পদ্ধতি চালু করতে হবে।<br>৫। চাকরির পরীক্ষায় একবার টিকলে পরবর্তীতে আর পরীক্ষা দিতে হবে না এবং যোগ্যতার ভিত্তিতে চাকরি নিশ্চিত করতে হবে। | ১ | শাহাদাত | ৩২৮০ | shahadat3786@gmail.com |
| | | ১ | | ৩২৯১ | mdzubayer2211@gmail.com |
| | মুক্তিযুদ্ধের প্রকৃত দলিল তফসিরে অন্তভুক্ত করতে হবে<br>৩. ভাসানি, শেরেবাংলা, সোহরাওয়ার্দী এদের যথাযথ সম্মান দিতে হবে<br>৪. নাগরিক অধিকার নিশ্চিত করণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১ | | ৩২৯২ | sajjadhossainnabil@ymail.com |
| | প্রথমত বলতে চাই যতদিন পর্যন্ত আমরা চিন্তাভাবনায় উন্নত হবো না ততদিন পিছিয়ে থাকতে হবে। যার দরুণ দরকার শুদ্ধাচার । তাই (ক) সাংবিধানিক Rule করে ৬ষ্ঠ শ্রেণী থেকে মাষ্টারস পর্যন্ত একটি বাধ্যতামূলক পাঠ্য থাকতে হবে যেখানে থাকবে : সততা, নিয়ম, পদ্ধতি, ধৈর্য, সহনশীলতা, নিয়মানুবর্তিতা, সহজাত ক্ষমতা, স্বকিয়তা, ন্যায়পরতা পরিশ্রম, দক্ষতা, ব্যক্তিত্বতা ইত্যাদি । এবং এই বিষয়ের পাশ মার্কস করতে হবে ৫০(পঞ্চাশ) ।<br>(খ) দেশে গবেষণার ব্যাপক সুযোগ করতে হবে । মেধাবী গবেষকদের বিদেশে গবেষণা শেষে সম্মানের সাথে দেশে ফিরিয়ে আনার জন্য ব্যবস্থা করতে হবে<br>(গ) ডক্টরেটদের সাথে BCS ক্যাডারদের গুন্ডামী বন্ধ করে স্ব স্ব অবস্থানের ব্যবস্থা করতে হবে ।<br>২ । প্রধানমন্ত্রী থেকে শুরু করে দিন মজুর পর্যন্ত মাসিক আয়ের একটি স্থির চিত্র তৈরী করে কার্যকর করতে হবে । যেখানে দিন শেষে একজন দিন মজুরও সন্তানে সুষম খাদ্য, পড়াশুনার ব্যয়ভার ও চিকিৎসার জন্য চিন্তা করতে না হয় । যদি এটি করতে না পারি তাহলে দায়িত্বশীলগণ কোনভাবেই দায় এড়িয়ে যাওয়ার সুযোগ নেই এবং দেশও উন্নত হবার সুযোগ নেই । | ১ | মুঃ লুৎফর রহমান তালুকদার। সন্দ্বীপ, চট্টগ্রাম | ৩২৯৬ | lutfurrahman7865@gmail.com |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | ১. যোগ্যতা সম্পন্ন যে কেউ নির্বাচনে অংশ নিতে পারবে,সে যেই হোক; কারো দলিয় ট্যাগ থাকবে না। জনগণ যাকে ইচ্ছা ভোট দিবে ,ভোট অনলাইনে করা যেতে পারে সেটা মাসব্যাপী হতে পারে। যার নির্বাচনে জয়লাভ করবে তারা প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি স্পিকার নিযুক্ত করবেন, সেটাও ভোটের মাধ্যমে । পরবর্তীতে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদে রাষ্টপতি নিয়োগ দিবেন, সেখানেও সংসদ সদস্যের মতামতের ভিত্তিতে। সরকারি কর্মচারির দূর্নীতি অনিয়মের অভিযোগে পাওয়া গেলে তদন্ত সাপেক্ষে ১০-১৫ কর্মদিবসের মধ্যে বরখাস্তের বিধান থাকতে হবে।<br>২. নাগরিক অধিকার নিশ্চিত করতে হবে।<br>৩. আইন শৃঙ্খলা বাহিনী শুধু মাত্র দেশের শৃঙ্খলা বজায় রাখতে কাজ করবে,কোন প্রটোকলে ব্যবহার করা যাবে না। | ১ | MD MASUDUR RAHMAN | ৩৩১৭ | babumasudur@gmail.com |
| | বিপ্লব এর মাধ্যমে নতুন অধ্যায় শুরু হচ্ছে এই দেশের, তো সংস্কার টাও বিপ্লবী হওয়া উচিৎ। আগের সকল স্বার্থান্বেষী সংস্কার সম্পূর্ণ বাতিল করে দিতে হবে। যারা এখনো বহাল তবিয়তে আছে তাদের উৎখাত করতে হবে সংবিধানের পুরনো স্বার্থের তোয়াক্কা না করে। বিপ্লবী সংবিধানের সংস্কারের মাধ্যমে সকল পর্যায়ে বিপ্লবি মানুষদের দায়িত্ব দিতে হবে, যারা দেশের স্বার্থ এবং সার্বভৌমত্ব রক্ষা করতে সদা সর্বোচ্চ সজাগ থাকবে। দ্রুততম সময়ে রাষ্ট্রপতির অপসারণ এবং সেনাবাহিনীর সুষ্ঠু সংস্কারের মাধ্যমে এই বাহিনীকে দেশের অভ্যান্তরীন শান্তি প্রতিষ্ঠায় শক্তিশালী করে গড়ে তুলতে হবে উঁচু থেকে নিচু সকল পর্যায়ে দেশপ্রেমিক অফিসার নিয়োগ এবং দেশদ্রোহী চাটুকার অফিসারদের অপসারণ করে। দায়িত্ব যেনো সকল সেক্টরে ভাগ হয়ে যায় যাতে কোনো দূর্নীতি না হয়। এছাড়া চিকিৎসা বাণিজ্য খাতে অনেক বেশি উন্নতি করর সুযোগ আছে। ৩ দিকে ভারত দাদাগিরি করছে স্বাধীনতার পর থেকে। তাদের থেকে নদী রক্ষায় সকল পদ্দক্ষেপ নিতে হবে যাতে বাধ গুলো ভেঙে দেয়া যায় এবং নদীর নাব্যতা ফিরে আসে। | | | | |
| | ১। দেশের সার্থ ও সার্বভৌমত্ব:- আন্তর্জাতিক দুনিয়াতে নির্দিষ্ট কোন দেশ বন্ধু বা শত্রু হয় না। যা হয় তা হলো সার্থ।আমাদের দেশের রাজনৈতিক দল গুলো সেটা মানে না। তারা ক্ষমতায় থাকতে ২ টাই জলাঞ্জলি দেয়। এটা যেন করতে না পারে তা নিশ্চিত করতে হবে।<br>২। দূর্নীতি: এটা মুক্তি ছাড়া কোন দেশ উন্নতি করতে পারবে না। এজন্য মেম্বার থেকে সরকার প্রধান সকল সরকারি কর্মকর্তা এবং সর্বনিম্ন ১কোটি সমপরিমাণ সম্পদের ব্যাবসায়ীদের প্রতি বছর সম্পদের হিসাব বাধ্যতামূলক করা।<br>৩। জনগনের অধিকার: জনগনের মৌলিক অধিকার আগে নিশ্চিত করতে হবে। এটা সংবিধান দ্বারা তাগিত দিতে হবে। এটা করতে ব্যর্থ হলে প্রধানমন্ত্রীকে জনগন অভিশংসন করতে পারবে। এবং রাষ্ট্রপতির আদেশে সংসদ কর্তৃক ভোটে নতুন প্রধানমন্ত্রী নিয়োগ দেবে।<br>৪। জনগনের হয়ে কাজ: সরকারকে বড় কোন চুক্তি ও প্রকল্প করতে হলে জনগনের মতামত নিতে বাধ্য থাকিবে। কেন করছে উক্ত চুক্তি ও প্রকল্প তাহার সঠিক ব্যাখ্যা দিতে হবে।<br>৫। রাষ্টপতি ও প্রধানমন্ত্রী: উনাদের জনগণের ভোটে নির্বাচিত হতে হবে। যেটা তুরুঙ্কে হয়ে থাকে।<br>৬। এমপি মন্ত্রী নয়:- কোন এমপি মন্ত্রী হতে পারবে না। এটা করলে উক্ত ব্যাক্তির ক্ষমতা যেমন বৃদ্ধি পায় তেমনি দুইটা কাজ একসাথে ভালো করতে পারে না। তাই ক্ষমতা ও কাজ কমিয়ে ছড়িয়ে দিতে হবে।<br>৭। আমলাদের ক্ষমতা কমিয়ে দিতে হবে। এবং সকল আমলাকে প্রতি বছর সম্পদের হিসাব দিতে হবে।<br>৮। একব্যাক্তি একাধিক পদে থাকতে পারবে না। এবং সর্বোদা তাহার থেকে একধাপ উপরের কর্মকর্তা ছাড়া কোন মন্ত্রী কোন আদেশ দিলে তা মানা যাবে না। অর্থাৎ নির্দিষ্ট চ্যানেল মেনে উপর থেকে নিচ অবধি আদেশ বাস্তবায়ন করতে হবে। | | | | mdnazmulkhan456@gmail.com |
| | ১। নিবন্ধিত দলগুলোর গঠনতন্ত্র গণতান্ত্রিক হতে হবে। তাদের নেতৃত্ব নির্বাচন পারিবারিক সীমাবদ্ধ হবে না। দলের নেতৃত্ব অবশ্যই নির্বাচিত হওয়া উচিত<br>২। রাষ্ট্র সমাজ বিধ্বংসী কোন দল থাকতে পারবে না যারা অন্য দেশের অনুগত হয়ে চলে।<br>৫. পররাষ্ট্র চুক্তি ওপেন রাখা গোপন কোন চুক্তি না করা<br>৯. নির্বাচন ব্যবস্থার পৰিবর্তন। টাকা দিয়ে ভোট কেনা বন্ধ করতে হবে। কারো বিরুদ্ধে প্রমান পাওয়া গেলে আজীবন নির্বাচন হতে বাতিল হবে। কালো টাকা বন্ধ করতে হবে। এতে সৎ যোগ্য লোককেই মানুষ ভোট দিবে। টাকা দিয়ে ভোট কেনা বা বিক্রি করা বন্ধ করতে হবে। | | | ৩৪৯৫ | ibnadrakib@gmail.com |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | ১। রাষ্ট্রের প্রতিটি সরকারি বেসরকারি দপ্তরের বা প্রতিষ্ঠানের সংস্কারের প্রয়োজন । বিশেষ করে ভূমি মন্ত্রণালয়।<br>২। পুলিশ প্রশাসন কোনো রাজনৈতিক দলের নয় শুধু দেশ এবং জনগণের প্রতিনিধিত্ব করবে ।<br>৩। বিশেষ করে সেবামূলক প্রতিষ্ঠান স্বাস্থ্য মন্ত্রণালয়কে সবচেয়ে বেশি গুরুত্ব দেয়া উচিত বলে মনে করি । প্রতিটি সরকারি হাসপাতাল সিন্ডিকেট আর দালালে ভরপুর। সকল সিন্ডিকেট তাড়ানোর ব্যবস্থা করতে হবে । এবং ঢাকা সহ প্রতিটি জেলা , উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের প্রতিটি হাসপাতালকে উন্নতিকরণ করতে হবে । ওটি জেলা সরকারি হাসপাতালে আইসোলেশনের ব্যবস্থা করতে হবে । ইউনিয়ন পর্যায়ে প্রতিদিন ডাক্তার বসানোর ব্যবস্থা করতে হবে । এক্ষেত্রে ঢাকা মেডিকেল সহ ঢাকার অনেক সরকারি মেডিকেলের চাপ অনেক আগে সে কমে আসবে এবং বাংলাদেশের বিদ্যা সবার মন উন্নত হবে বলে বিশ্বাস করি । | | BAPARY RAJU | ৩৫০৬ | rajubapary456@gmail.com |
| | ১/ রাষ্ট্রীয় সকল প্রতিষ্ঠান গুলিকে জবাবদিহিতার আওতায় আনা।<br>২/ রাষ্ট্রীয় চাকুরীজীবী এবং আমজনতা- সবার জন্য আইন সমান নিশ্চিত করতে হবে।<br>২/ রাষ্ট্রীয় চাকুরীজীবী এবং আমজনতা- সবার জন্য আইন সমান নিশ্চিত করতে হবে।<br>৩/ যে কোনো অপরাধ তদন্তে অবশ্যই "নিরপেক্ষ তদন্ত কমিশন" গঠণ করতে হবে দলনিরপেক্ষ বিচারপতির নেতৃত্বে।<br>৪/ নির্বাচনউত্তর সংখ্যানুপাতিক বা ভোটপ্রাপ্তীর শতকরা হিসাবে সংসদ সদস্য বন্টন প্রক্রিয়া সংবিধানে সন্নিবেশিত করা হোক।<br>৫/ ন্যায়-অন্যায়ের পক্ষাবলম্বন ও সাংবিধানিক ব্যক্তি স্বাধীনতার প্রাপ্ত অধিকারবলে যেন দলের বিরুদ্ধেও ভোট প্রদান সাংসদরা করতে পারে তা অবশ্যই সংবিধানে থাকতে হবে।<br>৫/ জনতার মৌলিকাধিকার প্রাপ্তীর বিষয়ে সর্বক্ষেত্রে অগ্রাধিকার নিশ্চিত করতে হবে।<br>৬/ দলনিরপেক্ষ ব্যক্তিদের দিয়ে বিচারবিভাগ, মানবাধিকার কমিশন ও দুদক পরিচালিত হতে হবে।<br>৭/ ঘুষ- দুর্নীতির ব্যাপারে কঠিন আইন প্রণয়ন করতে হবে। তদন্ত- নিরপেক্ষ তদন্ত কমিশন এর মাধ্যমে করতে হবে।<br>৮/ ভোগ্যপণ্যের কেনা-বেচার ব্যাপারে যে কোনো সিন্ডিকেট গঠণকে আইন তৈরীর মাধ্যমে নিষিদ্ধ ঘোষনা করতে হবে।<br>৯/ রাষ্ট্রীয় জনসেবামূলক প্রতিষ্ঠান যেমন- হোল্ডিং ট্যাক্স, ওয়াসা, বিদ্যুত, গ্যাস, ভূমি অফিসগুলিতে সিবিএ বা সংগঠন করা যাবেনা।<br>১০/ পররাষ্ট্রনীতিতে অবশ্যই রাষ্ট্রীয় স্বার্থকে বাধ্যতামূলক অগ্রাধিকার দিতে হবে।<br>১১/ রাষ্ট্রপতি নির্বাচন গণভোটের মাধ্যমে হতে হবে। | | জাফর পাঠান | ৩৫১৮ | zabpathan@gmail.com |
| | রাষ্ট্রীয়ভাবে একটি স্বাধীন ও স্বতন্ত্র কমিশন গঠন করা, এবং এই কমিশনের কাজ হবে প্রথমত কিছু ইন্ডিকেটর সেট করা এবং এই সকল ইন্ডিকেটর এর ভিত্তিতে রাজনৈতিক দল গুলোর সার্বিক কার্যক্রম মূল্যায়ন ও পরিবিক্ষণ এবং অডিট করানো একই সাথে এ সকল রিপোর্ট নিয়মিত জাতীয়ভাবে জনমানুষের সামনে উপস্থাপন করা। দলগুলোর রেটিং ও রেংকিং এর ব্যবস্থা প্রবর্তন করা। এর ফলে মানুষ রাজনৈতিক দল গুলোর নিজস্ব সংগঠনিক সক্ষমতা, চর্চ, সততা ও নিষ্ঠা সম্পর্কে পূর্বেই অবগত হতে পারবে। | | | | |
| | ১। ভারত ও মায়ানমার শত্রু রাষ্ট্র বিবেচিত হবে।<br>২। ৭২-৭৫ ও ২০০৬-২০২৪ পর্যন্ত যে সকল গুম খুন ও রাষ্ট্রীয় সম্পদ লুটপাট হয়েছে, সে সকল সম্পদ লুটেরাদের কাছ থেকে উদ্ধার করে রাষ্ট্রের অনুকুলে বাজায়াপ্ত করতে হবে।<br>৩। দ্বৈত নাগরিকত্ব থাকলে, জনপ্রতিনিধি হতে পারবে না। তথ্য গোপনকারীর সাজা মৃত্যুদণ্ড।<br>৪। ননমুসলিমরা বাংলাদেশে থাকতে পারবে, তবে তাদেরকে দ্বিগুন কর দিয়ে থাকতে হবে।<br>৫। সুদ ভিত্তিক অর্থনীতি নিষিদ্ধ করতে হবে।<br>৬। সরকারের আমলারা যুলুমবাজ, তাদের যুলুম বিচারের আওতায় আনার ব্যাবস্থা থাকতে হবে।<br>৭। ভারতে ট্রেনিং আছে বা পড়াশুনা আছে, এমন লোক প্রতিরক্ষা, শিক্ষা, সাস্থ্য ও অর্থব্যাবস্থায় চাকরি করতে পারবে না।<br>৮। ভূমি দস্যুদের ব্যাপারে পরিষ্কার ও কঠোর সাজার ব্যাবস্থা থাকতে হবে।<br>৯। সংস্কারের আমলারা মিথ্যা বলতে পারবে না। বললে সাজা হবে মৃত্যু দন্ড।<br>১০। সামরিক শিক্ষা বাধ্যতামূলক করতে হবে। | | | ৩০০৮৪ | arnobfaiaz@gmail.com |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | ২.খ) সংসদে কোনো দলের প্রার্থী দেয়ার ক্ষেত্রে, নির্বাচনে নূন্যতম ১-৩% ভোট পাওয়ার বাধ্যবাধকতা রাখতে হবে।<br>৩.খ) জাতীয় নির্বাচনে নূন্যতম দুই-তৃতীয়াংশ (৬৬%+) ভোটার উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৩.গ) ভোটার উপস্থিতি দুই-তৃতীয়াংশের কম হলে, পূনরায় নির্বাচন দিতে হবে। | ১ | | | |
| | ৪.খ) উচ্চকক্ষ এবং নিম্নকক্ষ উভয়েই, উভয়ের সিদ্ধান্তে ভেটো দিতে পারবে।<br>৫.খ) বিভাগ গুলোর নিয়োগ এবং অপসারণ ক্ষমতা, স্ব স্ব বিভাগের হাতেই থাকবে।<br>৬.ক) সংবিধানের যেকোনো অপরিবর্তনীয় বিধান পরিবর্তন বা সংশোধনের ক্ষেত্রে, গণভোটের আয়োজন করতে হবে।<br>৬.খ) অপরিবর্তনশীল নয় এমন বিধানের ক্ষেত্রেও যদি তীব্র গণ-অসন্তোষ পরিলক্ষিত হয়, সেক্ষেত্রেও সুপ্রীম কোর্ট সরকারকে গণভোটে জনমত জরিপের নির্দেশ দিতে পারবে।<br>৬.গ) গণভোটে নূন্যতম দুই-তৃতীয়াংশ ভোটার উপস্থিতি এবং প্রস্তাবের পক্ষে তিন-চতুর্থাংশ (৭৫%) ভোট পড়তে হবে, অন্যথায় পুনঃভোট আয়োজন করতে হবে।<br>৬.ঘ) সর্বচ্চো দুই/তিনবার গণভোট আনুষ্ঠিত হওয়ার পরেও প্রস্তাবের পক্ষে কাঙ্ক্ষিত জনমত না পেলে, উক্ত প্রস্তাবটি বাতিল বলে বিবেচিত হবে।<br>৭.গ) যেকোনো ধর্মের ধর্মীয় স্থাপনায় আঘাতের মতো অপরাধের, দৃষ্টান্ত মূলক শাস্তি নিশ্চিত করতে হবে। | | | | |
| | ১) প্রতিটি জাতীয় সংসদ নির্বাচন হবে অন্তরবর্তীকালীন দল নিরপেক্ষ / কেয়ার টেকার সরকারের অধীনে। ৯০ দিনের মধ্যে তাঁরা নির্বাচন শেষ করবেন। দেশের রাষ্ট্রপতি প্রধান উপদেস্টার দায়িত্ব পাবেন না।<br>২) সংরক্ষিত কোন মহিলা আসন থাকবেনা। সকলকে গণভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে আসতে হবে। তবে টেকনোক্রেট মন্ত্রীর বিষয়টি বিবেচনায় থাকবে।<br>৪) পরপর দুই বারের বেশী প্রধানমন্ত্রী হবেন না। বিরতি দিয়ে তিন বার প্রধানমন্ত্রী হওয়া যাবে।<br>৬) উন্নয়নের সমতা, রাজধানীতে চাপ কমানোর জন্য ও ক্ষমতা বিকেন্দ্রীকরণ ও বিভাগীয় সদরের গুরুত্ব বাড়াতে হবে।<br>৭) ভোটার হবার শর্ত সংস্কার ও নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৮) জাতীয় পরিচয় পত্র ও জন্ম সনদ আধুনিকায়ন করতে হবে।<br>৯) বিশেষ ক্ষমতা আইন বাতিল করতে হবে।<br>১০) কোন নেতা নেত্রীর ছবি অফিসে টাঙানো যাবেনা। দেশটা জনগণের।<br>১১) সাপ্তাহিক সরকারি ছুটি একদিন হবে। শিক্ষা প্রতিস্থানে স্তরভেদে ১/২ ভাগ করা যাবে।<br>১২) প্রতিবন্ধী / অনগ্রসর জাতি গোষ্ঠী ছাড়া অন্যান্য কোটা থাকবেনা।<br>১৩) ক্ষুদ্র নৃগোষ্ঠী বা উপজাতি সংজ্ঞায়ন আরও নিরীক্ষণ সাপেক্ষে তাঁদের সুযোগ সুবিধা বৃদ্ধি করে মূল জাতি স্রোতের ভিতরে নিয়ে আনতে দীর্ঘ মেয়াদি পরিকল্পনা নিতে হবে যা সম্পূর্ণ সরকারি তত্ত্বাবধানে হবে, এক্ষেত্রে এনজিও কর্মকান্ড আরও নিয়ন্ত্রিত করতে হবে। | | | | |
| | প্রথমে নেতৃত্বের জন্য যোগ্যতার মানদণ্ড নির্ধারণ করা হবে, যেমন শিক্ষাগত যোগ্যতা, নৈতিকতা এবং দক্ষতা। প্রতিটি পদে আগ্রহী প্রার্থীদের আবেদন করতে হবে। যাচাই-বাছাইয়ের মাধ্যমে ৫ জন প্রার্থী নির্বাচিত হবেন, এবং জনগণের সরাসরি ভোটে সেরা প্রার্থী নির্বাচিত হবে।<br>কাজ ও নিয়মাবলী: নেতাদের কাজ নির্দিষ্ট নিয়ম অনুযায়ী পরিচালিত হবে। তাদের পারফরম্যান্স তদারকি করতে স্বাধীন কমিটি থাকবে। কাজের মান বজায় না রাখলে তাদের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হবে। | | | ৩০১৫৪ | asifjrahman@hotmail.com |
| | 1. পরিবেশগত অধিকারকে স্বীকৃতি**: সংবিধানে স্বাস্থ্যকর পরিবেশ ও পরিচ্ছন্ন শক্তির অধিকারকে স্বীকৃতি দেওয়া।<br>2. টেকসই উন্নয়নের আদেশ**: সমস্ত সরকারী নীতির জন্য টেকসই উন্নয়নকে নির্দেশক নীতি হিসেবে প্রতিষ্ঠা।<br>3. নবায়নযোগ্য শক্তির প্রচার**: সরকারকে নবায়নযোগ্য শক্তির উৎসগুলিতে প্রচার ও বিনিয়োগ করতে বাধ্য করা।<br>4. প্রণোদনা**: নবায়নযোগ্য শক্তির উদ্যোগগুলির জন্য কর প্রণোদনা, সাবসিডি ও অনুদান দেওয়ার সুযোগ।<br>5. জনসাধারণের অংশগ্রহণ**: শক্তি নীতির উন্নয়নে জনসাধারণের পরামর্শ বাধ্যতামূলক।<br>6. স্থানীয় শাসন**: স্থানীয় সরকারগুলোকে নবায়নযোগ্য শক্তির প্রকল্প পরিচালনার ক্ষমতা দেওয়া।<br>7. শিক্ষা ও সচেতনতা**: নবায়নযোগ্য শক্তির উপর শিক্ষা ও জনসাধারণের সচেতনতা বাড়ানোর বিধান।<br>8. প্রথাগত জ্ঞানের সুরক্ষা**: টেকসই শক্তি ব্যবহারে আদিবাসী সম্প্রদায়ের জ্ঞানকে সুরক্ষা দেওয়া।<br>9. জাতীয় কৌশল**: জাতীয় নবায়নযোগ্য শক্তির কৌশল তৈরি ও আপডেট বাধ্যতামূলক।<br>10. আন্তর্জাতিক সহযোগিতা**: নবায়নযোগ্য শক্তির উন্নয়নে আন্তর্জাতিক চুক্তিতে অংশগ্রহণের বিধান।<br>11. **প্রযুক্তিতে বিনিয়োগ**: নবায়নযোগ্য শক্তির প্রযুক্তির গবেষণা ও উন্নয়নে বিনিয়োগ উৎসাহিত করা। | | | | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | 12. **গ্রিডের অ্যাক্সেস**: নবায়নযোগ্য শক্তি উৎপাদকদের জাতীয় গ্রিডে প্রবেশাধিকার নিশ্চিত করা।<br>13. **সম্প্রদায়ভিত্তিক প্রকল্প**: সম্প্রদায়-নেতৃত্বাধীন নবায়নযোগ্য শক্তির উদ্যোগগুলোকে সমর্থন করা।<br>14. **নবায়নযোগ্য লক্ষ্য**: নবায়নযোগ্য শক্তির উৎপাদনের জন্য বাধ্যতামূলক জাতীয় লক্ষ্য নির্ধারণ করা।<br>15. **পরিবেশগত মূল্যায়ন**: সকল শক্তি প্রকল্পের জন্য পরিবেশগত প্রভাব মূল্যায়ন বাধ্যতামূলক করা।<br>16. **জ্বালানি পরিবর্তনের পরিকল্পনা**: নবায়নযোগ্য শক্তির দিকে পরিবর্তনের জন্য পরিষ্কার পরিকল্পনা তৈরি করা।<br>17. **নিয়ন্ত্রণমূলক কাঠামো**: নবায়নযোগ্য শক্তির খাতের বৃদ্ধির জন্য শক্তিশালী নিয়মাবলী প্রতিষ্ঠা।<br>18. **শক্তি দক্ষতা**: নবায়নযোগ্য শক্তির পাশাপাশি শক্তি দক্ষতা প্রচার করা।<br>19. **সবুজ কর্মসংস্থান**: নবায়নযোগ্য শক্তির খাতে সবুজ কর্মসংস্থান সৃষ্টির বাধ্যবাধকতা।<br>20. **মনিটরিং ব্যবস্থা**: নবায়নযোগ্য শক্তির লক্ষ্যগুলির অগ্রগতি মনিটরিং ও রিপোর্টিং ব্যবস্থা। | | | | |
| | সংবিধান প্রথমে বাংলায় লিখুন এবং তারপর ইংরেজিতে অনুবাদ করুন। বর্তমান সংবিধানে অনেক ত্রুটি-বিচ্যুতি সহ বাংলা ভাষার কলঙ্ক।<br>2. পশ্চিমা চিন্তাধারার প্রভাব এড়িয়ে চলুন। কমিটির প্রধান একজন মার্কিন প্রশিক্ষিত সংবিধান বিশেষজ্ঞ। আমাদের সমাজ, আমাদের ইতিহাস, আমাদের আকাঙ্খা এবং আমাদের নীতিশাস্ত্র পশ্চিমা সভ্যতা এবং চিন্তাধারার সাথে পুরোপুরি মিল নাও থাকতে পারে সে বিষয়ে সচেতন থাকুন।<br>3. সার্বভৌমত্বের ইস্যু- যেহেতু এটি একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ তাই সার্বভৌমত্ব জনগণের অধিকার ঘোষণা করা কঠিন হবে। যাইহোক, "রাজনৈতিক সার্বভৌমত্ব" জনগণের জন্য বলা একটি ভাল বিকল্প।<br>4. জনগণকে সংবিধানের প্রতি ভালোবাসা ও জীবনযাপন করুন। এটি এমন একটি দলিল হওয়া উচিত যা জনসাধারণের পক্ষে কথা বলে, অভিজাতদের নয়।<br>4. লিঙ্গ, শ্রেণী, আয়, সম্পদ, ধর্ম এবং বর্ণের ভিত্তিতে সমস্ত বৈষম্য নিষিদ্ধ করুন। তাদের লক্ষ্য অর্জনের জন্য জনগণের উপর কোন বোঝা চাপানো উচিত নয়।<br>(আপনি এখন বাংলাদেশে NID পেতে পারবেন না, যদি আপনার স্থায়ী ঠিকানা না থাকে)।<br>আপনার অধিকাংশই বিশেষ সুবিধাপ্রাপ্ত পরিবারে জন্মগ্রহণকারী শিশু, আপনি হয়ত বেশির ভাগ লোকের প্রশংসা বা সহানুভূতি নাও পেতে পারেন। | ১ | MUHAMMED REAZUL HALIM | ৩০৩১২ | muhammed.halim@gmail.com |
| | সংবিধান এমনভাবে সংশোধন করতে হবে যাতে কোন রাজনৈতিক দল যেন এককভাবে কোন আইন প্রণয়ন করতে না পারে সেজন্য সংসদে হ্যাঁ/না এর পরিবর্তে গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন করা হোক এবং সেক্ষেত্রে ও ৩০০ ভোটের মধ্যে কমপক্ষে ২৫০ টি ভোটের মাধ্যমে তা পাশ করতে হবে।<br>কোন নির্বাচিত সরকার সংবিধান সংশোধন করতে পারবেনা । যদি একান্তই কোন সংশোধনের প্রয়োজন হয় তাহলে নির্বাচিত সরকার সংবিধান সংশোধন কমিশনে প্রস্তাব পাঠাতে হবে আর উক্ত কমিশন তা অনলাইনে/অনলাইনে গণভোটের মাধ্যমে কার্যকর করবে। তবে সে গণভোটে অবশ্যই সকল জনগণের অংশগ্রহণ থাকবে না । কেবলমাত্র একটি বিশেষ ব্যবস্থার মাধ্যমে শুধুমাত্র সচেতন নাগরিকগণ সেই ভোটাধিকার প্রয়োগ করতে পারবে। | | | | |
| | চাকুরিজীবিদের কোন "চাকুরী আইন" বা অন্যান্য উন্নয়নশীল দেশের মত "এমপ্লয়মেন্ট এক্ট" নেই। এই আইন অতীব জরুরী। একজন শ্রমিকের চাকুরী চলে গেলে তার নিরাপত্তায় "শ্রম আইন" কঠোরভাবে প্রয়োগ করা হয়। কিন্তু চাকুরিজীবির চাকুরী চলে গেলে শ্রম আইনেই তার সমাধান হয় যা একজন চাকুরিজীবির জন্য অপ্রতুল। কারণ একজন শ্রমিকের চাকুরি চলে গেলে সে সাথে সাথে অন্য কোন কাজ অবলম্বন করে জীবিকা নির্বাহ করতে পারেন। কিন্তু একজন চাকুরী জীবির চাকুরী হঠাত চলে গেলে মালিক পক্ষ কোনভাবেই তার লং টার্ম বেনেফিট দেয় না। বাংলাদেশের বিভিন্ন কোম্পানীর মালিক "ফোর্স রিজাইন" করায়। এটা ওপেন সিক্রেট, সবাই জানে। কিন্তু কেউ বলে না। ফোর্স রিজাইন বন্ধ করা উচিত। আর একজন মালিক যদি একজন প্রফেশনাল চাকুরিজীবির চাকুরী হঠাত খেয়ে ফেলেন তাহলে এমন আইন থাকা উচিত যাতে ঐ চাকুরীজীবীর জীবন ধ্বংস করার কারণে ঐ মালিক লাইফ টাইম কম্পেনসেশন দিতে বাধ্য হয়। যদিও এটি আইনের বিষয়, তারপরেও সংবিধান সংস্কার করার সময় এই বিষয়টিকে গুরুত্ব দিয়ে মধ্যবিত্ত সমাজের চকুরিজনিত নিরাপত্তা বিধান করার জন্য ধারা থাকা উচিত। | | | | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | 1.একটি ধর্মনিরপেক্ষ এবং 2.গণতান্ত্রিক,3.প্রজাতন্ত্র।<br>যা জনগণের কাছ থেকে সার্বভৌমত্ব অর্জন করে। সার্বভৌমত্ব জাতির উপর নির্ভর করে, যা একটি নির্বাচিত রাষ্ট্রপতিশাসিত শাসনব্যবস্থা। প্রথম তিনটি অনুচ্ছেদে সংজ্ঞায়িত প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতা নীতিগুলির স্থায়িত্ব ঘোষণা করা হয়েছে এবং তাদের পরিবর্তনের জন্য যে কোনও প্রস্তাব নিষিদ্ধ করা হয়েছে। প্রস্তাবনায় জাতীয়তাবাদের নীতিগুলিকেও আহ্বান করা হয়েছে, যা "প্রজাতন্ত্রের বস্তুগত ও আধ্যাত্মিক কল্যাণ" হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। | | | ৩০৮৪০ | |
| | শতাব্দীজুড়ে, শিক্ষাব্যবস্থাগুলি তাত্ত্বিক জ্ঞানে মনোনিবেশ করেছিল, যেখানে শিক্ষার্থীরা লেকচার এবং পরীক্ষার মাধ্যমে শেখত। তবে এই পদ্ধতি প্রায়ই বাস্তব জীবনের চ্যালেঞ্জ মোকাবিলা করতে প্রস্তুত করতে ব্যর্থ হতো। বর্তমান শতাব্দীতে শিক্ষাবিদ এবং নীতিনির্ধারকরা ব্যবহারিক শিক্ষাকে গুরুত্ব দিচ্ছেন, যাতে শিক্ষার্থীরা তাত্ত্বিক জ্ঞান এবং বাস্তব দক্ষতা একসাথে অর্জন করতে পারে। ব্যবহারিক শিক্ষা তাত্ত্বিক শিক্ষাকে আরও কার্যকর করে তোলে। যেমন, একজন পদার্থবিজ্ঞানের শিক্ষার্থী যদি বৈদ্যুতিক সার্কিট তৈরি করে, তবে সে তাত্ত্বিক শিক্ষা থেকে আরও গভীর ধারণা পায়। এমনকি মানবিক ও শিল্প ক্ষেত্রেও এই পদ্ধতি ক্রমশ প্রয়োগ করা হচ্ছে। | | | | |
| | নতুন সংবিধান উল্লেখিত থাকতে হবে , ১ , বাংলাদেশের ইসলামী রাষ্ট্র হিসেবে উল্লেখি করতে হবে, ২, বাংলাদেশের স্বার্থ বাহির ও জনগণের স্বার্থে বাহিরে চুক্তি স্বাক্ষর করা যাবে না , আর তা যদি হয় তবে তাহাকে রাষ্ট্র বিরোধী আইনে আনতে হবে , নতুন সংবিধান দেশ ও জনগণের জন্য , কেউ যেন সংবিধানকে অপ ব্যবহার না করতে পারে , আর কেউ যুদি সংবিধানকে অপব্যবহার করে , তাকে রাষ্ট্র বিরোধী আইনে আনতে হবে , পুলিশ সুশাসন সরকারি সকল কর্মকর্তা দের জন্য , জনগণ বিরোধী ও ঘুষ বিরোধী , সংবিধানে কঠোর অবস্তা রাখতে হবে অর্থ পাচারের জন্য , সংবিধানে কঠোর অবস্তা থাকতে হবে | | | | |
| | ১. সচিব ও অনান্য সরকারি চাকুরি জীবিদের জবাবদিহির আওতায় আনতে হবে, বদলি ও বাধ্যতামুকল অবসর কখনো ন্যায় বিচার হতে পারেনা এই শাস্তির সুযোগে করে দূর্নীতি উৎসাহিত হচ্ছে, তাই জেল ও জরিমানা এবং সকল অবৈধ সম্পত্তি সরকার বাজেয়াপ্ত করবে।<br>২. চিকিৎসা সেবার সিংগাপুরে মানের করতে হবে। সরকারি হাসপাতালের ডাক্তার অন্য কোন হাসপাতালে চাকরি করতে পারবেননা। ডাক্তারদের কর্মঘন্টা যথাযথ তদারকি করতে হবে। জেঅবহেলার দায়িত্ব নিতে হবে ডাক্তারদের। জেল জরিমানার আওতায় আনতে হবে।<br>৩. পাস কোর্স ৩ বছরের টা হলো বেকার বানানো কারখান এটা বন্ধ করা উচিৎ এবং বর্তমান বিশ্বের সাথে মিল রেখে নতুন নতুন বিষয় অন্তর্ভুক্ত প্রয়োজন।<br>৪. সচিবরা নিজেরা দূর্নীতি করে, সহজে যে দায়মুক্তির মিয়ম তৈরি করে রেখেছে তা ভেঙে ফেলতে হবে।<br>৫. সকল শিক্ষিত বেকারত্বের দায়িত্ব সরকারকে নিতে হবে।<br>শিক্ষা সকল স্তরে নীতি নৈতিকতা, দেশ প্রেম এবং প্রথমিক চিকিৎসা বিষয় রাখতে হবে।<br>ভোক্তা অধিকার অধিদপ্তরকে, সিন্ডিকেট ভাঙতে আরো শক্তিশালী ও কঠোর আইন দিতে হবে।<br>খাদ্য ভেজাল ও মজুদের শাস্তি মৃত্যু দন্ড রাখতে হবে। কারন এরা এসব করে অনেক মা ও শিশু হত্যর জন্য দায়ীও।<br>সংবিধান পরিবর্তনের সুযোগ সব সময় রাখতে হবে জনগণের চওয়ার উপর।<br>সংবিধান ও এ সরকারে উপর কত% জনগণের আস্থা আছে তা যাচাই করার জন্য গণভোটের পদক্ষেপ নিতে হবে।<br>সকল হাসপাতালের যেসকল সারকারি ঔষধ ইনজেকশন ও অনান্য সুযোগ সরকার দিয়ে থাকে তা ১০০% চুরি বন্ধে সঠিক মনিটরিং করার জন্য সপ্টওয়ার ব্যাবহার করতে হবে। | | | | |
| | নাগরিক হিসেবে দেশের প্রধানকেও সমান ভাবে বিচারের কাঠগড়ায় দাড়ানোর নিয়ম নীতি থাকতে হবে।<br>৬. দেশের নেতা যে জনগণের সেবক এই বিষয় গুলো আলোকপাত করা উচিত।<br>৭. সংবিধান শুধু নগর কেন্দ্রিক নিয়ম না হয়ে গ্রামীণ জনজীবনেও ধারণ করতে হবে।<br>৮. নাগরিক এর অধিকার নিশ্চিত করতে হবে এবং নাগরিক দেশ প্রধান এর বিরুদ্ধে অভিযোগ করতে পারবে এমন নিয়ম থাকবে। | | | | |
| | যে রাজনৈতিক দলে গণতান্ত্রিক উপায়ে নির্বাচনের মাধ্যমে নেতা নির্বাচন করা হয় না, সেই রাজনৈতিক দলকে জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করতে দেওয়া যাবে না। | | | | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | প্রতি জেলায় জেলায় নির্বান অফিসে নির্দিষ্ট কিছু অভিযোগ বক্স থাকতে পারে, যেখানে নির্বাচিত সংসদ সদস্য,সিটি কর্পোরেশন মেয়র,পৌরসভার মেয়র, সিটি কর্পোরেশনের এবং পৌরসভার কাউন্সিলর, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, এবং এবং ইউনিয়ন পরিষদের ওয়ার্ড মেম্বারদের কাজের প্রতি অত্র এলাকার জনগণ অসন্তুষ্ট হলে সেই অভিযোগ বক্সে তাদের অভিযোগ জানাবে, এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগের পরিমাণ যদি নির্বাচিত জনপ্রতিনিধির প্রাপ্ত ভোটের অর্ধেক হয় তাহলে ঐ এলাকাতে পুনরায় নির্বাচন হবে। | | | | |
| | একটি জাতীয় দুর্যোগ কমিটি গঠন তারা দেশের যেকোনো সংকট মুহূর্তে সমাধান বের করার ব্যবস্থা গ্রহণ করা। | | | | |
| | রাজনীতি যেনো অলাভজনক হয়, সেজন্য প্রতিটি দলের টাকার উৎস ও ব্যবহার যেনো সঠিক মনিটরিং হয়। | | | | |
| | Section 2 of First Part and Section 12 of Second part are conflicting. Constitution should uphold the Secularism | | | | |
| | সাধারণ নাগরিকদের মধ্য থেকে নাগরিক কমিটি থাকবে প্রশাসনের মনিটরিং বা নিয়ন্ত্রক সংস্থা হিসেবে । এই কমিটির সদস্যগণ এক মেয়াদে দায়িত্ব পেলে পরবর্তী পাঁচ বছরে আর দায়িত্ব নিতে পারবেনা । | | | | |
| | আদালত হবে দ্বিস্তর বিশিষ্ট । | | | | |
| | সকল ধরনের নির্বাচন থেকে মার্কাকে যত দূরে সরানো যায় ততই জনগণের মঙ্গল। সকল ধরনের প্রতিষ্ঠান থেকে রাজনৈতিক নির্বাচন বা কার্যকলাপ নিষিদ্ধ করা উচিত। | | | | |
| | নাগরিক তথ্য নিরপত্তা আইন প্রণয়ন করতে হবে। | | | | |
| | সংবিধান নির্বাহী শাখা, বিশেষ করে প্রধানমন্ত্রীকে ব্যাপক কর্তৃত্ব প্রদান করে। এটি বিচার বিভাগ এবং নির্বাচন কমিশনের মতো গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলির হেরফের করার অনুমতি দিয়েছে, গণতান্ত্রিক শাসনের জন্য প্রয়োজনীয় প্রয়োজনীয় চেক এবং ভারসাম্য নষ্ট করেছে।<br>2. দলীয় সংশোধনী: সাংবিধানিক সংশোধনীগুলো প্রায়ই জনকল্যাণের চেয়ে দলীয় স্বার্থকে অগ্রাধিকার দিয়েছে। উদাহরণস্বরূপ, 15 তম সংশোধনী তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করে, ক্ষমতাসীন দলের তত্ত্বাবধানে নির্বাচন সক্ষম করে।<br>3. বিরোধীদের দমন: পরবর্তী সরকারগুলো দমনমূলক আইনকে বৈধতা দেওয়ার জন্য সাংবিধানিক বিধানগুলোকে কাজে লাগিয়েছে। আওয়ামী লীগ সরকারের ডিজিটাল নিরাপত্তা আইনের ব্যবহার ভিন্নমত ও বিরোধীদের কণ্ঠস্বরকে নীরব করার জন্য এই প্রবণতাকে দৃষ্টান্ত করে, বাকস্বাধীনতা এবং গণতান্ত্রিক অংশগ্রহণকে মারাত্মকভাবে সীমিত করে।<br>4. জবাবদিহিতার অভাব: ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে সংবিধান অপর্যাপ্ত সুরক্ষা প্রদান করে। অনাক্রম্যতা ধারা এবং দুর্বল জবাবদিহিতা ব্যবস্থা দুর্নীতি এবং অচেক কর্তৃত্বকে টিকে থাকার অনুমতি দিয়েছে, গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে আরও দুর্বল করে দিয়েছে।<br>5. গণতন্ত্রকে অবমূল্যায়ন করা: তার ইতিহাস জুড়ে, বাংলাদেশ দেখেছে সরকারগুলি বিরোধী দলকে দমন করতে এবং গণতন্ত্রকে দুর্বল করার জন্য সাংবিধানিক ত্রুটিগুলিকে কাজে লাগায়। | | | | |
| | বিচার বিভাগ কমিশন, পুলিশ বিভাগ কমিশন, জনপ্রশাসন কমিশন, স্থানীয় সরকার বিভাগ কমিশন। কমিশনে সকল রাজনৈতিক দলের প্রতিনিধি, শুশীল সমাজের প্রতিনিধি, ছাত্র সমাজের প্রতিনিধি ও ব্যবসায়ীক প্রতিনিধি দিয়ে গঠন করতে হবে। কমপক্ষে ০৯(নয়) জন প্রতিনিধি সমন্বয় কমিশন গঠন হতে হবে। সকল বিভাগের বিভাগীয় প্রধানগন কমিশন এর অধীনস্ত থাকিবেন। সরকার কমিশনে কোন প্রকার হস্তক্ষেপ করিতে না পারে সেই ভাবে সংবিধান সংস্কার করিতে হইবে। কমিশন এর পূর্নাঙ্গ স্বাধীনতা থাকবে। দুই তৃতীয়াংশ প্রতিনিধির সম্মতির উপর ভিত্তি করে কমিশনের সকল সিদ্ধান্ত গৃহীত হইবে। জনপ্রতিনিধিদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে স্থানীয় সরকার কমিশন এবং সংসদীয় কমিশন গঠন করা অত্যাবশ্যক। স্থানীয় সরকার কমিশন ও সংসদীয় কমিশনের নিকট জনপ্রতিনিধিরা দায়বদ্ধ থাকিলে অনিয়ম দুর্নীতির সুযোগ পাবেনা। | | | | |
| | যার মেয়ে আছে কিন্তু ছেলে নেই.সেই জমির আংশিক কেন ভাই-ভাতীজারা পাবে. যেহেতু তার সন্তান আছে মেয়ে তারা কেন সব জমি পাবে না.এই আইন সংস্কর চাই। | | জান্নাতুল | ২৫১৮০ | |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | ২. চেয়ারম্যান / পৌর মেয়র / সিটি মেয়র / ইউপি চেয়ারম্যান / উপজেলা চেয়ারম্যান হতে হলে অবশ্যই এক মেয়াদে মেম্বার / কমিশনার / কাউন্সিলর থাকতে হবে সাথে মিনিমাম ৮ বছরের জনকল্যাণমূলক কাজের প্রমাণ লাগবে। অবশ্যই মাস্টার্স পাশ করা থাকতে হবে।<br>৩. এমপি হতে হলে চেয়ারম্যান / মেয়র থাকতে হবে। সাথে মিনিমাম ১২ বছরের জনকল্যাণমূলক কাজের প্রমাণ লাগবে। শিক্ষাঙ্গন, মসজিদ, মন্দির এবং মাদ্রাসা কমিটিতে যুক্ত থাকার প্রমাণ লাগবে। | ১ | MD FAZLUL HUQUE | ২৫২৪৬ | fazlulbcse@gmail.com |
| | সম্পত্তি বন্টনের ক্ষেত্রে কোনো ধর্মীয় নিয়ম চাইনা,আমি একজন মেয়ে আমার বাবার সম্পত্তি আমাকে বুঝিয়ে দেয়া হচ্ছেনা, বলে যে একটা ছেলে থাকলে সম্পূর্ণ সম্পত্তি আপ্পারা পেতেন।<br>সম্পূর্ণ সম্পত্তি পেতে হলে কেনো একটা ভাই লাগবে আমাদের?<br>কেনো আমাদের সম্পত্তি আমার চাচাদের দিব। যে চাচারা কখনো খোজ খবরই নেয় নি।<br>কোনো পরিবারে শুধুমাত্র কন্যা সন্তান থাকলে সম্পত্তি চাচারা পাবে?<br>সম্পত্তির অংশ চাচারা পেলে, চাচাদের দায়িত্ব ও নিতে বলেছে ইস্লামের নিয়ম অনুযায়ী, কয়জনে দায়িত্ব নেয়? | | | ২৫২৫৩ | |
| | বাংলাদেশ এর নির্বাচন আনুপাতিক প্রতিনিধিত্ব মুলক ভাবে করা উচিত। এতে কোন ভোট ই নষ্ট হবে না। **সরকার এর মেয়াদ ৫ বছর হলেও আমেরিকার মত ২ বছর পর একটি আলাদা সিস্টেম রাখা উচিৎ যাতে মানুষ পুনরায় বলতে পারে যে এই সরকার ঠিকমত কাজ করছে না।** বিভাগ ভিত্তিতে আলাদা আলাদা দিনে নির্বাচন দেয়া উচিৎ । এতে আইন ও প্রশাসনের উপর চাপ কম পড়বে শুষ্ঠু নির্বাচন করানোর ক্ষেত্রে ।(যেভাবে ভারত তাদের নির্বাচন পরিচালনা করে)<br>একই ব্যক্তি সর্বোচ্চ ২ বার প্রধানমন্ত্রী হতে পারবে(আমেরিকা র মত)।<br>মন্ত্রী হিসেবে এমন ব্যক্তি কে দিতে হবে যে উনার কাজ টা বুঝে যেমন স্বাস্থ্য খাতে অবশ্যই ডাক্তার , আইন বিভাগে ব্যারিস্টার অথবা এডভোকেট ইত্যাদি। | | MOHAMMED ABDUL KADIR | ২৫২৬১ | dr.abdulkadir100110@gmail.com |
| | কোন দল ১৯০ এর বেশি আসন পেলেও তারা শুধু ১৯০ টি আসন ই পাবে।বাকিগুলোতে দ্বিতীয় নির্বাচনের মাধ্যমে অন্যদলগুলোকে দিতে হবে।এতে একক ক্ষমতা হবে না।সংরক্ষিত আসনের ২৫% সরকার বাকি ২৫% বাকি দলগুলো নির্ধারণ করবে। | ১ | MD.NOHAN HOSSEN | ২৫৩৬৫ | |
| | আমাদের বিচার ব্যবস্থায় কোনো জুরি সিস্টেম নাই। কিন্তু এ সিস্টেম করা উচিত। এর মাধ্যমে বিচারকদের মধ্যে ঘুষের প্রবনতা কমে যাবে। | | MAHBUBUR RAHMAN | ২৫৪৫৫ | mahabub.sheikh2001@gmail.com |
| | সংবিধান সংস্কারের ক্ষেত্রে যে সংস্কারগুলো জরুরি:<br>১. আনুপাতিক প্রতিনিধিত্বমূলক নির্বাচন ব্যবস্থা।<br>২. প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপ্রতির ক্ষমতার সমতা বিধান করা।<br>৩. পুলিশকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে বের করে আলাদা পুলিশ কমিশন গঠন করা। | | ফাইছাল আহমেদ | ২৫৭৫৭ | faisalahmedtopper101@gmail.com |
| | ৪. হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টকে 'হিন্দু ফাউন্ডেশন'-এ উন্নীত করতে হবে। পাশাপাশি বৌদ্ধ ও খ্রিষ্টানধর্মীয় কল্যাণ ট্রাস্টকেও ফাউন্ডেশনে উন্নীত করতে হবে;<br>৫. 'দেবোত্তর সম্পত্তি পুনরুদ্ধার ও সংরক্ষণ আইন' প্রণয়ন এবং 'অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন' যথাযথ বাস্তবায়ন করতে হবে;<br>৬. সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় কলেজের সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য উপাসনালয় নির্মাণ এবং প্রতিটি হোস্টেল প্রার্থনাকক্ষ বরাদ্দ করতে হবে;<br>৮. শারদীয় দুর্গাপূজায় পাঁচ দিন ছুটি দিতে হবে। পাশাপাশি প্রতিটি সংখ্যালঘু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসবে প্রয়োজনীয় ছুটি দিতে হবে। | ১ | সুজন তরফদার | ২৫৮০৯ | sujan19math@gmail.com |
| | MBBS এবং BDS ব্যাতিত বাংলাদেশ এ কেউ যাতে নামের আগে চিকিৎসক পদবী ব্যাবহার এবং স্বাস্থ্য সেবা প্রদান করতে না পারে সে বিষয়ে আইন করতে হবে। চিকিৎসক দের উপর শারিরীক বা মানসিক আক্রমণ প্রতিরোধে আলাদা শাস্তির বিধান করতে হবে। সিভিল সার্জন এর আন্ডারে সব জেলা এবং উপজেলা লেভেলে স্বাস্থ্য সেবা মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে মনিটরিং এর উদ্দেশ্যে, যেকোনো ঔষধের যৌক্তিক দাম নির্ধারনে আলাদা কমিশন করতে হবে এবং প্রেস্ক্রিপশন ব্যাতিত বা নকল ঔষধ বিক্রির জন্য সর্বোচ্চ মৃত্যুদন্ডের বিধান আইন করতে হবে।ভুল প্র্যাক্টিস এর জন্য রোগীর ক্ষতি সাধন হলে বা চিকিৎসক অধিকার সংরক্ষণ এর জন্য আলাদা স্বাস্থ্য কোর্ট গঠন করতে হবে। সকল চিকিৎসক কে রাষ্ট্রীয় নীতিমালা বা কাঠামো তৈরি করে তার আওতায় আনতে হবে,সরকারি চিকিৎসক দের বেসরকারি প্র্যাক্টিস বন্ধ করতে হবে। জনস্বাস্থ্যে কোনো ঝুকিপূর্ণ অবস্থা তৈরি হলে তার জন্য দায়ী ব্যাক্তি বা সংস্থা কে জরিমানার আইন করতে হবে। | | | ২৫৯৮৯ | |
| | যদি কোনো ব্যাক্তির শারীরিক অক্ষমতা না থাকে, সেক্ষেত্রে 16 বছর বয়সের পর থেকে পড়াশোনার পাশাপাশি নিজের দায়িত্ব তার নিজের ওপর বর্তাবে। এক্ষেত্রে সরকার থেকে সর্বোচ্চ সহযোগিতা নিশ্চিত করতে হবে। | | বুশরা মারদিয়া | ২৬০৫৫ | mardiabushra2@gmail.com |

| বিষয় | সুপারিশ | সংখ্যা, কতজন সুপারিশ করেছেন | ব্যক্তির নামের তালিকা | সিরিয়াল নম্বর | ইমেইল অ্যাড্রেস |
|---|---|---|---|---|---|
| | যেসব দল বা ব্যক্তি সরকারে থাকা অবস্থায় স্বৈরাচার বা ফ্যাসিস্ট শাসন কায়েম করবে দলকে এবং সংশ্লিষ্টদের সংবিধানে অন্তত ১০ বছর রাজনীতি থেকে দূরে রাখার শাস্তি বিধান করা। | | | ২৬০৬৮ | |
| | ১. তত্ত্বাবধায়ক সরকার গঠনের পরে প্রধানমন্ত্রী, মন্ত্রী, এমপি, জেলা চেয়ারম্যান, উপজেলা চেয়ারম্যান, মেয়র, ইউনিয়ন চেয়ারম্যান সকলের সম্পদের হিসাব দিতে হবে। | ১ | MD. RAHAT PARVEZ | ২৬০৮৯ | eramrahat7@gmail.com |
| | ২. প্রবাসীদের ইমিগ্রেসনে সম্পূর্ণ নিরাপত্তা ও নানা সুযোগ সুবিধার কথা উল্লেখ থাকতে হবে ও বহি বিশ্বে থেকে আনা পন্যের ভ্যাট-ক্যালকুলেশন সহজীকরণ সহকারে অনলাইনে ও ফ্রি বই আকারে প্রত্যেকটি ইমিগ্রেশন অফিসে প্রদানের বিষয়ে উল্লেখ থাকতে হবে।<br>৩. প্রবাসী ও সকল জনগণের সাথে আইনশৃঙ্খলা বাহিনীর অবশ্যই সম্মানের সহিত কথা বলার বিশেষ আদেশ উল্লেখ থাকতে হবে। (এই আদেশ অমান্য করলে সরকারের পক্ষ থেকে দ্রুততার সাথে বহিষ্কারের ব্যবস্থা থাকতে হবে।)<br>৪. জনগণের বাক স্বাধীনতা হরণ করা হলে যেকোনো মুহূর্তে রাষ্ট্রপতি সংসদ ভেঙে দেওয়ার ক্ষমতা সংবিধানে স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।<br>৫. প্রতি অর্থবছরের সকল খাতসমূহের খরচের হিসাব ও ব্যয়ের ধরন অর্থবছরের মধ্যবর্তী ও সমাপনী আকারে জনগণের উদ্দেশ্যে উন্মুক্তি ও সহযোগীকরণভাবে প্রকাশ করতে হবে।<br>৬. আইন ও বিচার বিভাগ রাজনীতি মুক্ত রাখাতে হবে।<br>৭. সকল ধরনের সরকারি, সাহিত্য শাসিত ও বেসরকারি অফিস রাজনীতিমুক্ত করতে হবে।<br>৮. স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে ছাত্র রাজনীতিমুক্ত রাখতে হবে। | | | | |
| | যে যেই বিষয় নিয়ে পড়তে চায় তাকে সেই বিষয়ে পড়ার সুযোগ করে দিন। ৯-১০ থেকেই বিষয় ভাগ করার সুযোগ করে দিন। তাহলে বাচ্চারা ছোটবেলা থেকেই উদ্ভাবন ও নতুন কিছু করার চেষ্টা করবে।ঐ বিভাগের অন্যান্য বিষয় ঐচ্ছিক করে দিন। | | | ২৬৯০৩ | |
| | ১. বিদ্যমান সংবিধানের ৩৯ অনুচ্ছেদে 'সংবাদক্ষেত্রের স্বাধীনতা'র স্থলে 'গণমাধ্যমের স্বাধীনতা' লেখা ভালো। এর মধ্য দিয়ে বিষয়টি আরও স্পষ্ট হবে। সেইসঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে কথা বলা ও লেখার স্বাধীনতার বিষয়টিও যুক্ত করা উচিত।<br>২. বাহাত্তর সালে বাংলাদেশের জনসংখ্যা ছিল সাড়ে সাত কোটি। তখন যে বাস্তবতায় সংসদের আসন ছিল ৩০০, সেটি এখন নেই। এখন দেশের জনসংখ্যা সেই তুলনায় বেড়েছে প্রায় তিন গুণ। অতএব সংসদের আসন সংখ্যা বাড়ানো উচিত এবং জনসংখ্যা অনুযায়ী আসন বিন্যাস করা উচিত।<br>৩. সংবিধানের ৪২ অনুচ্ছেদে জমির মালিকানার সীমারেখা ঠিক করে দেওয়া দরকার। যাদের বেশি সম্পদ আছে, সেটি গরীবদের মাঝে বণ্টন করে দেওয়া উচিত।<br>৪. আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সরকারি কর্মচারীদের জবাবদিহির আওতায় রাখতে সব ধরনের দায়মুক্তির বিধান ও আইন বাতিল হওয়া উচিত।<br>৫. ডিজিটাল কালো আইনে যে সকল অসঙ্গতি আছে, তা ঠিক করা দরকার।<br>৬. চলতি ভাষায় লেখা।<br>৭. অসাম্প্রদায়িক কথা টা উল্লেখ করা।<br>৮. এ মহিলা'র বদলে 'নারী' শব্দটি প্রতিস্থাপন করা উচিত।<br>৯. বিচারকদের অপসারণের জন্য সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের বিধান পুনর্বহাল করা উচিত।<br>১০. সরাসরি চাকরিজীবী, প্রধান বিচারপতি, নির্বাচন কমিশনার, সব কিছুর প্রধান রা নির্দলীয় হবেন। | | অনিল কুমার সুজন | ২৭১৬৫ | anilkumar.econ.rub@gmail.com |
| | সংবিধানের একটি "Sunset Clause" থাকতে হবে। অর্থাৎ একটি নির্দিষ্ট সময় পর সংবিধান সয়ংক্রিয়ভাবে বিলুপ্ত/রহিত হয়ে যাবে এমন অনুচ্ছেদ সংবিধানে থাকা উচিত। কেননা, ২/৩ প্রজন্ম পর পরই বা প্রতি ৫০ বছর পর পরই পৃথিবীতে ব্যাপক পরিবর্তন আসে। সংস্কৃতি, সভ্যতা থেকে শুরু করে বিজ্ঞান, সমাজ ও রাষ্ট্রীয় কাঠামোর দর্শন সবকিছুতে এক ধরণের নতুনত্ব আসে। নতুন প্রজন্মের উপর ৫০/৬০ (সময়টা কম বেশি হতে পারে) বছর পুরনো সংবিধান ঘষামাজা করে চাপিয়ে না দিয়ে নতুন করে সংবিধাণ তৈরি করার বাধ্যবাধকতা সংবিধাণেই সন্নিবেশিত করা উচিত। যেমন: আজ থেকে ৫০ বছর পূর্বে আমরা ভাবতেই পারতাম না পিতা মাতার ভরণপোষণের জন্য আইন প্রয়োজন আছে। কিন্তু দেখুন ২০১৩ সালে পিতা মাতার ভরণপোষণ আদায়ের জন্য আমাদের আইন করতে হয়েছে। এমন পরিবার, সমাজ, রাষ্ট্রীয় কাঠামোতে এমন অনেক বিষয়ে আমাদের দর্শনে পরিবর্তন আসে সময়ের সাথে। ১৯৭২ সালে ইন্টারনেট এবং তথ্য প্রযুক্তি যে অবস্থায় ছিল তারচেয়ে কয়েকশো গুন পরিবর্তিত অবস্থায় আছে ২০২৪ সালে। ২০৭৪ সালে কেমন থাকবে আমরা জানিনা। ধারণা করতে পারি পৃথিবী অনেক বদলে যাবে। ইতিহাস পর্যালোচনা করলেও আমরা তাই দেখি যে প্রতি ৫০/৬০ বছর অন্তরে পৃথিবীতে ব্যাপক পরিবর্তন আসে। সার্বিক বিবেচনায় সংবিধানকে অবিনশ্বর না করে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত এর আয়ষ্কাল বেঁধে উচিত মনে করি। | | ROKIBUL HASAN | ২৭১৮৮ | rokibulshanto4@gmail.com |

# অনলাইন পিডিএফ থেকে প্রাপ্ত জনগণের মতামত

| বিষয় | সুপারিশ | সুপারিশকারীর সংখ্যা |
|---|---|---|
| **প্রজাতন্ত্র** | জাতির পিতা-এর বিধান বাতিল করুন | ১১০ |
| | জাতির পিতার প্রতিকৃতি সংক্রান্ত ৪ (ক) অনুচ্ছেদটি বাতিল করতে হবে | ১৭৫ |
| | সরকারি প্রতিষ্ঠানে রাষ্ট্রপতি অথবা প্রধানমন্ত্রীর ছবি টানিয়ে রাখার বিধান বাতিল করতে হবে | ১১৫ |
| | জাতির জনক হবেন ৪ জন। মওলানা আব্দুল হামিদ খান ভাসানী, আতাউল গণি ওসমানী, শেখ মুজিবুর রহমান, তাজউদ্দীন আহমেদ | ৫ |
| | জাতীয় সঙ্গীত পরিবর্তন করুন | ৬০ |
| | জাতীয় সঙ্গীত হবে 'ইঞ্চি ইঞ্চি মাটি' | ১ |
| | জাতীয় সংগীত হবে 'আবার জমবে মেলা, বটতলা হাটখোলা' (লোকমান ফকির রচিত) | ১ |
| | বাংলাদেশের রাষ্ট্রীয় নাম হবে 'গণতান্ত্রিক ইনসাফভিত্তিক বাংলাদেশ' | ১১ |
| | দেশের সরকারি নাম হোক বাংলাদেশ | ১০ |
| | দেশের নাম হবে 'বাংলাদেশ রাষ্ট্র' | ২৫ |
| | বাংলাদেশ ফেডারেশন | ২ |
| | দেশের নাম হবে 'গণতান্ত্রিক বাংলাদেশ সরকার' | ২১ |
| | দেশের নাম হবে 'ইসলামিক প্রজাতন্ত্র বাংলাদেশ' | ৫০ |
| | ইউনাইটেড স্টেটস অব বাংলাদেশ | ১ |
| | গণপ্রজাতন্ত্রী শব্দের পরিবর্তে লোকতন্ত্র হবে | ১০ |
| | প্রজাতন্ত্র শব্দ বাদ দিতে হবে | ৩৬ |
| | জনগণতন্ত্র করতে হবে | ৯ |
| | মুক্তিযুদ্ধ হবে রাষ্ট্রের মূলভিত্তি | ৩৬ |
| | রাষ্ট্রভাষা বাংলা ও আরবি করা হোক | ৯ |
| | কাজী নজরুল ইসলামকে জাতীয় কবি | ৩ |
| | জাতীয় কবি হবেন 'জসীম উদ্দীন' | ১ |
| | জাতীয় পতাকায় মানচিত্র অর্ন্তভুক্ত করা হোক | ২ |
| | জাতীয় শ্লোগান- ইনকিলাব জিন্দাবাদ, বাংলাদেশ জিন্দাবাদ | ২ |

| বিষয় | সুপারিশ | সুপারিশকারীর সংখ্যা |
|---|---|---|
| **রাষ্ট্র পরিচালনার মূলনীতি** | ইসলামিক প্রজাতন্ত্র/কুরআন ও সুন্নাহর আলোকে/শরিয়াহভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে হবে | ১৮০ |
| | আল্লাহ ও রাসূলের প্রতি পূর্ণ বিশ্বাস ও আনুগত্য, সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়পরায়ণতা-তৎসহ এই নীতি-আদর্শের সহিত সঙ্গতিপূর্ণ বিষয় হবে রাষ্ট্র পরিচালনার মূলনীতি | ৫৫ |
| | আল্লাহর প্রতি আস্থা, ইনসাফ, সম্প্রীতি ও কল্যাণকামিতা | ৪৩ |
| | ৪ মূলনীতি বাতিল হোক | ৯২ |
| | ৪ মূলনীতি রাখা হোক | ১১ |
| | চার মূলনীতি নতুন করে লিখুন: আল্লাহর ওপর আস্থা ও বিশ্বাস+ন্যায়বিচার+সাম্য+গণতন্ত্র | ২৬ |
| | মূলনীতি হবে দুটি: গণতন্ত্র ও জাতীয়তাবাদ | ১৮ |
| | মূলনীতির লঙ্ঘন হলে সেটি আদালতের মাধ্যমে কার্যকর করতে হবে | ১১ |
| | সমাজতন্ত্র বাদ দিয়ে সাম্য ও মানবাধিকার ও ন্যায়বিচার অন্তর্ভুক্ত করা হোক | ৪৬ |
| | সংবিধান থেকে ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্র বাদ দিতে হবে | ৮০ |
| | ধর্মনিরপেক্ষতা শব্দ বাদ দিয়ে সৃষ্টিকর্তার প্রতি পূর্ণ আস্থা ও ধর্মীয় স্বাধীনতা শব্দটি যোগ করতে হবে | ৬ |
| | ইসলামী ধর্মতন্ত্র/মদীনা সনদ | ৫৫ |
| | মূলনীতি হবে ধর্ম-বর্ণ নির্বিশেষে বৈষম্যহীন সমাজ ও ন্যায়বিচার/ সাম্য, মানবিক মযাদা ও ন্যায়বিচার | ৩২ |
| | কল্যাণমুখী রাষ্ট্রকে মূলনীতি হিসেবে যুক্ত | ২৩ |
| | জাতীয়তাবাদের পরিবর্তে মানবতাবাদকে মূলনীতি করতে হবে | ৯ |
| | বাঙালি জাতীয়তাবাদ বিলুপ্ত করে বাংলাদেশী জাতীয়তাবাদ লিখতে হবে | ৫২ |
| | প্রতিটি প্রতিষ্ঠানকে জবাবদিহির আওতায় আনতে হবে | ৩০ |

| বিষয় | সুপারিশ | সুপারিশকারীর সংখ্যা |
|---|---|---|
| | শুধুমাত্র গণতন্ত্র থাকবে মূলনীতি | ১০ |
| | মৌলিক অধিকার নিশ্চিত করা | ১৩৬ |
| | অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা মৌলিক মানবাধিকার | ১১ |
| | মানসম্পন্ন খাদ্য, প্রয়োজনীয় বস্ত্র, সুচিকিৎসা, মানসম্মত শিক্ষা, প্রয়োজনীয় বাসস্থান, বাকস্বাধীনতা | ৭৬ |
| | জাতি হিসেবে শুধু 'বাঙালি' নয় বরং নিজ নিজ জাতিসত্ত্বার পরিচয় দেয়ার সুযোগ রাখতে হবে | ৩২ |
| | গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে | ৬৭ |
| | আইনের শাসন, জবাবদিহিতা, সাম্য ও মানবিক মর্যাদা | ১ |

| বিষয় | সুপারিশ | সুপারিশকারীর সংখ্যা |
|---|---|---|
| **ধর্ম** | রাষ্ট্র ধর্ম ইসলাম রাখা হোক/ধর্ম নিরপেক্ষতা বাদ দেয়া হোক | ২২৩ |
| | রাষ্ট্র ধর্ম বাদ দেয়া হোক/ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র হোক/ধর্মীয় স্বাধীনতা | ৭০ |
| | ধর্ম নিরপেক্ষ মতবাদ বাদ দিয়ে অবাধ ধর্মীয় স্বাধীনতা ঘোষণা করতে হবে | ১৪ |
| | সংখ্যাগরিষ্ঠ মুসলিম সম্প্রদায়ের অনুভূতিতে আঘাত করে এমন কিছু অন্তর্ভুক্ত না করা। | ৬০ |
